## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট)
শিক্ষাবর্ষ : ২০১৮-২০১৯ [সকাল]

### বাংলা-৩৫

**1. কোনটি বিদেশি তদ্ধিত প্রত্যয় বা শব্দ প্রত্যয়ের উদাহরণ নয়?**
A. কারখানা B. দোকানদার
C. জমকালো D. আতরদান

**ব্যাখ্যা: নিচে গুরুত্বপূর্ণ কিছু বিদেশি তদ্ধিত প্রত্যয় :**
- দার - তাঁবেদার দোকানদার, খবরদার, বুটিদার, দেনাদার।
- বাজ - কলমবাজ, ধড়িবাজ, ধোঁকাবাজ, গলাবাজ।
- বন্দি - জবানবন্দি, সারিবন্দি, নজরবন্দি।
- সই - জুতসই, চলনসই, মানানসই, টেকসই।
- ওয়ালা - বাড়িওয়ালা, দিল্লিওয়ালা, দুধওয়ালা।
- দান - আতরদান
- কারখানা - কার + খানা
- জমকালো - জমক + আলো (বাংলা তদ্ধিত প্রত্যয়যোগে গঠিত)

**Ans : C.**

**2. কোন কবিতায় ঐতিহ্যসচেতন শেকড়সন্ধানী মানুষের সর্বাঙ্গীণ মুক্তির ঘোষণা ব্যক্ত হয়েছে?**
A. আমি কিংবদন্তির কথা বলছি B. রক্তে আমার অনাদি অস্থি
C. নূরলদীনের কথা মনে পড়ে যায় D. লোক-লোকান্তর

**ব্যাখ্যা: 'আমি কিংবদিন্তির কথা বলছি' কবিতার গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- ঐতিহ্যসচেতন শেকড়সন্ধানী মানুষের - মুক্তির ঘোষণা ব্যক্ত হয়েছে এই কবিতায়।
- কবিতার প্রেক্ষাপট - বাঙালি সংস্কৃতির হাজার বছরের ইতিহাস।
- কবি মানবমুক্তির আকাঙ্ক্ষায় সোচ্চার হন - পৌনঃপুনিক ভাবে।
- কবির বর্ণিত ইতিহাস - মাটির কাছাকাছি মানুষের ইতিহাস।
- কবি মনে করেন মুক্তির পূর্ব শর্ত - যুদ্ধ।
- প্রবহমান নদীর কথা বলতেন - কবির মা।
- যে কবিতা শুনতে জানে না - সে মায়ের কোলে বসে গল্প শুনতে পারে না।

**Ans : A.**

**3. বিশ্বাসঘাতকতা ও দেশদ্রোহিতার বিরুদ্ধে ঘৃণা প্রকাশিত হয়েছে কোন কবিতায়?**
A. বিভীষণের প্রতি মেঘনাদ B. আঠারো বছর বয়স
C. তাহারেই পড়ে মনে D. রক্তে আমার অনাদি অস্থি

**ব্যাখ্যা: 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতা সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- কবিতায় কবি বিভীষণের/লক্ষ্মণের মাধ্যমে বিশ্বাসঘাতকতার ও দেশদ্রোহিতার বর্ণনা দিয়েছে।
- বিশ্বাসঘাতক - বিভীষণ; দেশ প্রেমিক - মেঘনাদ।
- নিকুম্ভিলা যজ্ঞাগারে প্রবেশ করেছে - লক্ষ্মণ।
- লক্ষ্মণকে বলা হয়েছে - কাপুরুষ, দুরাচার দৈত্য।
- নিজ কর্ম দোষে মজাইছে লঙ্কা - রাবণ।

**Ans : A.**

**4. কোনটিতে 'লাল' শব্দটি স্পষ্টতই বিশেষণ?**
A. লালটাই ওর পছন্দ B. আমার প্রিয় রং লাল
C. ওর জামাটা লাল D. চারপাশে লালের ছড়াছড়ি

**ব্যাখ্যা:** • **বিশেষ্য :** যা দ্বারা কোন কিছুর নাম বুঝায়, তাই বিশেষ্য।
• **বিশেষণ :** যা দ্বারা কোনকিছুর দোষ, গুণ, অবস্থা, সংখ্যা পরিমাণ ইত্যাদি বুঝায় তাই বিশেষণ।
• অপশন A, B ও D তে 'লাল' দ্বারা নাম বোঝাচ্ছে। অপশন C তে 'লাল' দ্বারা জামার অবস্থা বোঝাচ্ছে।

**Ans : C.**

**5. 'আমাকে সেই অস্ত্র ফিরিয়ে দাও'- 'সেই অস্ত্র' কবিতায় কবি কোন অস্ত্রের প্রত্যাশা করেছেন?**
A. ভালোবাসা B. স্নেহ
C. দয়া D. ক্ষমা

**ব্যাখ্যা: আহসান হাবীবের 'সেই অস্ত্র' কবিতার গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- এই কবিতায় সেই অস্ত্র বলতে - ভালোবাসাকে বোঝানো হয়েছে।
- নক্ষত্রখচিত আকাশ থেকে আগুন ঝরবেনা - মানব বসতির বুকে।
- বিধ্বস হবেনা কোন নগরী? - ট্রয়নগরী।
- পৃথিবীতে ব্যাপ্ত করো - অমোঘ অস্ত্র ভালোবাসা।
- আগুন জ্বলবেনা - ফসলের মাঠে।
- 'ভালোবাসা' নামক অস্ত্র উত্তোলিত হলে - অরণ্য আরো সবুজ হবে।
- এই অবিনাশী অস্ত্র উত্তোলিত হলে আগুন জ্বলবেনা - ফসলের মাঠে।

**Ans : A.**

**6. পৃথিবীর প্রথম জাদুঘর কোথায় স্থাপিত হয়েছিল?**
A. ব্রিটেনে B. ফ্রান্সে
C. ইতালিতে D. আলেকজান্দ্রিয়ায়

**ব্যাখ্যা: 'জাদুঘরে কেন যাব' রচনার গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- পৃথিবীর প্রথম জাদুঘর স্থাপিত হয় - আলেকজান্দ্রিয়ায়।
- হার্মিটেজ হলো - সন্ন্যাসীর নির্জন আশ্রম, মঠ।
- বাংলাদেশে প্রথম জাদুঘর স্থাপিত হয় - রাজশাহীতে।
- বাংলাদেশে জাতীয় জাদুঘর স্থাপিত হয় - ১৯১৩ সালে।
- রাণী ভিক্টোরিয়ার নামাঙ্কিত স্মৃতিসৌধ - ভিক্টোরিয়া মেমোরিয়াল।
- লেখক বাঙালির আত্মপরিচয় লাভ করেছে - হাজার বছরের পুরোনো ইতিহাস ও সমৃদ্ধ সংস্কৃতির নমুনা থেকে।
- জাদুঘর কোন পরিচয় বহন করে? - জাতিসত্তার পরিচয়।

**Ans : D.**

**7. 'লোক-লোকান্তর' কবিতায় কবিসত্তাকে কিসের প্রতীকে প্রকাশ করা হয়েছে?**
A. বিচ্ছিন্নতা বোধের বেদনা B. চিরায়ত বাংলা
C. চিত্রকল্পের মালা D. সাদা পাখি

**ব্যাখ্যা: আল মাহমুদের 'লোক লোকান্তর' কবিতার গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- কবির চেতনা (সত্তার প্রতীক) কেমন? - সাদা পাখির মত।
- ছন্দপ্রথা - অক্ষরবৃত্ত ছন্দে রচিত।
- শাদা পাখি বসে আছে - সবুজ অরণ্যে, চন্দনের ডালে।
- চোখ এর রং - কাটা সুপারির মত, পা- সবুজ, নখ - লাল।
- চেতনার মণি উজ্জ্বল হলে - কেটে যাবে, ছিরে যাবে সব বাঁধুনি।
- সাদা পাখিটির ঠোঁট মাখামাখি হয়ে আছে - সুগন্ধ পরাগে।
- বনচারী বাতাসে দোলা দেয় - পানলতা।

**Ans : D.**

**8. কোনটি অলুক দ্বন্দ্বের উদাহরণ নয়?**
A. ঘরে-বাইরে B. পথে-ঘাটে
C. তেলে-বেগুনে D. তেলে-ভাজা

**ব্যাখ্যা: অলুক দ্বন্দ্ব সমাস :** যে দ্বন্দ্ব সমাসে সমস্যামান পদ সমূহের বিভক্তি লোপ পায় না তাকে অলুক দ্বন্দ্ব সমাস বলে।
যেমন : দেশে ও বিদেশে - দেশে বিদেশে
ঘরে ও বাইরে - ঘরে বাইরে
পথে ও ঘাটে - পথে ঘাটে
তেলে ও বেগুনে - তেলে বেগুনে
জ্বলে ও স্থলে - জ্বলে স্থলে।

**Ans : D.**

**9. 'মসজিদ এই, মন্দির এই, গির্জা এই হৃদয়'- কোন কবিতার চরণ?**
A. ঐকতান B. সাম্যবাদী
C. এই পৃথিবীতে এক স্থান আছে D. তোমার আপন পতাকা

**ব্যাখ্যা: কাজী নজরুল ইসলাম এর 'সাম্যবাদী' কবিতার গুরুত্বপূর্ণ কিছু চরণ-**
- মসজিদ এই , মন্দির এই, গির্জা এই হৃদয়।
- এইখানে বসে ঈসা মুসা পেল সত্যের পরিচয়।
- এই রণ-ভূমে বাঁশির কিশোর গাহিলেন মহা-গীতা।
- এই মাঠে হলো মেষের রাখাল নবিরা খোদার মিতা।
- এই হৃদয়ের ধ্যান-গুহা মাঝে বসিয়া শাক্যমুনি।
- ত্যজিল রাজ্য মানবের মহা-বেদনার ডাক শুনি।

**Ans : B.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**10. 'অপরিচিতা' গল্পটি প্রথম সংকলিত হয় কোন গ্রন্থে?**

A. গল্পগুচ্ছ  B. গল্পসপ্তক  C. গল্পসল্প  D. গল্প সংকলন

**ব্যাখ্যা: 'অপরিচিতা' গল্পের গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- গল্পটি প্রথম প্রকাশিত হয় - 'সবুজপত্র' পত্রিকায় (১৯১৪)।
- গল্পটি প্রথম সংকলিত হয় - গল্পসপ্তক গ্রন্থে।
- পরবর্তীতে সংকলিত হয় - গল্পগুচ্ছের ৩য় খন্ডে (১৯২৭)।
- এই গল্পে যৌতুকের বিরুদ্ধে প্রতিরোধ করে - নারী-পুরুষ উভয় চরিত্র।
- গল্পকথক একজন - ব্যক্তিত্বরহিত, পরিবারতন্ত্রের কাছে পুতুলমাত্র বৈশিষ্ট্যমন্ডিত পুরুষ।
- গল্পটি একটি - ব্যাঙ্গার্থক এবং উত্তম জবানিতে রচিত গল্প।

**Ans : B.**

**11. 'যার নিজের ধর্মে বিশ্বাস আছে, যে নিজের ধর্মের সত্যকে চিনেছে, সে কখনো অন্য ধর্মকে ঘৃণা করতে জানে না'- কোন রচনায় সন্নিবেশিত হয়েছে?**

A. বিড়াল  B. অপরিচিতা  C. আহ্বান  D. আমার পথ

**ব্যাখ্যা: 'আমার পথ' প্রবন্ধের গুরুত্বপূর্ণ কিছু লাইন -**
- যার নিজের ধর্মে বিশ্বাস আছে, যে নিজের ধর্মের সত্যকে চিনেছে, সে কখনো অন্য ধর্মকে ঘৃণা করতে জানেনা।
- দেশের যারা শত্রু, দেশের যা কিছু মিথ্যা, ভন্ডামি, মেকি তা সব দূর করতে প্রয়োজন হবে আগুনের সম্মার্জনা।
- আমি কোন দিনই কারুর বাণীকে বেদবাক্য বলে মেনে নেবনা, যদি তার সত্যতা প্রাণেতার সাড়া না দেয়।
- মানুষে মানুষে যেখানে প্রাণের মিল, আদত সত্যের মিল, সেখানে ধর্মের বৈষম্য, কোন হিংসার দুশমনির ভাব আসেনা।
- একমাত্র মিথ্যার জলই এই শিখাকে নিভাতে পারবে। তাছাড়া কেউ নিভাতে পারবে না।

**Ans : D.**

**12. 'নূরলদীনের কথা মনে পড়ে যায়' কবিতায় নূরলদীন কিসের প্রতীক?**

A. অপার সম্মানের  B. চিরনিদ্রার
C. চিরায়ত প্রতিবাদের  D. চির আনুগত্যের

**ব্যাখ্যা: সৈয়দ শামসুল হকের 'নূরলদীনের কথা মনে পড়ে যায়' কবিতার গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- কবি প্রতিবাদের প্রতীকরূপে তুলে ধরেছেন - নূরলদীনকে।
- ছন্দ - গদ্যছন্দে রচিত (নাট্যকাব্য)।
- প্রথম লাইন - নিলক্ষ আকাশ নীল, হাজার হাজার তারা ঐ নীলে অগণিত আর।
- শেষ লাইন - দিবে ডাক, "জাগো বাহে, কোনঠে সবায়?"
- নূরলদীন ছিলেন - রংপুরের ব্রিটিশবিরোধী আন্দোলনের নেতা।

**Ans : C.**

**13. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার বৈশিষ্ট্য কোনটি?**

A. অষ্টক ও ষটক বিভাজন  B. গদ্যছন্দ ও প্রবহমান ভাষা
C. অন্ত্যমিল  D. পয়ার ছন্দ

**ব্যাখ্যা: শামসুর রাহমানের "ফেব্রুয়ারি ১৯৬৯" কবিতার গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- উৎস - 'নিজ বাসভূমে' কাব্যগ্রন্থ।
- এটি সংগ্রামী চেতনা, দেশপ্রেম ও গণজাগরণের কবিতা।
- কবিতাটি একুশের রক্তঝরা দিনগুলোতে স্বৈরশাসনের বিরুদ্ধে সংগ্রামী মানুষের মাহাত্মে প্রগাঢ়তা লাভ করেছে।
- বিশেষ বৈশিষ্ট্য - গদ্যছন্দ ও প্রবহমান ভাষা।
- প্রেক্ষাপট - ১৯৬৯ সালে পাকিস্তানি শাসকগোষ্ঠীর বিরুদ্ধে গণআন্দোলন।

**Ans : B.**

**14. মাদাম লোইসেলের স্বামী এক সন্ধ্যায় কী হাতে নিয়ে উল্লাসভরে বাড়ি ফিরলেন?**

A. কারুকাজ করা পর্দা  B. সুরুয়ার বড় বাটি
C. একটি বড় খাম  D. রূপোর উজ্জ্বল পাত্র

**ব্যাখ্যা: 'নেকলেস' গল্পের গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- লোইসেল সন্ধায় কোন জিনিস আনে - জনশিক্ষা অফিসারের বাসায় দাওয়াতের খাম আনে।
- ফোরসটিয়ার কাচের দরজা লাগানো গোপনকক্ষে - বড় একটি জড়োয়া গহনার বাক্স খুলে।
- তার স্বামী গহনা খুঁজে বাড়ি ফিরে - সকাল ৭ টায়।
- লোইসেল তার স্ত্রীর চেয়ে - পাঁচ বছর বড়।
- মাতিলদা রবিবার ঘুরছিল - চাম্পস এলিসিস-এ।

**Ans : C.**

**15. Fiction শব্দটির বাংলা পরিভাষা কোনটি?**

A. অনুষ্ঠান  B. কল্পনা
C. কথাসাহিত্য  D. কর্মতৎপরতা

**ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু পারিভাষিক শব্দ :**

| | | | |
|---|---|---|---|
| Fiction | কথাসাহিত্য | Designation | পদনাম |
| Oath | শপথ | Marketing | বিপনন |
| Quack | হাতুড়ে | Audio | শ্রুত্য |
| Hostage | জিম্মি | Catalogue | গ্রন্থতালিকা |
| Basic-Pay | মূল বেতন | Agenda | আলোচ্যসূচী |
| Campus | অঙ্গন | Lender | ঋণদাতা |

**Ans : C.**

**16. 'বিড়াল' এর প্রথমাংশ কোন ধরনের রচনা?**

A. ব্যঙ্গাত্মক  B. স্মৃতিচারণমূলক
C. হাস্যরসাত্মক  D. রোমাঞ্চকর

**ব্যাখ্যা: 'বিড়াল' প্রবন্ধের গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- এর প্রথমাংশ - হাস্যরসাত্মক এবং শেষাংশ - গূঢ়ার্থ।
- বঙ্কিমচন্দ্রের ধর্মসঞ্চয়ের মূলীভূত কারণ - বিড়াল।
- অধর্ম চোর এর নহে - অধর্ম কৃপণ ধনীর।
- বিড়ালকে বঙ্কিম চন্দ্র দিতে চায় - নিউমান ও পার্কের গ্রন্থ।
- বিড়ালের কথা সোসিয়ালিস্টিক - সমাজ বিশৃঙ্খলার মূল।

**Ans : C.**

**17. কোনটি চিৎকার করে কাঁদা বোঝায় ?**

A. কেঁদে ভাসানো  B. ডুকরে কাঁদা
C. গুমরে কাঁদা  D. কেঁদে কেটে হাট করা

**ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু বাগধারা :**
- চতুর্ভুজ হওয়া - অত্যন্ত উৎফুল্ল হওয়া। • কেঁদে কেটে হাট করা- চিৎকার করে কাঁদা।
- পঞ্চত্ব প্রাপ্ত - মারা যাওয়া। • ডুকরে কাঁদা - ফুঁপিয়ে ফুঁপিয়ে কাঁদা।
- গয়ংগচ্ছ - ঢিলেমি। • বর্ণচোরা আম - কপট ব্যক্তি।
- টি টি পড়া - কলঙ্ক। • নারদের ঢেঁকি - বিবাদের বিষয়।

**Ans : D.**

**18. 'যে আছে মাটির কাছাকাছি/সে কবির বাণী লাগি কান পেতে আছি।'- কোন কবিতার অংশ?**

A. ফেব্রুয়ারি ১৯৬৯  B. সেই অস্ত্র
C. ঐকতান  D. লোক-লোকান্তর

**ব্যাখ্যা: রবীন্দ্রনাথ ঠাকুরের 'ঐকতান' কবিতার গুরুত্বপূর্ণ কিছু লাইন :**
- তাই আমি মেনে নিই সে নিন্দার কথা
- আমার কবিতা, জানি আমি
- কৃষাণের জীবনের শরিক যে জন
- যে আছে মাটির কাছাকাছি

**Ans : C.**

**19. 'আহ্বান' গল্পের মূল ভাববস্তু কী?**

A. উদার মানবিক সম্পর্ক  B. চারিত্রিক সংকীর্ণতা
C. ধর্মীয় গোঁড়ামি  D. সামাজিক বৈষম্য

**ব্যাখ্যা: 'আহবান' গল্প সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- এই গল্পের মূল ভাববস্তু - উদার মানবিক সম্পর্ক।
- ভাষারীতি - সাধুভাষা।
- প্রথম লাইন - দেশের ঘরবাড়ি নেই অনেকদিন থেকেই।
- শেষ লাইন - সঙ্গে সঙ্গে মনে হলো ও বেঁচে থাকলে বলে উঠত, অ মোর গোপাল।
- উৎস - বিভূতিভূষণ রচনাবলি।
- বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় রবীন্দ্রপুরস্কার পান - ইছামতি উপন্যাসের জন্য।
- বিভূতিভূষণের জন্ম - ১৮৯৪ এবং মৃত্যু - ১৯৪৩ সালে।

**Ans : A.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**20. কোন প্রয়োগটি অপপ্রয়োগ?**

A. আমরা সন্তুষ্ট হয়েছি। B. কথাটি প্রমাণিত হয়েছে।
C. সিদ্ধান্ত গৃহীত হয়েছে। D. বিধি লজ্ঘন হয়েছে।

**ব্যাখ্যা:** • আমরা সন্তুষ্ট হয়েছি। - সঠিক।
• কথাটি প্রমাণিত হয়েছে। - সঠিক।
• সিদ্ধান্ত গৃহীত হয়েছে। - সঠিক।
• বিধি লজ্ঘন হয়েছে। - ভুল।
• বিধি লজ্ঘিত হয়েছে। - সঠিক।
• তিনি সস্ত্রীক ঢাকায় থাকেন। - সঠিক।
• প্রবেশ নিষিদ্ধ। - সঠিক।
• প্রবেশ নিষেধ। - ভুল।

**Ans : D.**

**21. 'এই পৃথিবীতে এক স্থান আছে' কবিতার মূল ভাববস্তু হচ্ছে-**

A. বাংলার সমাজ B. বাংলার ইতিহাস
C. বাংলার জনপদ D. বাংলার অনুপম সৌন্দর্য

**ব্যাখ্যা: জীবনানন্দ দাসের 'এই পৃথিবীতে এক স্থান আছে' কবিতার গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
• ভাবগত দিক থেকে এই কবিতার মূল উদ্দেশ্য - বাংলার অনুপম সৌন্দর্য বর্ণনা করা।
• প্রথম লাইন - এই পৃথিবীতে এক স্থান আছে - সবচেয়ে সুন্দর করুণ।
• শেষ লাইন - তাই-সে-জন্মেছে নীল বাংলার ঘাস আর ধানের ভিতর।
• ছন্দ - অক্ষরবৃত্ত ছন্দে রচিত।
• লেবুর শাখা নুয়ে থাকে - অন্ধকারে ঘাসের উপর।

**Ans : D.**

**22. মোতাহের হোসেন চৌধুরী শিক্ষাক্ষেত্রে জীবনবোধ ও মূল্যবোধ সৃষ্টির লক্ষ্যে কোনটিকে বিশেষ মূল্যবান বলেছেন?**

A. শিল্প-সাহিত্য B. নীরব সাধনা
C. সৌন্দর্যচেতনা D. সেবাব্রত

**ব্যাখ্যা: 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধের গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
• বস্তুজিজ্ঞাসা তথা বিজ্ঞান শিক্ষার প্রধান বিষয়বস্তু নয় বরং আত্মার উন্নতি এবং জীবনবোধ ও মূল্যবোধের অন্তর পরিপূর্ণ হয় সাহিত্য-শিল্পকলার দ্বারা।
• জীবনের তাৎপর্য উপলব্ধি সহজ হয় - বৃক্ষের দিকে তাকালে।
• নদীর গতিতে মনুষ্যত্বের দুঃখ যতোটা স্পষ্ট হয়ে ওঠে - বৃক্ষের ফুল ফোটানোয় তা ততো স্পষ্ট হয়ে ওঠে না।
• ব্যক্তিগত, পারিবারিক, জাতিগত অহংকার এর নিশান ওড়ানোয় নিষ্ঠুর ও বিকৃতবুদ্ধি মানুষের কাজ।
• আত্মা হলো - সুখ-দুঃখ - বেদনা উপলব্ধির ফলে অন্তরের পরিপক্বতা।

**Ans : A.**

**23. কোনটি ফরাসি ভাষা থেকে আগত নয়?**

A. আঁতাত B. পেশোয়া C. রেস্তোরাঁ D. রেনেসাঁস

**ব্যাখ্যা: নিচে গুরুত্বপূর্ণ কিছু ফরাসি শব্দ :**
• ফরাসি শব্দ : কার্তুজ, ক্যাফে, কুপন, ডিপো, রেস্তোরাঁ, ওলন্দাজ, দিনেমার, বুর্জোয়া, আঁতাত, গ্যারেজ, রেস্তোরাঁ, কুপন ইত্যাদি।
• পেশোয়া হলো ফারসি শব্দ।

**Ans : B.**

**24. কোন কবিতায় কবির ব্যক্তিজীবনের দুঃখময় ঘটনার ছায়াপাত ঘটেছে?**

A. ঐকতান B. আঠারো বছর বয়স
C. তাহারেই পড়ে মনে D. বিভীষণের প্রতি মেঘনাদ

**ব্যাখ্যা: সুফিয়া কামালের 'তাহারেই পড়ে মনে' কবিতার গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
• প্রকাশকাল - ১৯৩৫ (মাসিক মোহাম্মদী পত্রিকা)।
**কবিতার বিশেষ কিছু বৈশিষ্ট্য :**
• প্রকৃতি ও মানব মনের সম্পর্কের একটি গুরুত্বপূর্ণ দিক তাৎপর্যময় অভিব্যক্তি পেয়েছে।
• কবির ব্যক্তিজীবনের দুঃখময় ঘটনার ছায়াপথ ঘটেছে।
• আরেকটি লক্ষণীয় বৈশিষ্ট্য এর নাটকীয়তা।
• গঠনরীতির দিক থেকে এটি সংলাপনির্ভর কবিতা।

**Ans : C.**

**25. 'বিবর' শব্দের অর্থ কোনটি?**

A. বর্ণনা B. গর্ত
C. বরছাড়া D. বর্বর

**ব্যাখ্যা: নিচে গুরুত্বপূর্ণ কিছু শব্দার্থ :**

| | | | |
|---|---|---|---|
| বিবর | গর্ত | তাস | দীপ্তি |
| দীপ | বাতি | মতি | বুদ্ধি, মন |
| পীঠ | প্রতিষ্ঠান | মহিত | পূজিত |
| প্রমিত | প্রমাণিত | মেধ | যজ্ঞ |
| প্রমীত | বিনষ্ট | শকট | গাড়ি |
| পাড় | প্রান্ত | শতী | শতযুক্ত |

**Ans : B.**

**26. 'বায়ান্নর দিনগুলো' কোন ধরনের রচনা?**

A. স্মৃতিকথা B. পত্র রচনা
C. রম্য রচনা D. ভাষা আন্দোলন সংক্রান্ত প্রবন্ধ

**ব্যাখ্যা: 'বায়ান্নর দিনগুলো' থেকে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
• 'অসমাপ্ত আত্মজীবনী' হলো - স্মৃতিকথামূলক রচনা।
• শেখ মুজিবুর রহমান এই আত্মজীবনী লেখা শুরু করে সেন্ট্রাল জেলে রাজবন্দি থাকা অবস্থায়।
• "বায়ান্নর দিনগুলো" রচনায় ১৯৫২ সালে বঙ্গবন্ধুর জেলজীবন ও জেল থেকে মুক্তিলাভের স্মৃতি বিবৃত হয়েছে।
• শেখ মুজিব ও মহিউদ্দীন অনশন ধর্মঘট করেন - ১৯৫২ সালে।
• বঙ্গবন্ধুর মুক্তি হলেও মন খারাপ থাকার কারণ - মহিউদ্দীনের অর্ডার না আসা।
• মুজিবকে ঢাকা - নারায়ণগঞ্জ নেওয়া হয় ট্যাক্সিতে - আর ঢাকার কারাগার থেকে ভিক্টোরিয়া পার্কে নেওয়া হয় বন্ধ ঘোড়ার গাড়িতে।
• নিখিল ভারত 'মুসলিম লীগের' কাউন্সিলর ছিলেন - খয়রাত হোসেন।

**Ans : A.**

**27. "কী মিঞা তোমার দিলে কি ময়লা আছে?"- 'লালসালু' উপন্যাসে উক্তিটি কার?**

A. খালেক ব্যাপারীর B. মোদাব্বেরের
C. মজিদের D. পির সাহেবের

**ব্যাখ্যা: 'লালসালু' উপন্যাসের গুরুত্বপূর্ণ কিছু উক্তি :**
• কী মিঞা তোমার দিলে কি ময়লা আছে?- মজিদ।
• এক পীর সাহেব আইছেন না হেই গেরামে, তানি নাকি মরা মাইনষেরে জিন্দা কইরা দেন? - রহিমা।
• এ-বিচিত্র বিশাল দুনিয়ায় কী যাবার জায়গার কোনো অভাব আছে - মজিদ
• কি গো ধলামিয়া, বুঝলান নি আমার কথাডা - খালেক ব্যাপারী।
• ভরদুপুরে আমি আসুম নে পানিপড়া নিবার জন্য - ধলামিয়া।

**Ans : C.**

**28. 'এ দেশের বুকে আঠারো আসুক নেমে'- কোনটি কবির প্রত্যাশার মধ্যে পড়ে না?**

A. নিশ্চল প্রথাবদ্ধ জীবন ডিঙানো B. কল্যাণ ও সেবার ব্রত
C. চলার দুর্বার গতি D. দেহ-মনের স্থবিরতা

**ব্যাখ্যা: 'এদেশের বুকে আঠারো আসুক নেমে' এই চরণটি দ্বারা কবির প্রত্যাশা হলো :**
• নিশ্চল প্রথাবদ্ধ জীবন ডিঙানো।
• কল্যাণ ও সেবার ব্রত।
• চলার দুর্বার গতি (জীবনের চলিষ্ণুতা)।
• সাহসী, সুপুরুষ।
• শপথের কোলাহলে আত্মাকে সঁপে দেওয়া।
• পদাঘাতে পাথর ভাঙার প্রবণতা।

**Ans : D.**

**29. বিলাসিতার সঙ্গে কোন ভূত কৃষকদের কাঁধে চেপে বসেছে বলে বেগম রোকেয়া মনে করেছিলেন?**

A. অকর্মণ্যতা B. অলসতা
C. আরামপ্রিয়তা D. অনুকরণপ্রিয়তা

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**ব্যাখ্যা: 'চাষার দুক্ষু' প্রবন্ধ থেকে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- বিলাসিতার সঙ্গে কৃষকদের কাঁধে চেপেছে - অনুকরণপ্রিয়তা।
- তাহারা প্রতিবেশ বড়লোকদের অনুকরণ করে - আর্থিক অবস্থা সামান্য একটু স্বচ্ছল হইলেই।
- চাষার বৌ ঝির যাতায়াতের জন্য - সাওয়ারি চাই।
- ধান ভানিবার জন্য - ভারানি চাই।
- শিবিকাবাহকগণ পাল্কি লইয়া ট্রামে যাতায়াত করিলে - সভ্যতার চূড়ান্ত হইবে।

**Ans : D.**

**30. প্রমিত বানানের নিয়ম অনুসারে কোনটি শুদ্ধ নয়?**
A. বর্ণনা B. স্বর্ণকার C. তৃণভূমি D. গভর্ণর

**ব্যাখ্যা: নিচে গুরুত্বপূর্ণ কিছু সঠিক বানান :**

| ভুল | সঠিক | ভুল | সঠিক |
|---|---|---|---|
| বর্ননা | বর্ণনা | আশাড় | আষাঢ় |
| সর্নকার | স্বর্ণকার | পাসান | পাষাণ |
| তৃনভূমি | তৃণভূমি | কৃশক | কৃষক |
| গভর্ণর | গভর্নর (বিদেশি শব্দ) | ষ্টোর | স্টোর (বিদেশি শব্দ) |
| অনুকরন | অনুকরণ | ছস্ট | ষষ্ঠ |

**Ans : D.**

**31. 'সিরাজউদ্দৌলা' নাটকে বিশ্বাসঘাতকতা করেছে কারা?**
A. মোহনলাল, মীরজাফর B. রাইসুল জুহলা, ঘষেটি বেগম
C. সাঁফ্রে, মীরজাফর D. উমিচাঁদ, মীরজাফর

**ব্যাখ্যা: 'সিরাজউদ্দৌলা' নাটকের গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- মোহাম্মদি বেগ লাঠি ফেলে খাপ থেকে ছোরা খুলে সিরাজের শরীরের পিঠে আঘাত করে।
- সিরাজের সাথে বিশ্বাসঘাতকতা করে - উমিচাঁদ, মীরজাফর, রাজবল্লভ, ঘসেটি বেগম, মোহাম্মদি বেগ, মিরন।
- নারায়ণ সিংহকে গুলি করে হত্যা করে - ক্লাইভ।
- 'সিপাহসালার' অর্থ - সেনাপতি।
- জগৎশেঠ হলো - মানিকচাঁদের ভ্রাতুষ্পুত্র।

**Ans : D.**

**32. 'অনু' উপসর্গ বা অব্য প্রত্যয় কোন শব্দে 'পরে' অর্থ প্রকাশ করছে?**
A. অনুসর্গ B. অনুক্ষণ C. অনুপ্রবেশ D. অনুকার

**ব্যাখ্যা:** • অনু শব্দের অর্থ পরে বা পশ্চাতে, আর সর্গ অর্থ সৃষ্টি বা ব্যবহার। সুতরাং অনুসর্গ অর্থ যা পরে ব্যবহৃত হয়।
- বিভিন্ন অর্থে 'অনু' উপসর্গের ব্যবহার।
- পশ্চাৎ অর্থে - অনুসর্গ, অনুচার, অনুতাপ, অনুকরণ।
- সাদৃশ্য অর্থে - অনুবাদ, অনুকার, অনুরূপ।
- পৌনঃপুন অর্থে - অনুক্ষণ, অনুদিন, অনুশীলন।
- সঙ্গে অর্থে - অনুকূল, অনুকম্পা।

**Ans : A.**

**33. কোনটিতে আদ্য অ-ধ্বনির উচ্চারণ ও-বৎ হয় না?**
A. গ্রন্থ B. ক্রম C. হ্রস্ব D. ধন্য

**ব্যাখ্যা: নিচে অ-ধ্বনির গুরুত্বপূর্ণ কিছু উচ্চারণ -**

| শব্দ | উচ্চারণ | শব্দ | উচ্চারণ |
|---|---|---|---|
| গ্রন্থ | গ্রোন্থো | অনিকেত | অনিকেত্ |
| ক্রম | ক্রোম | অটুট | অটুট্ |
| হ্রস্ব | রশ্শো | সস্ত্রীক | শসৃত্রিক |
| ধন্য | ধোন্নো | অবিনাশ | অবিনাশ্ |
| অত্যাচার | ওত্তাচার | সমূল | শমূল্ |

**Ans : C.**

**34. মুক্তিযোদ্ধা শ্যালকের রেইনকোট গায়ে দিয়ে কে সাহস ও দেশপ্রেমে উজ্জীবিত হন?**
A. ড. আফাজ আহমদ B. আবদুস সাত্তার মৃধা
C. ইসহাক D. নুরুল হুদা

**ব্যাখ্যা: 'রেইনকোট' গল্পের গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- মুক্তিযোদ্ধা শ্যালকের রেইনকোট গায়ে দিয়ে সাহস ও দেশপ্রেমে উজ্জীবিত হয় - গল্পকথক নুরুল হুদা।
- নুরুল হুদা দরজার দিকে আগায় - দু'আ পড়তে পড়তে।
- নাশতার আমন্ত্রণ ফিরিয়ে দিয়ে ইসহাক বলে - "আব্দুস সাত্তার মিরধাকা ঘর যানে হোগা।
- মিন্টুর জন্য নুরুল হুদাকে - এক্সট্রা তটস্থ থাকতে হয়।
- বাসস্ট্যান্ডে পৌঁছে বাসের জন্য তাকাতে হয় - উত্তরে।

**Ans : D.**

**35. 'যুদ্ধের আয়োজন করে তৈরি হয়ে থাকে মাসি-পিসি'- কাদের বিরুদ্ধে যুদ্ধের কথা বলা হয়েছে?**
A. অত্যাচারী স্বামী B. গুণ্ডা-বদমাশ
C. পাকিস্তানি হানাদার D. দারিদ্র্য

**ব্যাখ্যা: 'মাসি-পিসি' গল্পের গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- যুদ্ধের আয়োজন করে মাসি-পিসি-গুন্ডা-বদমাশদের বিরুদ্ধে।
- আহ্লাদি ঘোমটা টেনে দেয় - সিঁথির সিঁদুর পর্যন্ত।
- কৈলাস ফাঁপরে পড়ে আহ্লাদির দিকে তাকায় - আড় চোখে
- "বজ্জাত হোক, খুনে হোক" কে বজ্জাত, খুনে? - জগু।
- শহরের বাজারে তরিতরকারির দাম - চড়া।
- আহ্লাদির শরীরে যে রঙের শাড়ি ছিল - সাদা।
- বাইরে থেকে মাসি-পিসির ঘরে হাঁক আসে - কানাই চৌকিদারের।

**Ans : B.**

## English : 35

**Read the passage below and answer the questions (1-7)**

Most human beings are awake during the day and sleep all night. Owls live the opposite way. Owls are nocturnal. This means that they sleep all day and stay awake at night. Because owls are nocturnal, this means they must eat at night. But finding food in the dark is difficult. To help them, they have special eyes and ears.

Owls have very large eyes. These eyes absorb more light than normal. Since there is little light during the night, it is helpful to be able to absorb more of it. This helps owls find food in the dark.

Owls also have very good hearing. Even when owls are in the trees, they can hear small animals moving in the grass below. This helps owls catch their prey even when it is very dark. Like owls, mice are also nocturnal animals. Mice have an excellent sense of smell. This helps them find food in the dark.

Being nocturanl helps mice to hide from the many different animals that want to eat them. Most of the birds, snakes, and lizards that like to eat mice sleep at night- except, of course, owls!

**1. In paragraph 3, the author writes, "This helps owls catch their prey even when it is very dark." based on its use in the passage, we can understand that the prey is-**
A. an animal that is hunted by other animals
B. a small animal such as a pet dog or cat
C. a noise that an animal makes during the night
D. an animals that hunts other animals

**ব্যাখ্যা:** Prey - an animal that is hunted by other animals
Paragraph-3 তে বলা আছে পেঁচা কীভাবে অন্ধকারে তার খাবার খুঁজে নেয়। পেঁচার তীক্ষ্ণ শ্রবণশক্তি তাকে ক্ষুদ্র প্রাণীদের নড়াচড়া বুঝতে সহায়তা করে, এর ফলে ঘন অন্ধকারেও পেঁচা শিকার করতে পারে। এখানে Prey মানে হচ্ছে এমন একটি প্রাণী সেটি শিকারি প্রাণী দ্বারা আক্রান্ত।

**Ans : A.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**2. If added to the end of this passage, which of the following conclusions would fit best?**

A. The owl is a nocturnal animal. This means it is active at night. The owl's excellent sense of sight and sound enable it to find food in the dark.

B. Mice are nocturnal animals. This means they are active at night. Similar to the owl, mice use their excellent sense of smell to find food in the dark.

C. Some animals are nocturnal. This means they are active at night. The owl and the mouse are good examples of nocturnal animals that use their senses to find food in the dark.

D. Both mice and owls are nocturnal. This means they are active at night. Because these animals are active at night, they must sleep during the day. This makes them especially vulnerable to attack from diurnal animals.

**ব্যাখ্যা:** এখানে, option 'C' তে যথার্থভাবে passage এর সারাংশ বুঝানো হয়েছে, কারণ writer এখানে নিশাচর প্রাণীদের সম্পর্কে বর্ণনা দিয়েছেন।
**Ans : C.**

**3. In paragraph 1, we learn that "Owls are nocturnal." The word diurnal is the opposite of the word nocturnal. Using information in the passage as a guide, we can understand that an animal that is diurnal**

A. hunts during the day and is awake at night
B. sleeps at night and is awake during the day
C. sleeps every other night and is awake during the day
D. hunts during the day and night

**ব্যাখ্যা:** Nocturnal (Adj.) - Active by night, happening during the high.
Diurnal (Adj.) - Active by day, happening during the day.
এখানে, diurnal এর সঠিক definition option 'B' তে পাওয়া যায়।
**Ans : B.**

**4. Based on information in paragraph 2, it can be understood that an animal with small eyess**

A. must be diurnal
B. can see very well at night
C. has trouble seeing in the dark
D. is likely to be eaten by an owl

**ব্যাখ্যা:** Paragraph 2 তে বলা আছে নিশাচর প্রাণীদের চোখ একটু বড় হয় এবং এই বড় চোখ তাদের অন্ধকারে দেখতে সাহায্য করে। সুতরাং, ছোট চোখের প্রাণীদের অন্ধকারে দেখতে অসুবিধা হবে। তাই সঠিক উত্তর option C
**Ans : C.**

**5. Based on information in the final paragraph, it can be understood that mice sleep during the day in order to-**

A. find food that other animals
B. store energy for night time activities
C. keep themselves safe
D. release stress

**ব্যাখ্যা:** শেষ paragraph এ বলা আছে, ইঁদুরে nocturn হবার কারনে রাতে অন্য প্রাণীদের শিকার হওয়া থেকে বেঁচে যায় তাই দিনের বেলায় ঘুমানো তাদের অন্য প্রাণীর আক্রমন থেকে safe রাখে। সুতরাং option C সঠিক হবে।
**Ans : C.**

**6. According to the passage, owls can find food in the dark using their sense of**

**I. sight** **II. sound** **III. smell**

A. I only
B. I, II and III
C. II and III only
D. I and II only

**ব্যাখ্যা:** Passage এ পেঁচার শিকারের বর্ণনায় তার sight এবং sound ব্যবহারের উল্লেখ আছে। smell এর কথা উল্লেখ করা নেই। সুতরাং option D সঠিক।
**Ans : D.**

**7. Based on information in the final paragraph, it can be understood that**

A. mice can hide from owls
B. owls hunt mice
C. mice and owls both hide from birds, snakes, and lizards
D. birds and snakes often hunt lizards

**ব্যাখ্যা:** Passage পড়ে বুঝা যায়, owl এবং mice দুটিই nocturnal হওয়ায় উভয়েই রাতে জেগে থাকে। তাই owl, mice কে hunt করতে পারে।
**Ans : B.**

**8. It is important that students____ their scripts before submitting them.**

A. check
B. would check
C. will check
D. checked

**ব্যাখ্যা:** Sentence টি subjunctive এর example.
এর structure : Subjunctive + that + subj + v (base fom) + obj
**Example :** He recommended that we leave early
অনুরূপভাবে এখানে, Important subjunctive word তাই It is important that students check their scripts before submitting them হবে।
**অন্যান্য Subjunctive words :**

| | | | | |
|---|---|---|---|---|
| Demand | Advise | Want | Offer | Insist |
| Allow | Ask | Prefer | Mandate | Forbid |
| Beg | Urge | Purpose | Intend | Reacquire |

**Ans : A.**

**9. Hardly____ home when it started raining.**

A. we arrived
B. did we arrive
C. had we arrived
D. could we arrive

**ব্যাখ্যা:** বাক্যের শুরুতে Hardly, Scarcely, Barely, Rarely, Seldom etc. এই word গুলো Auxiliary verb subject এর আগে চলে আসবে। Auxiliary না থাকলে do/does/did আসবে।
**Structure :** {Hardly, Barely, Scarcely, Rarely, Barely, Seldom} + Auxiliary + subject +......
**Example :** Scarcely had we reached the station when the train left.
অনরূপভাবে এখানে, Hardly had we arrive home when it started raining হবে।
**Ans : C.**

**10. I <u>believed</u> his story about having lost all of his money. How stupid I was! Choose the right option to replace the underlined word.**

A. fell for
B. fell out
C. fell to
D. fell in

**ব্যাখ্যা:** Fall for - কারো মিথ্যা আশ্বাসে বিশ্বাস করা
Fall out - ঝগড়া করা
Fall to - কোনো কিছু শুরু করা
Fall in - ভেঙ্গে পড়া
Fall off - কমে যাওয়া
Fall away - পরিত্যাগ করে চলে যাওয়া
Fall on - আক্রমণ করা
এখানে, মিথ্যা গল্প বিশ্বাস করা বুঝাতে fell for হবে।
**Ans : A.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**11. Alright. You___ stay as long as you don't make any noise.**

A. will B. can
C. could D. would

ব্যাখ্যা: ঠিক আছে, যতক্ষণ পর্যন্ত তুমি কোন শব্দ করবে না তুমি থাকতে পারবে। এখানে, পারবে অর্থ বুঝানোর জন্য can বসবে। যেহেতু বর্তমান কাল বুঝাবে তাই could হবো না। সুতরাং option 'B' সঠিক।

**Ans : B.** Subject verb agreement

**12. As they alway tell you the value of shares can go___ as well as up.** Group verb

A. across B. over
C. in D. down

ব্যাখ্যা: Go down - হ্রাস পাওয়া
Go across - ঠিকভাবে কাজ শেষ করা
Go in - ভেতরে যাওয়া
Go over - পুনরায় আলোচনা করা
Go through - পড়া
Go ahead - এগিয়ে যাওয়া
Go about - চেষ্টা করা

এখানে, শেয়ারের মূল্য হ্রাস পাওয়া বুঝাতে go down বসবে।

**Ans : D**

**13. I always like to get to an appointment in___ time.**

A. clear B. best
C. fine D. good

ব্যাখ্যা: Fine time - আনন্দের সময়
Good time - ঠিক সময়/যথা সময়ে কাজ করা।
এখানে, যথা সময়ে সাক্ষাৎ এর সময় নির্ধারণ করা বুঝাতে good time হবে।

**Ans : D.** phrase and idiom

**14. A burglar___ my house when I was away on vacation and stole some of my electronic goods.**

A. broke off B. broke into
C. broke open D. broke up

ব্যাখ্যা: Break off - থেমে যাওয়া
Break into - ভেঙ্গে প্রবেশ করা
Break open - হঠাৎ কিছু সংঘটিত হওয়া
Break up - সম্পর্ক ছিন্ন করা
Break out - ছড়িয়ে পরা
Break with - ঝগড়া করা

Group verb

এখানে চোর ঘরে ভেঙ্গে প্রবেশ করা অর্থে break into হবে।

**Ans : B.**

**15. I just can't seem to be able to find; they are so hard to____.** Group verb

A. come back B. come by
C. come out D. come across

ব্যাখ্যা: Come by - পাওয়া
Come out - প্রকাশ করা
Come round - সুস্থ হওয়া
Come across - হঠাৎ দেখা পাওয়া
Come back - ফিরে আসা
Come about - ঘটা

এখানে, তাদের পাওয়া কঠিন অর্থ বুঝাতে come by হবে।

**Ans : B.**

**16. I know but this time I___ it.** parallelism

A. have meant B. had meant
C. mean D. will mean

ব্যাখ্যা: And, But, or এইগুলো দ্বারা দুটি sentence যুক্ত থাকলে উভয় sentence এ same tense হবে।
এখানে, but দ্বারা যুক্ত দুটি sentence এর প্রথম অংশে present indefinite তাই পরের অংশেও present indefinite form হবে। সুতরাং option 'C' হবে।

**Ans : C.**

**17. How much of an___ did World War II have on Europe?** Confusing words

A. affect B. effects
C. effect D. affects

ব্যাখ্যা: Affect (v) - প্রভাব ফেলা
Effect (n) - প্রভাব

এখানে, gap এর আগে আর্টিকেল রয়েছে। Article এর পর সাধারণত Noun বসে তাই affect হবে না, আবার যেহেতু an আছে তাই noun টি singular হবে। তাই effect এখানে সঠিক।

**Ans : C.**

**18. Which of the following would be an appropriate response to "Are you fed up with your job?"**

A. Actually I ate really well yesterday.
B. I didn't like the food today. miscellaneous
C. Somewhat, but I can't quit right now.
D. Yes, I'm not hungry.

ব্যাখ্যা: "তুমি কী তোমার চাকরী নিয়ে অসন্তুষ্ট" এর প্রতি উত্তরে, "কিছুটা, কিন্তু এখন চাকরী ছাড়তে পারব না" এটি সবচেয়ে সঠিক। সুতরাং option C হবে ঠিক।

**Ans : C.**

**19. There is a new software program on the market that is supposed to protect your computer from any_____.**

A. disease B. virus
C. complaint D. illness

ব্যাখ্যা: Disease (n) - রোগ
Virus - রোগ সংক্রামক/কম্পিউটারের ক্ষতিকারক প্রোগ্রাম
Complaint - অভিযোগপত্র
Illness - অসুস্থতা

কম্পিউটারে কোনো ক্ষতিকারক কোড বা প্রোগ্রাম বুঝাতে computer virus বলা হয়।

**Ans : B.** Sentence Completion

**20. If only I'd invested in that company I'd___ a millionaire by now.** Conditional

A. became B. would become
C. had become D. have become

ব্যাখ্যা: এটি third conditional sentence এর example :

**3rd conditional এর structure :**
If + had + v(p.p) + subj + would/could/might + have + v (p.p) + বাকি অংশ

**Example :** If you had come yesterday, you could have joined the team.

অনুরূপভাবে এখানে,
If only i'd invested in that in that company, I'd have become a millionaire by now.

**Ans : D.**

**21. As always his latest play has been a huge success and all the tickets are___ until August.** Group verb

A. taken out B. sold out
C. put out D. bought out

ব্যাখ্যা: Taken out - বেড়াতে নেওয়া, খুন করা
Sold out - বিক্রি হয়ে যাওয়া
Put out - নিভিয়ে দেওয়া
Bought out - কিনে নেওয়া

এখানে, সব টিকেট বিক্রি হয়েছে এমন বুঝাতে sold out হবে।

**Ans : B.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**22. There aren't many guests here yet,___?**

A. are they
B. are there
C. aren't there
D. will there

**ব্যাখ্যা:** এখানে Auxiliary aren't আছে তাই tag questions এ are হবে এবং subject 'there' হবে।
সুতরাং, Option B এর 'are there' সঠিক tag question হবে।
**Ans : B.** tag question

**23. Teenage girls smoke almost___ boys in many villages.**

A. as much as
B. as long as
C. as soon as
D. as good as

Degree

**ব্যাখ্যা:** As much as - সমপরিমান
As long as - যতক্ষণ পর্যন্ত
As soon as - হতে না হতেই
As good as - সমানভাবে ভালো
এখানে, Teenage মেয়েরা ছেলেদের সমপরিমাণ ধুমপান করে অর্থে as much as বসে।
**Ans : A.**

**24. I'm tired of waiting for the bus. I'm going there___ foot.**

A. with
B. to
C. on
D. by

**ব্যাখ্যা:** with foot এবং to foot বলে কিছু নাই।
On foot - পায়ে হেঁটে যাওয়া
by + transport বসে। যানবাহনে যাওয়ার বুঝাতে by বসে। যেমন- by car, by bus
**Ans : C.** Preposition

**25. The professor was pleased with___ of the students.**

A. progress remarkable
B. remarkable progress
C. the remarkable progress
D. the progress remarkable

**ব্যাখ্যা:** Adj. + Noun বসে। option A এবং D হবে না কারণ noun Adj. এর আগে বসতে পারে না।
যেহেতু এখানে, professor এর student দের progress নিয়ে তিনি সন্তুষ্ট তাই the remarkable progress যথার্থ হবে।
**Ans : C.** sentence completion

**26. After a year of continual turmoil Fazlul Hoque decided to move to a place with____ political upheaval.**

A. less
B. fewer
C. lesser
D. few

**ব্যাখ্যা:** এখানে, রাজনৈতিক অভ্যুত্থান বা political upheaval uncountable noun তাই few এবং fewer ভুল হবে। যেহেতু few, countable noun এর determiner.
এখানে কোনো comparison বুঝায়নি তাই lesser অপ্রাসঙ্গিক। সুতরাং, less হবে সঠিক determiner.
**Ans : A.** Determiners

**27. Having been fould guilty of theft,___ to find work in his chosen field as an accountant.**

A. Karim found it difficult
B. was difficult for Karim
C. did Karim find it difficult
D. it was found by Karim difficult

Advarb

**ব্যাখ্যা:** এটি Dangling modifier এর example.
এর structure - Modifier + (,) + subject + verb + ext.
এখানে, কমার আগের অংশে Karim কে modify করা হয়েছে। সুতরাং, কমার পরপরই Karim subject হিসেবে বসবে। option 'A' তাই সঠিক।
**Ans : A.**

**28. Mr. Sarkar is a great mentor becuase he is really nice and an old hand at teaching. The phrase "*an old hand*" means :**

A. an expert person
B. a positive person
C. a novice
D. an experienced person

**ব্যাখ্যা:** An old hand - অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তি।
অভিজ্ঞ শিক্ষক বুঝাতে an old hand এই phrase টি হয়েছে।
**আরো কিছু idiom -**
Give a hand - সাহায্য করা
Jack of all trades - সবজান্তা
Snake in the glass - লুকানো বিপদ
**Ans : D.** phrase and idiom

**29. After the storm___ finished, many people were found lying in the street.**

A. has
B. were
C. had
D. did

tense

**ব্যাখ্যা:** After + past perfect + (,) + past indefinite.
Example : After he had passed the exam, he joined army.
অনুরূপভাবে এখানে,
After the storm had finished, many people were found lying in the street.
**Ans : C.**

**30. She never spoke about herself and was always very___ about the good things she had done.**

A. simple
B. meek
C. humble
D. modest

**ব্যাখ্যা:** Simple - সাধারণ; Meek - চুপচাপ
Modest - নম্র/ভদ্র/বিনয়ী; Humble - বিনয়ী
এখানে, Modest ও Humble দুটোই উত্তর হতে পারে, তবে Modest word টি sentence এর গঠনের সাথে সামঞ্জস্যপূর্ণ।
বাক্যটির অর্থ হলো - "সে কখনো নিজের সম্পর্কে কথা বলেনি এবং নিজের ভালো কাজগুলি সম্পর্কে সর্বদা বিনয়ী ছিলেন।
**Ans : D.** Sentence completion

**31. If you were stopped by the police for speeding what___ you do?**

A. will
B. would
C. do
D. shall

**ব্যাখ্যা:** এটি second conditional এর rule.
**Structure :** If + verb (past) + (,) + sub + would/could/might + v(base)
Example : If you came, I would go
অনুরূপভাবে, If you were stopped by the police for speeding, what would you do হবে।
**Ans : B.** conditionals

**32. I shall cook supper___ I come home.**

A. until
B. as soon as
C. before
D. while

**ব্যাখ্যা:** Until - যতক্ষণ পর্যন্ত; Before - পূর্বে
As soon as - যখনি, যেই মাত্র; While - যখন
এখানে, বাসায় পৌছামাত্র রান্না করবে এমন অর্থ বুঝাতে as soon as হবে।
**Ans : B.**

**33. The children became ill after taking medicine that was___ date.**

A. out of
B. outside
C. off the
D. over

phrase and idiom

**ব্যাখ্যা:** Out of date - মেয়াদ উত্তীর্ণ
এখানে, মেয়াদ উত্তীর্ণ বুঝাতে out of date বসবে। এরকম আরো কিছু phrase-
out of order - নষ্ট
out of pocket - ক্ষতি/লোকসান হওয়া (আর্থিক)
fell upon - ক্ষতিকর প্রভাব ফেলা।
**Ans : A.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**34. I saw a very good___ advertised in the newspaper this week.**

A. employment B. occupation
C. job D. work

ব্যাখ্যা: Employment (Uncountable N.) - চাকরি
Occupation (Uncountable N.) - পেশা
Job (Countable N.) - চাকরি
Work (Uncountable N.) - কাজ
এখানে gap এর আগে a very good আছে, অর্থাৎ এখানে অবশ্যই countable noun বসবে। সুতরাং, সঠিক উত্তর হবে job
**Ans : C.**

**35. Students were instructed to use internet___ some information about the Chittagong Hill Tracts for the class project.**

A. to look after B. to look over
C. to look up D. to look into

ব্যাখ্যা: Look after - দেখাশোনা করা | Look back - ফিরে দেখা
Look up - খুঁজে বের করা | Look into - তদন্ত করা
Look over - পরিদর্শন করা | Look down upon - হেয় করা
Look to - আশা করা | Look for - খোঁজা
এখানে, ইন্টারনেট থেকে তথ্য খুঁজে বের করা অর্থ বুঝাতে look up হবে।
**Ans : C.**

## সাধারণ জ্ঞান-৩০

**1. ২০১৮ সালে বাংলাদেশ ক্রিকেট দলের ওয়েস্ট ইন্ডিজ সফরে শেষ দুটি ওয়ানডে ম্যাচের ভেন্যুর নাম কী?**

A. ত্রিনিদাদ B. সেন্ট ভিনসেন্ট
C. ক্রাইস্টচার্চ D. ফ্লোরিডা

ব্যাখ্যা: • ২০১৮ সালে বাংলাদেশ ক্রিকেট দলের ওয়েস্ট ইন্ডিজ সফরে শেষ দুটি ওয়ানডে ম্যাচ দুটি ভিন্ন ভেন্যুতে অনুষ্ঠিত হয়।
• একটি 'গায়ানা' এবং অন্যটি 'সেন্ট কিটস' এ অনুষ্ঠিত হয়।
• তবে ঐ সফরে বাংলাদেশ ক্রিকেট দলের শেষ দুটি টি-টোয়েন্টি ম্যাচ ফ্লোরিডায় অনুষ্ঠিত হয়।
**Ans : নাই।**

**2. ১৯৪৩-এর মন্বন্তরের চিত্রকর্ম কে এঁকেছিলেন?**

A. কাইয়ুম চৌধুরী B. মোহাম্মদ কিবরিয়া
C. কামরুল হাসান D. জয়নুল আবেদিন

ব্যাখ্যা: • ১৯৪৩ এর মন্বন্তরের চিত্র এঁকেছিলেন শিল্পাচার্য জয়নুল আবেদীন।
• ১৯৪৩ এর মন্বন্তর সাধারণত পঞ্চাশের মন্বন্তর (বাংলা ১৩৫০ সালে) হিসেবে পরিচিত গুরুতর দুর্যোগ।
• এ উপমহাদেশে ১৭৭০ সালের পর যেসব দুর্ভি আঘাত হানে তার মধ্যে এটি ছিল চরমতম।
• এটি ১৯৪৩ থেকে ১৯৪৬ সাল পর্যন্ত স্থায়ী হয়।
• এতে প্রায় ৩৮ লক্ষ মানুষের অর্থনৈতিক অবস্থা ও সামাজিক মর্যাদার লক্ষণীয় অবনতি ঘটে।
• এ দুর্ভিক্ষে এবং এর ফলে সৃষ্ট মহামারিতে ৩৫ থেকে ৩৮ লক্ষ লোক মারা যায়।
**Ans : D.**

**3. 'বেদ' শব্দের ব্যুৎপত্তিগত অর্থ কী?**

A. প্রার্থনা B. যজ্ঞ
C. ধর্ম D. জ্ঞান

ব্যাখ্যা: • বেদ শব্দের অর্থ জ্ঞান।
• 'বেদ' শব্দটি 'বিদ' মূল দ্বারা গঠিত যার অর্থ 'জানা'।
• আর তাই বেদ অর্থ 'জ্ঞান' বা যে জ্ঞানের ভান্ডার থেকে সবকিছু জানা যায়।
• হিন্দুদের সর্বশ্রেষ্ঠ ও সর্বপ্রধান শাস্ত্র- পরম পবিত্র বেদ।
• বেদ চারভাগে বিভক্ত - ১. ঋগবেদ ২. সামবেদ ৩. যজুর্বেদ ৪. অথর্ববেদ
• বেদ-এ মোট মন্ত্র সংখ্যা ২০৪৩৪ টি।
**Ans : D.**

**4. ২০১৮ সালে চিকিৎসা বিজ্ঞানে নোবেল বিজয়ী দুজন বিজ্ঞানী কোন দেশের নাগরিক?**

A. জাপান ও যুক্তরাষ্ট্র B. জাপান ও যুক্তরাজ্য
C. রাশিয়া ও জার্মানি D. কানাডা ও যুক্তরাষ্ট্র

ব্যাখ্যা: • ২০১৮ সালে চিকিৎসাবিজ্ঞানে নোবেল পুরস্কার জিতে নেন দুই বিজ্ঞানী।
• তারা হলেন যুক্তরাষ্ট্রের জেমস পি. এলিসন এবং জাপানের তাসুকু হনজো।
• ক্যান্সার চিকিৎসায় কীভাবে শরীরের রোগ প্রতিরোধ ব্যবস্থাকে কাজে লাগানো যায় তার পদ্ধতি আবিষ্কার করার জন্য তাঁরা এ সম্মাননা লাভ করেন।
• চিকিৎসাবিজ্ঞানে নোবেল পুরস্কার ঘোষিত হয় ১ অক্টোবর তারিখে।
• এ পুরষ্কারের অর্থমূল্য ৯০ লাখ সুইডিশ ক্রোনার।
**Ans : A.**

**5. বাংলাদেশের কোথায় কমনওয়েলথ যুদ্ধসমাধি আছে?**

A. ঢাকা-ময়মনসিংহ B. রাজশাহী-যশোর
C. চট্টগ্রাম-কুমিল্লা D. সিলেট-খুলনা

ব্যাখ্যা: • বাংলাদেশের চট্টগ্রাম এবং কুমিল্লায় কমনওয়েলথ যুদ্ধসমাধি রয়েছে।
• কুমিল্লা জেলায় অবস্থিত কমনওয়েলথ যুদ্ধ সমাধিটির নাম ময়নামতি ওয়ার সিমেট্রি।
• অন্যদিকে কমনওয়েলথ ওয়ার সিমেট্রি চট্টগ্রাম (Commonwealth War Cemetery Chittagong) চট্টগ্রাম শহরে অবস্থিত একটি সৌধ যেটি সাধারণভাবে চট্টগ্রাম ওয়ার সিমেট্রি নামে পরিচিত।
• চট্টগ্রাম ওয়ার সিমেট্রিতে ৭৫৫টি এবং ময়নামতি ওয়ার সিমেট্রিতে ৭৩৭টি সমাধি রয়েছে।
• এই সমাধি দুটি Commonwealth War Graves Commission (CWGC) কর্তৃক প্রতিষ্ঠিত হয়েছিল। তারাই এই সমাধিক্ষেত্র পরিচালনা করেন।
**Ans : C.**

**6. রুশো কোন বিপ্লবের সঙ্গে সম্পৃক্ত?**

A. সাংস্কৃতিক বিপ্লব B. রুশ বিপ্লব
C. শিল্প বিপ্লব D. ফরাসি বিপ্লব

ব্যাখ্যা: • জঁ-জাক রুশো ফরাসি বিপ্লবের সঙ্গে সম্পৃক্ত ছিলেন।
• তাঁর জন্ম ২৮শে জুন ১৭১২ এবং মৃত্যু ২রা জুলাই ১৭৭৮।
• জন্মসূত্রে সুইজারল্যান্ডের অধিবাসী হলেও রুসো ছিলেন ফরাসি জ্ঞানালোক আন্দোলনের অন্যতম প্রতিনিধি এবং ইউরোপের প্রগতিবাদী ও গণতান্ত্রিক সমাজচেতনার প্রধান পৃষ্ঠপোষক।
• রুশোকে ফরাসি বিপ্লবের মূল কারিগর মনে করা হয়। তিনি তার লেখনির মাধ্যমে ফরাসি মননে বিপ্লবের অগ্নিস্ফুলিঙ্গ জাগ্রত করতে সক্ষম হন।
• তিনিই প্রথম উল্লেখ করেন, 'মানুষ জন্মগতভাবে স্বাধীন, কিন্তু সমাজ তাকে শৃঙ্খলিত করে' (Man is born free but everywhere he is in chains).
**Ans : D.**

**7. বিশ্বের প্রথম নির্বাচিত মহিলা প্রধানমন্ত্রী কে?**

A. ইন্দিরা গান্ধী B. বেনজীর ভুট্টো
C. শ্রীমাভো বন্দরনায়েক D. গোল্ডা মায়ার

ব্যাখ্যা: • বিশ্বের প্রথম নির্বাচিত মহিলা প্রধানমন্ত্রী হলেন শ্রীমাভো বন্দরনায়েক।
• ১৯৬০ সালের ২১ জুলাই তিনি তৎকালীন স্বাধীন সিলনের প্রধানমন্ত্রীর দায়িত্বভার গ্রহণ করেন।
• তিনি তিনবার সিলন ও শ্রীলঙ্কার প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেন।
• উল্লেখ্য বর্তমান শ্রীলঙ্কা ১৯৭২ সালের আগে সিলন নামেও পরিচিত ছিল।
• ১৯৫৯ সালে নিহত সাবেক প্রধানমন্ত্রী সলোমন বন্দরনায়েকের পত্নী ছিলেন শ্রীমাভো বন্দরনায়েক।
**Ans : C.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**8. বিবর্তনবাদের জনক কে?**

A. গ্যালিলিও B. নিউটন
C. এডিসন D. ডারউইন

ব্যাখ্যা: • বিবর্তনবাদের জনক চার্লস ডারউইন।
• তিনি উনিশ শতকের একজন ইংরেজ জীববিজ্ঞানী।
• প্রাণীদের বিবর্তন সংক্রান্ত তাঁর নিজের তত্ত্বের ওপর তিনি ২০ বছর গবেষণা করেন।
• ১৮৫৯ সালে ডারউইন প্রাকৃতিক নির্বাচনের মাধ্যমে প্রজাতির উদ্ভব প্রসঙ্গে (On the Origin of Species by Means of Natural Selection) প্রকাশ করেন।
• বইটির ভাষ্য চরম ভাবে বিতর্কিত ছিল। কারণ ডারউইনের তত্ত্বের যৌক্তিক ব্যাপ্তি অনুযায়ী মানুষ (homo sapiens) এর উদ্ভব সম্ভবত 'এপস' (লেজবিহীন বানর) থেকে, যা পৃথিবীর সৃষ্টি সম্পর্কিত প্রচলিত বিশ্বাস এর পরিপন্থী।
**Ans : D.**

**9. উন্নয়নে পঞ্চবার্ষিক পরিকল্পনার প্রবর্তক কোন দেশ?**

A. ভারত B. কানাডা
C. সাবেক সোভিয়েত ইউনিয়ন (রাশিয়া) D. জাপান

ব্যাখ্যা: • উন্নয়নে পঞ্চবার্ষিক পরিকল্পনার প্রবর্তক সাবেক সোভিয়েত ইউনিয়ন।
• রাশিয়ার সাবেক প্রেসিডেন্ট স্ট্যালিন এ পরিকল্পনার প্রবর্তন করেন।
• মূলত স্থানীয় পর্যায়ে সার্বিক উন্নয়নের উদ্দেশ্যে এলাকার খাতভিত্তিক সমস্যা চিহ্নিতকরণ, চাহিদা নিরূপণ ও সমস্যা সমাধানের নিমিত্তে উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন এবং পরিকল্পনা হয়ে থাকে তাকেই পঞ্চবার্ষিকী পরিকল্পনা বলে।
**Ans : C.**

**10. 'কিতাবুল ইবার' এর লেখক কে?**

A. বার্ট্রান্ড রাসেল B. ইবনে খালদুন
C. হেগেল D. নীট্শে

ব্যাখ্যা: • 'কিতাবুল ইবার' এর লেখক ইবনে খালদুন (১৩৩২-১৪০৪)।
• এটি ঐতিহাসিক দর্শনের উপর খুবই প্রসিদ্ধ একটি বই।
• বইটিতে আরবের ইতিহাসের সূক্ষ্মাতিসূক্ষ্ম বর্ণনা এবং তৎকালীন রাজনীতি এবং দর্শনের এক ভিন্ন আঙ্গিক ব্যাখ্যা করা হয়েছে।
**Ans : B.**

**11. 'একাত্তরের দিনগুলি' গ্রন্থের লেখক কে?**

A. জহির রায়হান B. জাহানারা ইমাম
C. রমা চৌধুরী D. শহীদুল্লা কায়সার

ব্যাখ্যা: • 'একাত্তরের দিনগুলি' বাংলাদেশী কথাসাহিত্যিক জাহানারা ইমাম রচিত মুক্তিযুদ্ধ ভিত্তিক গ্রন্থ।
• বইটি প্রথম প্রকাশিত হয় ১৯৮৬ সালের ফেব্রুয়ারি মাসে।
• বইটি ব্যক্তিগত দিনলিপি আকারে লেখা, যার শুরু ১৯৭১ সালের ১ মার্চ এবং সমাপ্তি সেই বছরের ১৭ ডিসেম্বর।
• মুক্তিযুদ্ধ চলাকালে ঢাকা শহরের অবস্থা ও গেরিলা তৎপরতার বাস্তব চিত্র এতে উঠে এসেছে।
• জাহানারা ইমাম এর জন্ম ৩ মে ১৯২৯ এবং মৃত্যু ২৬ জুন ১৯৯৪ সালে।
• তিনি 'শহীদ জননী' হিসেবে পরিচিত।
**Ans : B.**

**12. 'সিক্রেট ডকুমেন্টস অফ ইনটেলিজেন্স ব্রাঞ্চ অন ফাদার অফ দ্য নেশন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান' বইয়ের মোড়ক উন্মোচন হয় কোন তারিখে?**

A. ২০১৮ সালের ৬ সেপ্টেম্বর B. ২০১৮ সালের ৭ সেপ্টেম্বর
C. ২০১৭ সালের ৬ সেপ্টেম্বর D. ২০১৮ সালের ৮ সেপ্টেম্বর

ব্যাখ্যা: • 'সিক্রেট ডকুমেন্টস অব ইন্টেলিজেন্স ব্রাঞ্চ অন ফাদার অব দ্য নেশন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান' বইয়ের মোড়ক উন্মোচন হয় ২০১৮ সালের ৭ সেপ্টেম্বর।
• ১৪ খণ্ডের এই সংকলনের প্রথম খণ্ডের মোড়ক উন্মোচন করেন বঙ্গবন্ধুকন্যা ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
• এই সংকলন প্রকাশ করছে হাক্কানী পাবলিশার্স।
• স্বাধীনতাপূর্ব বাংলাদেশে ১৯৪৮ থেকে ১৯৭১ সালের মুক্তিযুদ্ধ পর্যন্ত পাকিস্তান ইনটেলিজেন্স ব্রাঞ্চ (আইবি) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিদিনের কর্মকাণ্ড পর্যবেক্ষণ করত।
• গোয়েন্দা সংস্থাটি তাদের এই পর্যবেক্ষণ সংক্ষরণ করত বঙ্গবন্ধুর নামে খোলা একটি ফাইলে।
• সেই গোয়েন্দা নথিগুলোর সংকলন নিয়েই এ বই প্রকাশিত হয়।
**Ans : B.**

**13. 'আরাকানের' পূর্ব নাম কী?**

A. কাচিন B. ইরাবতী
C. রাখাইন D. রোসাং

ব্যাখ্যা: • আরাকান মিয়ানমারের পশ্চিমাঞ্চলে অবস্থিত বর্তমান রাখাইন প্রদেশের প্রাচীন নাম।
• পূর্বে এটি রাখাইন নামে পরিচিত ছিল।
• এ রাজ্যের সীমানা উত্তরে চীন, দক্ষিণে থাইল্যান্ড, পূর্ব ও পশ্চিমে বাংলাদেশ।
• এ রাজ্যের মূল জাতিগোষ্ঠী হল রোহিঙ্গা।
• দীর্ঘকাল ধরে এ অঞ্চলের মানুষদের সামাজিক ও রাজনৈতিকভাবে বঞ্চিত করে রাখা হয়।
**Ans : C.**

**14. বিশ্বের সবচেয়ে বেশি 'গ্রান্ড স্লাম' বিজয়ী টেনিস খেলোয়াড় কে?**

A. ফেদেরার B. মারে C. জকোভিচ D. নাদাল

ব্যাখ্যা: • গ্র্যান্ড স্ল্যাম হল চারটি স্ল্যাম টুর্নামেন্ট, যে টুর্নামেন্টগুলোকে র‍্যাংকিং পয়েন্ট, ঐতিহ্য, প্রাইজমানি ও জনপ্রিয়তার ভিত্তিতে সবচেয়ে গুরুত্বপূর্ণ টেনিস ইভেন্ট হিসেবে বিবেচনা করা হয়।
• এ চারটি টুর্নামেন্ট হলঃ অস্ট্রেলিয়ান ওপেন, ফ্রেঞ্চ ওপেন, উইম্বলেডন এবং ইউএস ওপেন।
• বিশ্বের সবচেয়ে বেশি গ্র্যান্ড স্লাম বিজয়ী টেনিস খেলোয়াড় হলেন রজার ফেদেরার।
• তিনি এ পর্যন্ত ২০ টি গ্র্যান্ড স্ল্যাম, ৪টি টেনিস মাস্টার্স কাপ, ও ১৫টি টেনিস মাস্টার্স সিরিজ শিরোপা জিতেছেন।
• তাঁর জন্ম ৮ আগস্ট ১৯৮১ সালে, সুইজারল্যান্ডে।
**Ans : A.**

**15. জওহরলাল নেহেরু রচিত গ্রন্থ কোনটি?**

A. দি ডিসকভারি অফ ইন্ডিয়া B. দি ইন্ডিয়ান মুসলমানস
C. ইন্ডিয়া অফ মাই ড্রিমস D. ইন্ডিয়া উইনস ফ্রিডম

ব্যাখ্যা: • জওহরলাল নেহেরু" রচিত গ্রন্থ 'দি ডিসকভারি অফ ইন্ডিয়া'।
• এটি ১৯৪২ থেকে ১৯৪৬ সালে তাঁর কারাবাসের সময়ে রচিত।
• এটি ১৯৪৬ সালে প্রকাশিত হয়।
• জওহরলাল নেহেরু ছিলেন ভারতের স্বাধীনতা আন্দোলনের অন্যতম প্রধান নেতা এবং স্বাধীন ভারতের প্রথম প্রধানমন্ত্রী।
• ইংরেজীতে লেখা তাঁর তিনটি বিখ্যাত বই - 'একটি আত্মজীবনী' (An Autobiography), 'বিশ্ব ইতিহাসের কিছু চিত্র, (Glimpses of World History), এবং 'ভারত আবিষ্কার' (The Discovery of India) চিরায়ত সাহিত্যের মর্যাদা লাভ করেছে।
**Ans : A.**

**16. ATM (Automated Teller Machine)এর আবিষ্কারক কে?**

A. স্টিফেন হকিং B. বিল গেট্স
C. আব্দুল্লাহ আল মুতী শরফুদ্দিন D. জন শেফার্ড ব্যারন

ব্যাখ্যা: • Automated Teller Machine বা ATM এর আবিষ্কারক জন শেফার্ড ব্যারন।
• তাঁর জন্ম ২৩ জুন ১৯২৫ এবং মৃত্যু ১৫ মে ২০১০ সালে।
• তিনি জন্মসূত্রে ব্রিটেনের নাগরিক।
• ১৯৬৭ সালের ২৭ জুন লন্ডনে বার্কলেস ব্যাংকের এনফিল্ড শাখায় শেফার্ড আবিষ্কৃত প্রথম এটিএম স্থাপন করা হয়।
• মেশিনটি পিন (পার্সোনাল আইডেন্টিফিকেশন নাম্বার) নম্বরের ভিত্তিতে কাজ করতো।
• চকলেট ভেন্ডিং মেশিন (চকলেট বিক্রি কারার স্বয়ংক্রিয় যন্ত্র) দেখেই তিনি এটিএম তৈরি করার কথা ভাবেন।
**Ans : D.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**17. নিচের উপন্যাসগুলির কোনটি সরাসরি মুক্তিযুদ্ধের বিষয়ভিত্তিক?**
A. সংশপ্তক B. রাইফেল রোটি আওরাত
C. হাজার বছর ধরে D. অগ্নিস্বাক্ষর

**ব্যাখ্যা:** • রাইফেল রোটি আওরাত উপন্যাসটি সরাসরি মুক্তিযুদ্ধের সাথে সম্পর্কিত।
• এটি ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক আনোয়ার পাশা রচিত একাত্তরের এক অমর উপাখ্যান।
• মুক্তিযুদ্ধ ভিত্তিক প্রথম উপন্যাস রাইফেল রোটি আওরাত।
• একাত্তরের ১৪ ডিসেম্বর আলবদরের ঘাতকেরা আনোয়ার পাশাকে নিয়ে যায়।
• পরে ঐদিনই ঢাকার মিরপুরের বধ্যভূমিতে পাকিস্তান সামরিক বাহিনীর সহযোগী আল বদর বাহিনীর সদস্যদের হাতে তিনি নিহত হন।
• রাইফেল রোটি আওরাত রচনার জন্য তিনি মরণোত্তর স্বাধীনতা পদকে ভূষিত হন।
**Ans : B.**

**18. পলাশীর যুদ্ধ কোন তারিখে সংঘটিত হয়?**
A. ২৩ জুলাই ১৭৫৭ B. ২৩ জুন ১৭৫৭
C. ২৩ আগস্ট ১৭৫৭ D. ২৩ মার্চ ১৭৫৭

**ব্যাখ্যা:** • পলাশীর যুদ্ধ ১৭৫৭ সালের ২৩ জুন সংঘটিত হয়।
• বাংলার শেষ স্বাধীন নবাব সিরাজউদ্দৌলার সাথে ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানির যে যুদ্ধ সংঘটিত হয়েছিল তাই পলাশীর যুদ্ধ নামে পরিচিত।
• ভারতের পশ্চিমবঙ্গের পলাশী নামক স্থানে এ যুদ্ধ সংঘটিত হয়।
• এই যুদ্ধে সিরাজউদ্দৌলা পরাজিত হন।
• এ যুদ্ধে জয়ের মধ্য দিয়েই ভারতবর্ষে ইংরেজ শাসন প্রতিষ্ঠার পথ সূচিত হয়।
**Ans : B.**

**19. কোনটি রাজা রামমোহন রায়ের সঙ্গে সম্পৃক্ত নয়?**
A. ইয়ং বেঙ্গল B. আত্মীয়সভা
C. ব্রাহ্মসমাজ D. মিরাতুল আখবার

**ব্যাখ্যা:** • রাজা রামমোহন রায় (মে ২২, ১৭৭২, সেপ্টেম্বর ২৭, ১৮৩৩) প্রথম ভারতীয় ধর্মীয়-সামাজিক পুনর্গঠন আন্দোলন ব্রাহ্মসমাজের প্রতিষ্ঠাতা এবং বাঙালি দার্শনিক।
• তিনি সবচেয়ে বেশি বিখ্যাত হয়েছেন, সতীদাহ প্রথা বিলুপ্ত করার প্রচেষ্টার জন্য।
• রামমোহন রায় ১৮১৫ সালে কলকাতায় সমমনা ব্যক্তিদের নিয়ে আত্মীয় সভা (বন্ধুদের সমিতি) নামে একটি একান্ত সংগঠন প্রতিষ্ঠা করেন।
• এর সদস্যবৃন্দ ওই সময়কার ধর্মীয় ও সামাজিক সমস্যাবলি নিয়ে আলোচনার জন্য তাঁর বাসায় নিয়মিত মিলিত হতেন।
• ১৮২৮ সালে রামমোহন রায় ব্রাহ্মসভা (পরবর্তী সময়ে ব্রাহ্মসমাজ) অর্থাৎ ঈশ্বরের সমাজ প্রতিষ্ঠা করেন, যা বস্তুত হিন্দুধর্মের নতুন একটি শাখা হিসেবে আত্মপ্রকাশ করে। পরবর্তীকালে এই ব্রাহ্মসমাজ এক সামাজিক ও ধর্মীয় আন্দোলন এবং বাংলার পুনর্জাগরণের পুরোধা হিসাবে কাজ করে।
• তিনি 'মিরাতুল আখবার' নামক একটি সংবাদপত্রের সম্পাদকের দায়িত্বও পালন করেছেন।
• তবে হিন্দু কলেজের ছাত্রদেরকে সমসাময়িক কলকাতা সমাজ কর্তৃক প্রদত্ত 'ইয়ং বেঙ্গল' (একটি সামাজিক বুদ্ধিবাদী অভিধান বিশেষ) এর সাথে তাঁর কোন সম্পৃক্ততা ছিল না।
**Ans : A.**

**20. 'দি ওল্ড ম্যান অ্যান্ড দ্য সি' গ্রন্থের লেখক কে?**
A. নাইপল B. মার্ক টোয়েন
C. হেমিংওয়ে D. কাওয়াবাতা

**ব্যাখ্যা:** • 'দি ওল্ড ম্যান অ্যান্ড দ্যা সি' প্রখ্যাত মার্কিন লেখক আর্নেস্ট হেমিংওয়ে কর্তৃক ১৯৫১ সালে কিউবায় অবস্থাকালীন সময়ে লিখিত উপন্যাস।
• এটি ১৯৫২ সালে প্রকাশিত হয়।
• আর্নেস্ট মিলার হেমিংওয়ের জন্ম ২১ জুলাই ১৮৯৯ এবং মৃত্যু ২ জুলাই ১৯৬১।
• এটি লেখকের জীবন কালে প্রকাশিত সর্বশেষ ফিকশানধর্মী রচনা।
• ১৯৫৩ সালে 'দি ওল্ড ম্যান এন্ড দ্যা সি' সাহিত্যে পুলিৎজার পুরস্কার এবং ১৯৫৪ সালে নোবেল পুরষ্কার লাভ করে।
**Ans : C.**

**21. নীল বিদ্রোহের ওপর লিখিত নাটক কোনটি?**
A. জমিদার দর্পণ B. সৎ মানুষের খোঁজে
C. নীল দর্পণ D. এই সব দিন রাত্রি

**ব্যাখ্যা:** • নীল দর্পণ হল দীনবন্ধু মিত্র রচিত একটি বাংলা নাটক।
• এটি দীনবন্ধু মিত্রের প্রথম প্রকাশিত নাটক।
• এটি প্রকাশিত হয় ১৮৬০ খ্রিস্টাব্দে।
• এই নাটকের পটভূমি নীল চাষের জন্য সাধারণ কৃষকদের উপর ইংরেজ শাসকদের অত্যাচার ও নিপীড়ন।
• দীনবন্ধু মিত্রের জন্ম পশ্চিম বঙ্গের নদীয়া জেলার চৌবাড়িয়া গ্রামে এক দরিদ্র পরিবারে ১৮৩০ সালে।
• ১৮৭৩ সালের ১লা নভেম্বর মাত্র ৪৩ বছর বয়সে দীনবন্ধু মিত্রের অকাল মৃত্যু হয়।
**Ans : C.**

**22. অস্তিত্ববাদী দার্শনিক কে?**
A. অ্যারিস্টটল B. জ্যঁ পল সার্ত্র
C. রেনে ডেকার্ট D. বার্ট্রান্ড রাসেল

**ব্যাখ্যা:** • অস্তিত্ববাদ বিংশ শতাব্দীর একটি শীর্ষ স্থানীয় দার্শনিক মতবাদ।
• এ মতবাদ তাত্ত্বিক বিষয়ের বিপরীতে জাগতিক বিষয় সম্বন্ধে আলোচনা করে।
• জঁ-পল সার্ত্র ছিলেন অস্তিত্ববাদের একজন পথিকৃৎ ও বিংশ শতকের ফরাসি দর্শন ও মার্ক্সিজমের অন্যতম প্রভাবশালী দার্শনিক।
• তাঁর জন্ম ২১শে জুন ১৯০৫ এবং মৃত্যু ১৫ই এপ্রিল ১৯৮০ সালে।
• জঁ-পল সার্ত্র দর্শনের ইতিহাসে তার বিখ্যাত গ্রন্থ 'বিং অ্যান্ড নাথিংনেস' এর জন্য ১৯৬৪ সালে সাহিত্যে নোবেল পুরস্কারের জন্য মনোনীত হন।
• তবে এই পুরস্কার গ্রহণে তিনি অস্বীকৃতি জানান; কারণ তার মতে একজন লেখককে কখনই নিজেকে একটি প্রতিষ্ঠানে পরিণত হতে দেওয়া উচিত নয়।
**Ans : B.**

**23. 'জাতক' বলতে মূলত কী বোঝায়?**
A. বুদ্ধের পূর্ব-জীবনের কাহিনি B. উপদেশমূলক গল্প
C. পৌরাণিক গল্প D. জীবনের গল্প

**ব্যাখ্যা:** • জাতক হল বুদ্ধের পূর্বজন্মের কাহিনির সঙ্কলন।
• এটি ত্রিপিটকের অন্তর্গত এবং এর কথক গৌতম বুদ্ধ স্বয়ং নিজেই।
• তিনি শিষ্যদের সঙ্গে ধর্মালোচনাকালে প্রাসঙ্গিক উদাহরণ হিসেবে তাঁর অতীত জীবনের বহু ঘটনার কথা উল্লেখ করেন। সেসব ঘটনার সংকলনই জাতক সাহিত্য।
• খ্রিস্টীয় পঞ্চম শতকে বুদ্ধঘোষ রচিত 'জাতকথবণ্ণনা' নামক গ্রন্থে ৫৪৭টি জাতক অন্তর্ভুক্ত ছিল।
• জাতকের এই গল্পগুলি দীর্ঘকাল গুরুশিষ্য পরম্পরায় শ্রুতি থেকে স্মৃতিতে সংরতি ছিল।
• খ্রিস্টপূর্ব তৃতীয় শতকে সম্রাট অশোকের পৃষ্ঠপোষকতায় অনুষ্ঠিত তৃতীয় বৌদ্ধমহাসঙ্গীতি (বৌদ্ধ ভিক্ষুদের সম্মেলন) কালে জাতক গ্রন্থিত হয়।
• তখন পালি ভাষাতেই জাতকের গল্পগুলি লিখিত হয়েছিল পরবর্তীকালে বাংলাসহ বিশ্বের বিভিন্ন ভাষায় তা অনূদিত হয়।
• বাংলায় জাতক অনুবাদ করেন ঈশাণচন্দ্র ঘোষ। তিনি ষোলো বছরে ছয় খন্ডে জাতকের অনুবাদ ও সম্পাদনা করেন।
**Ans : A.**

**24. রাজা 'কনিষ্ক' কোন বংশের শাসক?**
A. গুপ্ত B. মৌর্য C. কুষাণ D. দেব

**ব্যাখ্যা:** • রাজা কনিষ্ক একজন কুষাণ সম্রাট ছিলেন।
• তাঁর রাজত্বকাল ৯০-১০০ খ্রিস্টাব্দ।
• তিনি তাঁর সামরিক, রাজনৈতিক ও আধ্যাত্মিক কার্যকলাপের জন্য বিখ্যাত ছিলেন।
• তিনি ছিলেন কুষাণ সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা কুজুল কদফিসেস -এর উত্তরসূরি।
• পুরুষপুর, কপিশা ও মথুরা তাঁর রাজ্যের রাজধানী ছিল।
• মৌর্য সাম্রাজ্যের পতনের পর যে সমস্ত বৈদেশিক জাতি ভারতে অনুপ্রবেশ করে ছিল, তাদের মধ্যে কুষাণরাই ছিল সর্বাপো উল্লেখযোগ্য ।
• মৌর্যদের পর তারাই প্রথম একটি বিরাট সাম্রাজ্য স্থাপন করতে সক্ষম হয়েছিল।
**Ans : C.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**25. জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কত সালে 'জুলিও কুরী' শান্তি পদকে ভূষিত হন?**

A. ১৯৬৯ সাল
B. ১৯৭১ সাল
C. ১৯৭৫ সাল
D. ১৯৭৩ সাল

**ব্যাখ্যা:** • বিশ্বশান্তি পরিষদের সর্বোচ্চ পুরস্কার জুলিও কুরী শান্তিপদক।
• ১৯৭৩ সালের ২৩ মে বঙ্গবন্ধু শেখ মুজিবকে এ পদকে ভূষিত করা হয়।
• সাম্রাজ্যবাদবিরোধী সংগ্রামকে বিশ্ব মানবতার ইতিহাসে চির অম্লান করে রাখার লক্ষ্যে বঙ্গবন্ধুকে এ পদক প্রদান করে বিশ্বশান্তি পরিষদ।
• উল্লেখ্য ম্যারি কুরি ও পিয়েরে কুরি ছিলেন বিশ্ববিখ্যাত বিজ্ঞানী। তাদের উদ্ভাবন পদার্থবিদ্যায় এক নতুন দিগন্তের উন্মোচন করে।
• বিশ্ব শান্তির সংগ্রামে এই বিজ্ঞানী দম্পতির মহান অবদান চিরস্মরণীয় করে রাখার লক্ষ্যে বিশ্ব শান্তি পরিষদ ১৯৫০ সাল থেকে ফ্যাসিবাদবিরোধী, সাম্রাজ্যবাদবিরোধী সংগ্রামে, মানবতার কল্যাণে শান্তির সপক্ষে বিশেষ অবদানের জন্য বরণীয় ব্যক্তি ও সংগঠনকে জুলিও কুরি শান্তি পদকে ভূষিত করে আসছে।

**Ans : D.**

**26. ঐতিহাসিক ৬-দফা প্রস্তাব আনুষ্ঠানিকভাবে কোন শহরে উপস্থাপিত হয়?**

A. লাহোর
B. করাচি
C. ঢাকা
D. চট্টগ্রাম

**ব্যাখ্যা:** • ঐতিহাসিক ৬-দফা প্রস্তাব আনুষ্ঠানিকভাবে পাকিস্তানের লাহোরে উপস্থাপিত হয়।
• ১৯৬৬ সালের ৫ ও ৬ ফেব্রুয়ারি লাহোরে অনুষ্ঠিত বিরোধী রাজনৈতিক দলগুলোর এক সম্মেলনে আওয়ামী লীগের পক্ষ থেকে বাঙ্গালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এ দাবীগুলো তুলে ধরেন।
• পূর্ব পাকিস্তানের স্বায়ত্তশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে "৬ দফা দাবি" পেশ করা হয়।
• ছয় দফা দাবির মূল উদ্দেশ্য- পাকিস্তান হবে একটি ফেডারেলরাষ্ট্র এবং ছয় দফা কর্মসূচীর ভিত্তিতে এই ফেডারেলরাষ্ট্রের প্রতিটি অঙ্গরাজ্যকে পূর্ণ স্বায়ত্তশাসন দিতে হবে।
• পরবর্তীকালে এই ৬ দফা দাবিকে কেন্দ্র করে বাঙালি জাতির স্বায়ত্তশাসনের আন্দোলন জোরদার করা হয়।
• বাংলাদেশের জন্য এই আন্দোলন এতোই গুরুত্বপূর্ণ যে একে ম্যাগনা কার্টা বা বাঙালির মুক্তির সনদও বলা হয়।

**Ans : A.**

**27. পদ্মা সেতু নির্মাণে অর্থায়ন করছে-**

A. বিশ্বব্যাংক
B. চীন
C. বাংলাদেশ
D. জাপান

**ব্যাখ্যা:** • পদ্মা সেতু নির্মাণে কোন প্রকার বৈদেশিক অর্থায়ন হয়নি। অর্থাৎ বাংলাদেশের সম্পূর্ণ নিজস্ব অর্থায়নে তৈরি হচ্ছে পদ্মা সেতু।
• তবে প্রথম দিকে এ প্রকল্পে বিশ্বব্যাংক এর অর্থায়ন করার কথা ছিল। পরে বিশ্বব্যাংক তা বাতিল করলে বাংলাদেশ সরকার তা নিজস্ব অর্থায়নে করার সিদ্ধান্ত নেয়।
• পদ্মা সেতুর ব্যয় দাঁড়িয়েছে সব মিলিয়ে ২৮ হাজার ৭৯৩ কোটি টাকা ।
• নির্মাণের পর পদ্মা সেতু হবে বাংলাদেশের সবচেয়ে বড় সেতু।
• এর দৈর্ঘ্য ৬,১৫০ মিটার (৬.১৫ কি.মি.) এবং প্রস্থ ১৮.১০ মিটার।
• পদ্মা সেতুর মাধ্যমে লৌহজং, মুন্সিগঞ্জের সাথে শরিয়তপুর ও মাদারীপুর যুক্ত হবে, ফলে দেশের দক্ষিণ- পশ্চিম অংশের সাথে উত্তর-পূর্ব অংশের সংযোগ ঘটাবে।

**Ans : C.**

**28. মহাস্থানগড়ে কোন প্রাচীন ঐতিহাসিক যুগের নিদর্শন আবিষ্কৃত হয়েছে?**

A. কুষাণ
B. মৌর্য
C. গুপ্ত
D. পাল

**ব্যাখ্যা:** • এখানে সঠিক উত্তর একাধিক।
• মহাস্থানগড়ের অবস্থান বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলায় ।
• এই নগরী ইতিহাসে পুণ্ড্রবর্ধন বা পুণ্ড্রনগর নামেও পরিচিত ছিল।
• এক সময় মহাস্থানগড় বাংলার রাজধানী ছিল।
• যিশু খ্রিষ্টের জন্মেরও আগে অর্থাৎ প্রায় আড়াই হাজার বছর পূর্বে এখানে সভ্য জনপদ গড়ে উঠেছিল প্রত্নতাত্ত্বিক ভাবেই তার প্রমাণ মিলেছে।
• কয়েক শতাব্দী পর্যন্ত এ স্থান পরাক্রমশালী মৌর্য, গুপ্ত, পাল ও সেন শাসকবর্গের প্রাদেশিক রাজধানী ও পরবর্তীকালে হিন্দু সামন্ত রাজাদের রাজধানী ছিল। তৃতীয় খ্রিষ্টপূর্বাব্দ থেকে পঞ্চদশ খ্রিষ্টাব্দ পর্যন্ত অসংখ্য হিন্দু রাজা ও অন্যান্য ধর্মের রাজারা রাজত্ব করেন।
• মহাস্থানগড় খননের ফলে মৌর্য, গুপ্ত, পাল, সেন ও অন্যান্য রাজবংশের হাজার বছরের পুরানো অসংখ্য স্মৃতিচিহ্ন সোনা, রুপা, লোহা, ব্রোঞ্জ, পাথর, কাঁসাসহ বিভিন্ন মূল্যবান ধাতব পদার্থ, পোড়ামাটির তৈরি মূর্তি, কালো পাথরের মূর্তি, বেলে পাথরের মূর্তি, মাটি দিয়ে তৈরি খোদাই করা ইট, স্বর্ণবস্তু, বিভিন্ন শিলালিপি, আত্মরার জন্য ধারালো অস্ত্র, নিত্যপ্রয়োজনীয় তৈজসপত্র ও নানা ধরনের প্রাচীন অলংকারসহ ইত্যাদি সামগ্রী পাওয়া গেছে।
• ২০১৬ সালে এটি সার্কের সাংস্কৃতিক রাজধানী হিসেবে ঘোষণা হয়।

**Ans : B, C, ও D.**

**29. আল কোরআন-এর প্রথম বঙ্গানুবাদকারী কে?**

A. মাওলানা আকরম খাঁ
B. গিরিশচন্দ্র সেন
C. মুহাম্মদ হাবিবু রহমান
D. সৈয়দ আলী আহসান

**ব্যাখ্যা:** • আল কোরআন এর প্রথম বঙ্গানুবাদকারী হলেন গিরিশচন্দ্র সেন।
• তাঁর জন্ম ১৮৩৫ সালে নারায়ণগঞ্জের পাঁচদোনা গ্রামে।
• পেশাগত জীবনের প্রথম পর্যায়ে তিনি ময়মনসিংহের ডেপুটি ম্যাজিস্ট্রেটের কাচারিতে নকলনবিশ হিসেবে কর্মরত ছিলেন।
• পরে স্বল্প সময়ের জন্য ময়মনসিংহ জেলা স্কুলে শিক্ষকতা করে সাংবাদিকতা ও সাহিত্যচর্চায় আত্মনিয়োগ করেন।
• প্রথম পর্যায়ে তিনি ঢাকা প্রকাশে কাজ করেন এবং এতে তাঁর লেখা প্রকাশিত হয়।
• পরে তিনি সুলভ সমাচার ও বঙ্গবন্ধু পত্রিকার সহযোগী সম্পাদক এবং মাসিক মহিলা (১৩০২) পত্রিকার সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করেন।
• ধর্ম সম্পর্কে জানার আগ্রহ, চারিত্রিক উদারতা এবং সত্যবাদিতার জন্য গিরিশচন্দ্র ব্রাহ্ম-হিন্দু-মুসলমান-খ্রিস্টান সকলের শ্রদ্ধা অর্জন করেন।
• তাই সকলের নিকট তিনি 'ভাই গিরিশচন্দ্র' নামে পরিচিত ছিলেন।

**Ans : B.**

**30. পুস্তক সংখ্যার বিচারে পৃথিবীর বৃহত্তম গ্রন্থাগার কোনটি?**

A. ব্রিটিশ মিউজিয়াম লাইব্রেরি
B. লাইব্রেরি অব কংগ্রেস
C. মস্কো একাডেমি অব সায়েন্স লাইব্রেরি
D. নিউইয়র্ক পাবলিক লাইব্রেরি

**ব্যাখ্যা:** • পুস্তক সংখ্যার বিচারে পৃথিবীর বৃহত্তম গ্রন্থাগার হল আমেরিকান লাইব্রেরি অব কংগ্রেস।
• সুবিশাল এই লাইব্রেরির সংগ্রহে আছে সর্বাধিক সংখ্যক বই, রেকর্ডিংস, মানচিত্র ও পাণ্ডুলিপি।
• এগুলো সংখ্যায় ৩ কোটি ৩০ লাখ ১২ হাজার ৭৫০।
• এটি ওয়াশিংটন ডিসিতে অবস্থিত এবং আমেরিকার সব থেকে পুরোনো লাইব্রেরী ।
• আমেরিকান লাইব্রেরি অব কংগ্রেস স্থাপিত হয় ১৮০০ সালে।
• তবে এর মূল সংগ্রহ অনেক বই ১৮১২ সালের যুদ্ধের সময় ধ্বংস হয়েছে।
• ১৮১৫ সালে টমাস জেফারসন তার সম্পূর্ণ ব্যক্তিগত সংগ্রহের ৬,৪৮৭ বই লাইব্রেরীর কাছে বিক্রি করে দেয়।
• উনবিংশ শতাব্দীর মধ্যভাগে আমেরিকান গ্রহযুদ্ধের সময় এর আবার উত্থান শুরু হয় এবং আকার ও সংগ্রহও ব্যাপক বৃদ্ধি পায়।

**Ans : B.**

শিক্ষার সর্বাধিক পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•ক্যারিয়ার

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট)
শিক্ষাবর্ষ ২০১৮-২০১৯ [বিকাল]

### বাংলা-৩৫

**1. ১৮৫২ সালে 'সংবাদ প্রভাকর' পত্রিকায় কোন ধরনের সাহিত্যকর্ম প্রকাশের মাধ্যমে বঙ্কিমচন্দ্রের সাহিত্য চর্চার শুরু?**
A. কবিতা B. ছোটগল্প C. উপন্যাস D. প্রবন্ধ

**ব্যাখ্যা: 'বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়' সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- ১৮৫২ সালে 'সংবাদ প্রভাকর' পত্রিকায় কবিতা প্রকাশের মাধ্যমে তাঁর সাহিত্য চর্চার শুরু।
- জন্ম - ১৮৩৮ এবং মৃত্যু ১৮৯৪ খ্রীস্টাব্দে।
- পেশা - ম্যাজিস্ট্রেট, সাহিত্যিক।
- সম্পাদক - বঙ্গদর্শন।
- উপন্যাস রচনা করেন - মোট ১৪টি।
- তাঁর গ্রন্থ সংখ্যা - ৩৪টি
- সাহিত্য স্বীকৃতি - বাংলা উপন্যাসের জনক।

**Ans : A.**

**2. 'অপরিচিতা' গল্পের কথক কে?**
A. কল্যাণী B. গল্পকার
C. অনুপম D. শম্ভুনাথ

**ব্যাখ্যা: রবীন্দ্রনাথ ঠাকুরের 'অপরিচিতা' গল্প সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- গল্পের কথক - অনুপম।
- প্রথম প্রকাশ - সবুজপত্র পত্রিকায় ১৯১৪ সালে।
- এটি মনস্তাপে ভেঙ্গেপড়া এক ব্যক্তিত্বহীন যুবকের স্বীকারোক্তির গল্প।
- অনুপম তার জীবনকে তুলনা করেছে শিমুল ফুল ও মাকাল ফলের সাথে।
- অনুপম কল্যাণীর কণ্ঠকে বলেছে - সুধাকণ্ঠ।
- অনুপমের শরীর কাঁপতে লাগল - বসন্ত বাতাসে।
- ভাষারীতি - সাধুভাষা।

**Ans : C.**

**3. "ধান তার বসুন্ধরা যার"- উক্তিটি কার?**
A. রোকেয়া সাখাওয়াত হোসেন B. কাজী নজরুল ইসলাম
C. রবীন্দ্রনাথ ঠাকুর D. সুফিয়া কামাল

**ব্যাখ্যা: রোকেয়া সাখাওয়াত হোসেনের 'চাষার দুক্ষু' প্রবন্ধ সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- 'ধান্য তার বসুন্ধরা যার' - উক্তিটি করেছেন রবীন্দ্রনাথ ঠাকুর।
- বেলোয়ারের চুড়ি হলো - উৎকৃষ্ট স্বচ্ছ কাচের চুড়ি।
- ভারতবাসী অসভ্য বর্বর ছিলো - দেড়শত বৎসর আগে।
- জঠর অর্থ - পেট।
- কৃষক কন্যার নাম - জমিরন।
- 'পাছায় জোটেনা ত্যানা' - প্রবাদটি 'চাষার দুক্ষু' প্রবন্ধে ব্যবহৃত হয়েছে।

**Ans : C.**

**4. 'আহ্বান' গল্পের নামকরণের পেছনে কোনটি সবচেয়ে বেশি গুরুত্ব পেয়েছে?**
A. ঘটনা B. চরিত্র
C. দ্বন্দ্ব D. ভাববস্তু

**ব্যাখ্যা: বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের 'আহ্বান' গল্প সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-**
- গল্পটির নামকরণের পিছনে সবচেয়ে গুরুত্ব পেয়েছে - ভাববস্তু।
- গল্পটি একটি উদার মানবিক সম্পর্কের গল্প।
- করাতি অর্থ - যিনি করাত দিয়ে কাঠ কেটে জীবিকা নির্বাহ করেন।
- 'গোপাল' সম্বোধনের প্রেক্ষিতে লেখক বুড়িকে তাঁর মা-পিসিমার সাথে তুলনা করেছেন।
- লেখকের পৈতৃক বাড়ি - ভেঙেচুরে গিয়েছিলো।

**Ans : D.**

**5. 'অন্তরে যাদের এক গোলামির ভাব, তারা বাইরের গোলামি থেকে রেহাই পাবে কী করে?'- কার রচনার অংশ?**
A. রবীন্দ্রনাথ ঠাকুরের B. শওকত ওসমানের
C. কাজী নজরুল ইসলামের D. মোতাহের হোসেন চৌধুরীর

**ব্যাখ্যা: কাজী নজরুল ইসলামের 'আমার পথ' প্রবন্ধ থেকে গুরুত্বপূর্ণ কিছু লাইন :**
- অন্তরে যাদের গোলামির ভাব, তারা বাইরের গোলামি থেকে রেহাই পাবে কী করে?
- যার ভিতরে ভয়, সেই বাইরে ভয় পায়।
- এই পরাবলম্বনই আমাদের নিষ্ক্রিয় করে ফেললে।
- আমি সে দাসত্ব (পরাবলম্বন) হতে সম্পূর্ণ মুক্ত।
- "আমি আছি" এই কথা না বলে সবাই বলতে লাগলাম "গান্ধীজি আছেন"।
- মানুষ ধর্মই সবচেয়ে বড় ধর্ম।

**Ans : C.**

**6. 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধে 'বুলি' শব্দটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?**
A. প্রবাদ B. প্রমিত বাংলা
C. গৎ-বাঁধা কথা D. কেতাবি কথা

**ব্যাখ্যা: মোতাহের হোসেন চৌধুরীর "জীবন ও বৃক্ষ" প্রবন্ধ থেকে গুরুত্বপূর্ণ কিছু শব্দার্থ :**
- বুলি - গৎ বাঁধা কথা হিসেবে ব্যবহৃত।
- তপোবন - অরণ্যে ঋষির আশ্রম।
- চর্মচক্ষু - দৈহিক চক্ষু [মানসিক বা দিব্যদৃষ্টির বিপরীত]
- সৃজনশীল - নির্মাণ সৃষ্টিতে তৎপর।
- পরিপক্বতা - সুপরিণতিজাত। পরিপূর্ণ বিকাশসাধন।
- গূঢ় অর্থ - প্রচ্ছন্ন গভীর তাৎপর্য।

**Ans : C.**

**7. 'অতসী মামী' নামক প্রথম গল্প লিখে কোন লেখক খ্যাতি অর্জন করেন?**
A. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় B. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
C. বিভূতিভূষন বন্দ্যোপাধ্যায় D. মানিক বন্দ্যোপাধ্যায়

**ব্যাখ্যা: মানিক বন্দ্যোপাধ্যায় সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- জন্ম - ১৯০৮ দুমকায় এবং মৃত্যু ১৯৫৬ কলকাতায়।
- পিতৃপ্রদত্ত নাম - প্রবোধকুমার বন্দ্যোপাধ্যায়।
- প্রথম গল্প - অতসী মামী (মাত্র ২০ বছর বয়সে)।
- প্রথম উপন্যাস - পদ্মানদীর মাঝি (১৯৩৬)।
- বৈশিষ্ট্য : বিজ্ঞানমনস্ক সমাজ বাস্তবতার শিল্পী।

**Ans : D.**

**8. 'জনমতের বিরুদ্ধে যেতে শোষকরাও ভয় পায়।'- কথাটি কোন রচনার অন্তর্ভুক্ত?**
A. বিড়াল B. আমার পথ
C. বায়ান্নর দিনগুলি D. রেইনকোট

**ব্যাখ্যা: শেখ মুজিবুর রহমানের 'বায়ান্নর দিনগুলি' এর গুরুত্বপূর্ণ কিছু লাইন-**
- জনমতের বিরুদ্ধে যেতে শোষকরাও ভয় পায়।
- ২২ তারিখ সারাদিন ফরিদপুরে শোভাযাত্রা চলল।
- মানুষ স্বার্থের জন্য অন্ধ হয়ে যায়।
- আজ দুইশত বৎসর পরে আমরা স্বাধীন হয়েছি।
- মানুষের যখন পতন আসে তখন পদে পদে ভুল হতে থাকে।
- জনাব নুরুল আমিন বুঝতে পারলেন না, আমলাতন্ত্র তাঁকে কোথায় নিয়ে গেল।

**Ans : C.**

**9. 'রেইনকোট' গল্পের প্রধান চরিত্রটির নাম কী?**
A. আসমা B. নুরুল হুদা
C. আবদুস সাত্তার মৃধা D. মিন্টু

**ব্যাখ্যা: আখতারুজ্জামান ইলিয়াসের 'রেইনকোট' গল্প সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- রেইনকোট গল্পের প্রধান চরিত্র - নুরুল হুদা।
- মিন্টু মগবাজারের ফ্লাট ছেড়ে যায় - ২৩ জুন।
- রেইনকোট গল্পটি প্রকাশিত হয় - ১৯৯৫ সালে।
- কলেজের উর্দুর প্রফেসরের নাম - আকবর সাজিদ।
- "আগে বাঢ়ো" ড্রাইভারকে নির্দেশ দেয় - মিলিটারি।
- বৃষ্টি হচ্ছিলো - ভোররাত থেকে।
- রেইনকোট গল্পে - হেমন্ত ঋতুর নাম উল্লেখ আছে।

**Ans : B.**

Academic ... শিক্ষার সবকিছু পাঠশালায়
শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**10. 'নেকলেস' গল্পটি সর্বপ্রথম কোন ভাষায় রচিত হয়েছিল?**
A. জার্মান B. ফরাসি C. ইংরেজী D. ইতালীয়

**ব্যাখ্যা: গী দ্য মোপাসাঁর 'নেকলেস' গল্প থেকে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- প্রথম রচিত হয় - ফরাসি ভাষায় 'La Papure' নামে।
- বাংলায় অনুবাদ করা হয় - 'নেকলেস' নামে (পূর্ণেন্দু দস্তিদার)।
- প্রথম লাইন - সে ছিল চমৎকার এক সুন্দরী তরুণী।
- শেষ লাইন - তার দাম পাঁচশত ফ্রাঁর বেশি হবেনা।
- ভাষারীতি - চলিত।
- প্রথম প্রকাশ - ১৮৮৪ সালে 'La Gaulois' পত্রিকায়।
- অপ্রত্যাশিত কিন্তু অত্যন্ত আকর্ষণীয় সমাপ্তির জন্য গল্পটি বিপুল জনপ্রিয়তা লাভ করে।

**Ans : B.**

**11. ১৭৫৩ সালে কোনটি প্রতিষ্ঠিত হয়?**
A. অ্যাশমোলিয়ান মিউজিয়াম B. ব্রিটিশ মিউজিয়াম
C. ফ্রান্সের জাতীয় জাদুঘর D. বাংলাদেশ জাতীয় জাদুঘর

**ব্যাখ্যা: আনিসুজ্জামানের 'জাদুঘরে কেন যাব' রচনা সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- প্রত্নতত্ত্ব ও পুরাকীর্তি সংক্রান্ত ব্রিটেনের জাতীয় জাদুঘর প্রতিষ্ঠিত হয় - ১৭৫৩ সালে।
- বাংলাদেশে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের নিজস্ব উদ্যোগে নির্মিত জাদুঘর রয়েছে।
- জাদুঘরের সংখ্যাবৃদ্ধি ঘটে - উনিশ শতকে।
- ফরাসি বিপ্লব সংঘটিত হয় - ১৭৮৯ সালে।
- ল্যুভ কী? - একটি জাদুঘর (ফ্রান্স)।

**Ans : B.**

**12. 'লালসালু' উপন্যাসে ঢেঙা বুড়ো কার কথায় বিভ্রান্ত হয়?**
A. খালেক বেপারীর B. মজিদের
C. বুড়ির D. হাসুনির মার

**ব্যাখ্যা: 'লালসালু' উপন্যাসের গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- ঢেঙা বুড়ো বিভ্রান্ত হয় - মজিদের কথায়।
- মজিদ হাসুনির মাকে - বেগুনি রঙের শাড়ি কিনে দেয়।
- ঢেঙা বুড়োর হাতে মার খেয়ে হাসুনির মা-মজিদের বাড়িতে গিয়েছিলো।
- দুকু মিঞার মুখে লজ্জার হাসি আসার কারণ - কলমা জানে না তাই।
- আমেনা বিবি তার স্বামীকে পানিপড়া আনতে বলেছিলো - মা হওয়ার আশায়।

**Ans : B.**

**13. 'সিরাজউদ্দৌলা' নাটকে নবাবের প্রধান গুপ্তচরের নাম কী?**
A. নারান সিং B. মদনলাল
C. মোহনলাল D. উমিচাঁদ

**ব্যাখ্যা: 'সিরাজউদ্দৌলা' নাটকের গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- নবাবের প্রধান গুপ্তচরের নাম - নারান সিং।
- নারান সিং এর ছদ্মনাম - রাইসুল জুহালা।
- একটু নুন জোগাড় হলেই - রাইসুল জুহালা মুলোটা খাবে।
- নাটকে বাংলাদেশের মতিঝিল অঞ্চলের নাম বেশিবার উল্লেখ করা হয়েছে।
- রমণীর ছদ্মবেশে মিরনের বাসগৃহে প্রবেশ করে - ওয়াট্‌স ও ক্লাইভ।

**Ans : A.**

**14. কোনটি মাইকেল মধুসূদন দত্তের রচনা নয়?**
A. বীরাঙ্গণা কাব্য B. ঝরা পালক
C. মেঘনাদবধ কাব্য D. একেই কি বলে সভ্যতা

**ব্যাখ্যা: 'মাইকেল মধুসূদন দত্তের' গুরুত্বপূর্ণ কিছু রচনাবলী :**
- **নাটক :** শর্মিষ্ঠা, পদ্মাবতী, কৃষ্ণকুমারী।
- **প্রহসন :** একেই কি বলে সভ্যতা, বুড়ো শালিকের ঘাড়ে রোঁ।
- **গীতিকাব্য :** তিলোত্তমাসম্ভব কাব্য।
- **মহাকাব্য :** মেঘনাদবধ কাব্য।
- **পত্রকাব্য :** বীরাঙ্গনা।
- **চতুর্দশপদী কবিতাবলী :** সনেট সংকলন।
- ঝরাপালক - জীবনানন্দ দাশের কাব্যগ্রন্থ।

**Ans : B.**

**15. 'গীতাঞ্জলি'র ইংরেজি অনুবাদক কে?**
A. ডব্লু বি ইয়েটস B. সি এফ অ্যান্ড্রুজ
C. রবীন্দ্রনাথ ঠাকুর D. কৃষ্ণ কৃপালণি

**ব্যাখ্যা: রবীন্দ্রনাথের 'গীতাঞ্জলি' সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- প্রকাশকাল - ১৯১০ সাল।
- গীতাঞ্জলির ইংরেজি অনুবাদ এর নাম - Song offerings
- Song offerings এর প্রকাশকাল - ১৯১২ সাল।
- গীতাঞ্জলির জন্য নোবেল পুরস্কার দেওয়া হয় - ১৯১৩ সালে।
- Song offerings এর ভূমিকা লিখেন - W.B. Yeats.
- গীতাঞ্জলির ইংরেজি অনুবাদ করেন - রবীন্দ্রনাথ ঠাকুর।

**Ans : C.**

**16. নজরুলের 'সাম্যবাদী' কবিতার 'গাহি সাম্যের গান' চরণটির পরবর্তী চরণ হচ্ছে-**
A. তোমার কণ্ঠে ধ্বনিত সদাই সকল কালের গান।
B. যেখানে মিশেছে হিন্দু-বৌদ্ধ-মুসলিম-ক্রিশ্চান।
C. যেখানে আসিয়া এক হয়ে গেছে সব বাধা-ব্যবধান।
D. ওইখানে বসি গাহিলেন কবি জগতের সাম-গান।

**ব্যাখ্যা: কাজী নজরুল ইসলামের 'সাম্যবাদী' কবিতার গুরুত্বপূর্ণ কিছু চরণ :**
- গাহি সাম্যের গান -
যেখানে আসিয়া এক হয়ে গেছে সব বাধা-ব্যবধান, যেখানে মিশেছে হিন্দু-বৌদ্ধ-মুসলিম-ক্রিশ্চান।
গাহি সাম্যের গান!
- কে তুমি?-পার্সি? জৈন? ইহুদি? সাঁওতাল, ভীল, গারো? কনফুসিয়াস? চার্বাক-চেলা? বলে যাও, বল আরও! বন্ধু যা খুশি হও।

**Ans : C.**

**17. "এই পৃথিবীতে এক স্থান আছে" শীর্ষক কবিতায় বর্ণিত স্থানটি কেমন?**
A. ভয়ঙ্কর ও কদর্য B. কুৎসিৎ ও বীভৎস
C. মনোরম ও স্নিগ্ধ D. সুন্দর সকরুণ

**ব্যাখ্যা: জীবনানন্দ দাশের 'এই পৃথিবীতে এক স্থান আছে' কবিতার গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- কবিতায় বর্ণিত স্থানটি - সুন্দর করুণ।
- সবুজ ডাঙা ভরে আছে - মধুকূপী ঘাসে অবিরল।
- সেখানে অরুণ জাগিছে - ভোরের মেঘে নাটার রঙের মত।
- কর্ণফুলী ধলেশ্বরী পদ্মা অবিরল জল দেয় - জলাঙ্গীরে।
- সেখানে পানের বনের মত হাওয়ায় চঞ্চল - শঙ্খচিল।
- অন্ধকারে ঘাসের উপর নুয়ে থাকে - লেবুর শাখা।

**Ans : D.**

**18. কোন কবিতায় নাট্যগুণ রয়েছে?**
A. তাহারেই পড়ে মনে B. আঠারো বছর বয়স
C. লোক-লোকান্তর D. এই পৃথিবীতে এক স্থান আছে

**ব্যাখ্যা: সুফিয়া কামালের 'তাহারেই পড়ে মনে' কবিতার গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- প্রকাশকাল - ১৯৩৫ খ্রিস্টাব্দে (মাসিক মোহাম্মদী)।
- ছন্দ - অক্ষরবৃত্ত ছন্দে রচিত।
- পর্ব - প্রথম পর্ব আট ও দ্বিতীয় পর্ব দশ মাত্রার।
- প্রতিচরণে পর্ব দুইটি এবং মাত্রা ১৮টি।
- উৎস - 'সাঁঝের মায়া' কাব্যগ্রন্থ।
- বৈশিষ্ট্য - নাট্যগুণে রচিত।

**Ans : A.**

**19. আহসান হাবীবের প্রথম কাব্যগ্রন্থ কোনটি?**
A. ছায়াহরিণ B. রাত্রিশেষ
C. মেঘ বলে চৈত্রে যাবো D. সারা দুপুর

**ব্যাখ্যা: 'আহসান হাবীব' সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য–**
- জন্ম : ১৯১৭। মৃত্যু : ১৯৮৫।
- কর্মজীবন : ভারপ্রাপ্ত সম্পাদক - মাসিক সওগাত।
- কাব্যগ্রন্থ : রাত্রিশেষ (প্রথম) (১৯৪৭), ছায়াহরিণ (১৯৬২), সারাদুপুর (১৯৬৪), মেঘ বলে চৈত্রে যাব (১৯৭৬)।
- উপন্যাস : অরণ্যে নীলিমা, জাফরানী রং পায়রা, রাণী খালের সাঁকো।
- পুরস্কার : বাংলা একাডেমি পুরস্কার, একুশে পদক প্রভৃতি।

**Ans : B.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

20. 'আঠারো বছর বয়স জানে না কাঁদা'- কারণ এই বয়সে মানুষ-
A. বিপদ মোকাবেলায় এগিয়ে যায়
B. আত্মপ্রত্যয়ী হয়
C. অজানাকে জানতে চায়
D. কল্যাণের জন্য রক্তমূল্য দেয়

**ব্যাখ্যা: সুকান্ত ভট্টাচার্যের 'আঠারো বছর বয়স' কবিতার গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- এ বয়স কাঁদতে জানেনা কারণ - এ বয়সে আত্মপ্রত্যয়ী হয়।
- বিপদের মুখে এ বয়সের প্রকৃতি - অগ্রণী।
- এ বয়স কালো রং হয় - লক্ষ দীর্ঘশ্বাসে।
- এ বয়স কাপে - বেদনায় থরোথরো।
- এ বয়স বাঁচে - দুর্যোগে ও ঝড়ে।

**Ans : B.**

21. কোন কবিতায় কবি ইতিহাস ও ঐতিহ্যের সঙ্গে মা-বো-ভাই ও পরিবারের প্রসঙ্গ টেনে এনেছেন?
A. আমি কিংবদন্তির কথা বলছি
B. লোক-লোকান্তর
C. রক্তে আমার অনাদি অস্থি
D. নূরলদীনের সারাজীবন

**ব্যাখ্যা: আবু জাফর ওবায়দুল্লাহ রচিত 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- কবিতায় কবি বাংলায় সংঘটিত বিভিন্ন আন্দোলন সংগ্রামের সাথে পরিবারের - মা, ভাই, বোনের প্রসঙ্গ এনেছেন।
- ছন্দ প্রকৃতি - গদ্যছন্দে রচিত।
- যে কর্ষণ করে তাকে - শস্যের ভান্ডার সমৃদ্ধ করবে।
- প্রবহমান নদীর কথা বলতেন - কবির মা।
- কবির বোনের অবস্থা কেমন? - গর্ভবতী এবং মৃত্যু।
- কবির ভাই কী করে? - যুদ্ধ করে।

**Ans : A.**

22. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় একুশের চেতনার রঙের প্রতীক কোনটি?
A. কৃষ্ণচূড়া
B. কমলবন
C. শহিদের রক্ত
D. অবিনাশী বর্ণমালা

**ব্যাখ্যা: শামসুর রাহমানের "ফেব্রুয়ারি ১৯৬৯" কবিতার গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- একুশের চেতনার রঙের প্রতীক - কৃষ্ণচূড়া।
- কৃষ্ণচূড়া ফুটেছে - শহরের পথে।
- কৃষ্ণচূড়া ফুলগুলো - শহীদের ঝলকিত রক্তের বুদ বুদ এর মত।
- ১৯৬৯ এ কে শূন্যে ফ্লাগ তুলে - সালাম।
- সালামের ফ্লাগের প্রকৃত অর্থ - হাত।
- ফুল ফুটে - হৃদয়ের হরিৎ উপত্যকায়।
- কবিতার উৎস - 'নিজ বাসভূমে' কাব্যগ্রন্থ।

**Ans : A.**

23. কোনটি কাব্যনাট্যের অংশ?
A. মেঘনাদবধ কাব্য
B. আঠারো বছর বয়স
C. ঐকতান
D. নূরলদীনের সারাজীবন

**ব্যাখ্যা: সৈয়দ শামসুল হক রচিত 'নূরলদীনের কথা মনে পড়ে যায়' কবিতার গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- 'নূরলদীনের কথা মনে পড়ে যায়' কবিতাটি সৈয়দ শামসুল হকের 'নূরলদীনের সারাজীবন' কাব্যনাটকের প্রস্তাবনা অংশ।
- নূরলদীন ডাক দিয়েছিলো - ১১৮৯ সনে (১৭৮৩ সালে)।
- প্রপাত অর্থ - নির্ঝরের পতনের স্থান।
- নূরলদীন দেখা দেয় - মরা আঙিনায়।
- অতীত হানা দেয় - মানুষের বন্ধ দরজায়।

**Ans : D.**

24. কবি দিলওয়ারের প্রকৃত নাম কী?
A. দিলওয়ার খান
B. মোহাম্মদ দিলওয়ার
C. দিলওয়ার চৌধুরী
D. দিলওয়ার হোসেন

**ব্যাখ্যা: কবি 'দিলওয়ার' সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- জন্ম : ১৯৩৭ সাল, মৃত্যু : ২০১৩ সাল।
- পুরো (প্রকৃত) নাম : দিলওয়ার খান।
- 'খান' উপাধি বর্জন করেন - জনমনের সাথে একাত্মতা প্রকাশ করার জন্য।
- পেশা : শিক্ষকতা, সাংবাদিকতা, লেখক, কবি, ছড়াকার।
- কাব্য : জিজ্ঞাসা, ঐকতান, উদ্ভিন্ন উল্লাস, স্বনিষ্ঠ সনেট, রক্তে আমার অনাদি অস্থি, সপৃথিবী রইবো সজীব, দুই মেরু দুই ডানা, অনতীত পঙক্তিমালা।

**Ans : A.**

25. কোন বানানটি সঠিক?
A. বিদ্যোজ্জন
B. বিদ্বজ্জন
C. বিদ্যোজ্জন
D. বিদ্যজ্জন

**ব্যাখ্যা: নিচে গুরুত্বপূর্ণ কিছু সঠিক বানান :**

| ভুল | সঠিক | ভুল | সঠিক |
|---|---|---|---|
| বিদ্যজ্জন | বিদ্বজ্জন | বিচিত্রতা | বিচিত্র |
| ননির পুতুল | ননীর পুতুল | বৈশিষ্ট্যতা | বৈশিষ্ট্য |
| মরুমূভি | মরুভূমি | চৈত্র্য | চৈত্র |
| সাক্ষ | সাক্ষ্য | বিভ্যান্ত | বিভ্রান্ত |
| উজ্জ্বল | উজ্জ্বল | গীতাঞ্জলী | গীতাঞ্জলি |

**Ans : B.**

26. কোন বাগ্‌ধারাটি নেতিবাচক অর্থযুক্ত নয়?
A. আমড়া কাঠের ঢেঁকি
B. কলুর বলদ
C. বিসমিল্লায় গলদ
D. ননীর পুতুল

**ব্যাখ্যা: নিচে গুরুত্বপূর্ণ কিছু বাগধারা :**
- আমড়া কাঠের ঢেঁকি - অপদার্থ, অকেজো।
- কলুর বলদ - একটানা খাটুনি।
- বিসমিল্লায় গলদ - গোড়ায় গলদ।
- ননীর পুতুল - সহজে কাতর, আদুরে দুলাল।
- নিমরাজি - আংশিক স্বীকার করা।
- মান্ধাতার আমল - অতি প্রাচীনকাল।
- লগন চাঁদা - ভাগ্যবান।
- শবরীর প্রতীক্ষা - দীর্ঘকাল ধরে প্রতিক্ষা।

**Ans : B.**

27. 'হাভাতে' শব্দের অন্তর্গত 'হা' কোন শ্রেণির অন্তর্গত?
A. বিভক্তি
B. অনুসর্গ
C. উপসর্গ
D. প্রত্যয়

**ব্যাখ্যা: বিভক্তি** - শব্দের শেষে বসে এবং অন্য শব্দের সাথে অন্বয় বা সম্পর্ক তৈরি করে। যথা : তমার (তমা + র) বাড়ি।
**অনুসর্গ** - এক প্রকার অব্যয় শব্দের পরে বসে এবং বিভক্তির ন্যায় অন্য পদের সাথে অন্বয় তৈরি করে। যথা : আমি **তবে** চলে যাই।
**উপসর্গ** - শব্দের শুরুতে বসে এবং অর্থের পরিবর্তন ঘটায়। অর্থদ্যোতকতা আছে কিন্তু অর্থবাচকতা নাই। যথা : বিনির্মাণ, পরিহার, এখানে বি ও পরি উপসর্গ।
**প্রত্যয়** - প্রকৃতির সাথে বসে এবং শব্দ গঠনে সহায়তা করে। যথা : ফুলেল, ঘরোয়া।

**Ans : C.**

28. তদ্ধিত প্রত্যয়ের উদাহরণ কোনটি?
A. চলন্ত B. ডুবুরি C. পড়ুয়া D. লিখিয়ে

**ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু কৃৎ ও তদ্ধিত প্রত্যয় :**

| কৃৎ প্রত্যয় | তদ্ধিত প্রত্যয় |
|---|---|
| √চল + অন্ত - চলন্ত | বাক + ময় - বাঙ্ময় |
| √পড় + উয়া - পড়ুয়া | ভাত + উয়া - ভাতুয়া > ভেতো |
| √লিখ + ইয়া - লিখিয়া > লিখিয়ে | মহৎ + ইমন - মহিমা |
| √শ্রম + ইন - শ্রমী | কুম + আর - কুমার |
| √ডুব + আরি > উরি - ডুবুরি | |

**Ans : নাই**

29. উপমিত কর্মধারয়ের উদাহরণ কোনটি?
A. অরুণরাঙা
B. কুসুমকোমল
C. তুষারশুভ্র
D. বিড়ালতপস্বী

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু কর্মধারয় সমাস :**
- অরুণরাঙা - অরুণের ন্যায় রাঙা = উপমান কর্মধারয়।
- কুসুমকোমল - কুসুমের ন্যায় কোমল = উপমান কর্মধারয়।
- তুষারশুভ্র - তুষারের ন্যায় শুভ্র = উপমান কর্মধারয়।
- বিড়ালতপস্বী - বিড়ালের ন্যায় তপস্বী = উপমান কর্মধারয়।
- চন্দ্রমুখ - মুখ চন্দ্রের ন্যায় = উপমিত কর্মধারয়।
- পুরুষ সিংহ - পুরুষ সিংহের ন্যায় = উপমিত কর্মধারয়।
- কথামৃত - কথা অমৃতের ন্যায় = উপমিত কর্মধারয়।

**Ans : নাই।**

**30. 'কন্দর' শব্দের অর্থ কী?**
A. পর্বতশীর্ষ B. উপত্যকা C. পর্বতগুহা D. মরুভূমি

**ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু সমার্থক শব্দ :**

| শব্দ | অর্থ | শব্দ | অর্থ |
|---|---|---|---|
| কন্দর | পর্বতের গুহা | অন্যপুষ্ট | কোকিল |
| অদিতি | পৃথিবী | নিবীত | ওড়না |
| অসূয়া | হিংসা | এণ | হরিণ |
| অনুপ | বিল | কলন | আকাশ |
| শফর | পুঁটিমাছ | পন্নগ | সরীসৃপ |

**Ans : C.**

**31. 'Dialect' এর বাংলা পারিভাষিক শব্দ কোনটি?**
A. অপভাষা B. উপভাষা C. মানভাষা D. মিশ্রভাষা

**ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু পারিভাষিক শব্দ :**

| | | | |
|---|---|---|---|
| Dialect | উপভাষা | Exhibition | প্রদর্শনী |
| Standard Language | মানভাষা | Caption | পরিচয়-নাম |
| Slang | অপভাষা | Discount | বাট্টা |
| Hostage | প্রতিভূ | Call Money | তলবী টাকা |
| Option | ইচ্ছা | Excuse | অজুহাত |
| Vacancy | খালি | Casual | নৈমিত্তিক |

**Ans : B.**

**32. কোন শব্দটির প্রয়োগ শুদ্ধ?**
A. দারিদ্রতা B. সৌন্দর্যতা C. বিচিত্রতা D. বৈশিষ্ট্যতা

**ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু অপপ্রয়োগ ও শুদ্ধপ্রয়োগ -**

| অপপ্রয়োগ | শুদ্ধপ্রয়োগ | অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ |
|---|---|---|---|
| দারিদ্রতা | দরিদ্রতা/দারিদ্র্য | উদ্বতপূর্ণ | উদ্ধতপূর্ণ |
| সৌন্দর্য্যতা | সৌন্দর্য | মাধুর্য্যতা | মাধুর্য্য |
| বৈচিত্রতা | বিচিত্রতা | সেচ্ছায় | স্বেচ্ছায় |
| বৈশিষ্ট্যতা | বৈশিষ্ট্য | বিপদপন্ন | বিপদাপন্ন |
| শয্য | সহ্য | আকাঙ্খা | আকাঙ্ক্ষা |

**Ans : C.**

**33. 'তালা' শব্দটি কোন ভাষা থেকে আসা ঋণশব্দ?**
A. পর্তুগিজ B. ইংরেজি C. ওলন্দাজ D. ফারসি

**ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু বিদেশি শব্দ :**
- পর্তুগিজ : মিস্ত্রি, তালা, চাবি, ক্রুশ, কপি, যিশু, পেঁপে, কেদারা, জানালা।
- ইংরেজি : টেনিস, লেবেল, চেয়ার, বুরুশ, সান্ত্রি।
- ওলন্দাজ : টেক্কা, রুইতন, হরতন, তুরুপ, ইস্কাপন।
- ফারসি : মুরগি, পোলাও, বাজার, দোকান, রপ্তানি।

**Ans : A.**

**34. কোন বাক্যটিতে অপপ্রয়োগ ঘটেনি?**
A. সকল লোকেরা ক্ষুধার্ত।
B. সে আদালতে সাক্ষ্য দেবে।
C. আমি আদালতে সাক্ষী দেব না।
D. জ্বলন্ত আগুনের শিখায় চারপাশ উজ্জ্বল হয়েছে।

**ব্যাখ্যা: অপপ্রয়োগ ঘটিত শব্দে নিম্নরেখ দেওয়া হল :**
- সকল লোকেরা (সকল লোক) ক্ষুধার্ত। - বাহুল্য দোষ।
- জ্বলন্ত 'আগুনের' শিখায় চারপাশ উজ্জ্বল হয়েছে - ভুল।
- 'আগুনের' শিখায় চারপাশ উজ্জ্বল হয়েছে - সঠিক।
- সে আদালতে সাক্ষ্য দেবে - সঠিক।

**Ans : B.**

**35. 'স্ত্রী' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি?**
A. ভার্যা B. তনয়া C. কান্তা D. দার

**ব্যাখ্যা:** • স্ত্রী শব্দের সমার্থক শব্দ হলো : ভার্যা, কান্তা, দার, বৌ, পত্নী, অর্ধাঙ্গী, জনি, বধূ, গৃহিণী, বউ, প্রেয়সী, বিবাহিত মহিলা।
• তনয়া শব্দের সমার্থক শব্দ : কন্যা, পুত্রী, মেয়ে, নারী, আত্মজা, কুমারী, কন্যকা, পুত্রিকা, অঙ্গজা, দুহিতা, মেয়ে।

**Ans : B.**

## English : 35

**1. Thank you very much. I shall be as quiet as a mouse. But_____ just put the TV on.**
A. I'd B. I'll C. I've D. I'm

**ব্যাখ্যা:** But দ্বারা যুক্ত দুটি অংশে tense এর একই form হবে। আগের অংশে future indefinite থাকায় পরের অংশেও future indefinite হবে।

**Ans : B.**

**2. That's what you always____.**
A. said B. are saying
C. had said D. say

**ব্যাখ্যা:** সাধারণত always, never, often ইত্যাদি থাকলে sentence, present indefinite হয়। সুতরাং এখানে verb এর present form হিসেবে say বসবে।

**Ans : D.**

**3. If they had waited another month, they could probably___ a better price for their house.**
A. could get B. had got
C. have got D. might get

**ব্যাখ্যা:** Sentence টি 3rd conditional এর
**Structure :** If + subj + had + v(p.p), + subj + would/could/might + have + v (p.p)
If he had gone there, he could have attendent the class অনুরূপভাবে এখানে, If they had waited another month, they could probably have got a beter price for their house হবে।

**Ans : C.**

**4. ___ these students are among the best prepared who have graduated from this university.**
A. At the whole B. On the whole
C. In the general D. In generally

**ব্যাখ্যা:** On the whole- taking everything into account. এখানে অনেকগুলো components এর মধ্যে একটি নির্দিষ্ট অংশকে specifically বুঝানো হয়েছে। এক্ষেত্রে on the whole বসবে।

**Ans : B.**

**5. Who said growing up was___?**
A. fun B. joke
C. humour D. laughter

**ব্যাখ্যা:** Fun-adjective/noun Joke - noun/verb
Humour-noun Laughter - noun.
Auxiliary verb এর পর সাধারণত Adjective বসে। সুতরাং সে হিসেবে এখানে option (A) perfect

**Ans : A.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**6. Have you heard the latest? Shuman and Mita are___ married.**

A. getting B. becoming
C. growing D. going

ব্যাখ্যা: সাধারণত বিয়ে করার ক্ষেত্রে get married বসে। এখানে verb present continuous tense, তাই সঠিক উত্তর হবে getting married.
**Ans : A.**

**7. The moment the lights went out there were scenes of____.**

A. madness B. insanity C. attack D. panic

ব্যাখ্যা: Madness (n) - পাগলামী Insanity (n) - মানসিক ভাবে অসুস্থ
Attack (v) - আক্রমণ Panic (n) - আতঙ্ক
অর্থ অনুযায়ী বাক্যের সাথে সর্বোচ্চ মানানসই panic.
**Ans : D.**

**8. First impressions are important because how you___ initially can be as important as what you say.**

A. come by B. come back
C. come out D. come across

ব্যাখ্যা:

| | | | |
|---|---|---|---|
| come by | পাওয়া | come up to | সমান হওয়া |
| come back | ফিরে আসা | come about | ঘটা |
| come out | প্রকাশিত হওয়া | come down | বন্ধ হয়ে যাওয়া |
| come across | অপ্রত্যাশিতভাবে পাওয়া | come at | নাগাল পাওয়া |
| come off | সম্পন্ন হওয়া | come over | মনে আসা |
| come out | প্রকাশ হওয়া | | |

এখানে come out বাক্যের অর্থের সাথে সামঞ্জস্যপূর্ণ।
**Ans : C.**

**9. I have always___ my grandfather because he has lived such an amazing life.**

A. looked at B. looked for
C. looked up to D. looked after

ব্যাখ্যা:

| | | | |
|---|---|---|---|
| Look at | তাকানো | Look down upon | ঘৃণা করা |
| Look for | খোঁজা | Look over | পরীক্ষা করা |
| Look up to | কারো প্রতি শ্রদ্ধা প্রদর্শন | Look up | খুঁজে বের করা |
| Look after | দেখাশোনা করা | Look on | গণ্য করা |

এখানে look up to বাক্যের অর্থের সাথে সামঞ্জস্যপূর্ণ।
**Ans : C.**

**10. To get a job as secretary you must be good___ typing and answering phones.**

A. for B. at C. with D. about

ব্যাখ্যা: Good at - দক্ষ
এখানে দক্ষতা বুঝাতে fill in the gaps এ at বসবে।
**Ans : B.**

**11. Some charity groups are working to lower the___ of poor people around the world.**

A. group B. crowd
C. numbers D. number

ব্যাখ্যা: Countable noun এর ক্ষেত্রে অধিক সংখ্যা বুঝাতে the number of এবং uncountable এর ক্ষেত্রে the amount of বসে। গরিব লোকদের সংখ্যা বুঝাতে the number of বসবে।
**Ans : D.**

**12. One of the child's teeth is very___ and will soon fall out.**

A. loss B. losing C. lose D. loose

ব্যাখ্যা: Loss (n) - ক্ষতি Losing (v) - হারাচ্ছে
Lose (v) - হারানো Loose (adj.) - ঢিলা/নড়বড়ে
sentence এ gap এ adjective হবে এবং দাঁত নড়বড়ে অর্থ প্রকাশ করবে। সুতরাং দাঁত নড়বড়ে বুঝাতে loose হবে।
**Ans : D.**

**13. The firm has expanded and they want to___ on extra staff.**

A. do B. get C. make D. take

ব্যাখ্যা: বাক্যটির অর্থ - ফার্মটি প্রসারিত হয়েছে এবং তারা অতিরিক্ত কর্মী নিতে চায়। অর্থাৎ কর্মী নেয়া বুঝাতে take ব্যবহৃত হবে।
গুরুত্বপূর্ণ কিছু group verb :

| | | | |
|---|---|---|---|
| get back | ফিরে যাওয়া | get on with | মানিয়ে নেওয়া |
| get over | মুক্তি পাওয়া | get on | অগ্রসর হওয়া |

**Ans : D.**

**14. You had to stand there for ages while each guest made up their mind turning ___ the choices in their minds.**

A. down B. over
C. in D. into

ব্যাখ্যা: মত পরিবর্তন করা অর্থে turn over বসে।

| | | | |
|---|---|---|---|
| Turn off | বন্ধ করা | Turn down | প্রত্যাখ্যান করা |
| Turn out | বিতাড়িত করা | Turn into | পরিণত করা |

**Ans : B.**

**15. In spite of the antagonistic display by their opponents' supporters,___ city commissioners try to keep reason and clam at the forefront.**

A. the three incumbent
B. a three incumbent
C. three incumbent
D. the incumebnt three

ব্যাখ্যা: তিনটি নির্দিষ্ট city commissioner এর কথা বলা হয়েছে। তাই the বসবে। option 'D' এ the থাকা সত্ত্বেও এর structure ভুল। তাই A সঠিক।
**Ans : A.**

**16. The doctors have not been able to determine when____ to lose her mental capacity.**

A. did the woman begin
B. the woman began
C. began the woman
D. the woman was begun

ব্যাখ্যা: sentence টি Embedded Question এর example Embedded Question এর নিয়ম অনুযায়ী বাক্যের মধ্যে WH word how many, how much, how often, how long, how far ইত্যাদি বসলে এদের পর পরই subj + verb হবে। এখানে বাক্যের মধ্যে when আছে তাই এর পরই the women began to lose হবে, সুতরাং option (B) সঠিক।
**Ans : B.**

**17. We'll find a hotel___ we arrive in Jakarta.**

A. until B. while
C. when D. as long as

ব্যাখ্যা: Until - যতক্ষণ না পর্যন্ত While - যতক্ষণে
When - যখন As long as - যতক্ষণ পর্যন্ত
এখানে যখন অর্থ বুঝাতে when হবে।
**Ans : C.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**18. It can be very difficult for young couples to___ their marrige when there are young children involved.**

A. break off B. break away
C. break out D. break up

ব্যাখ্যা: কোনো relationship ভেঙ্গে যাওয়া অর্থে break up হয়।
Break off - হঠাৎ থামিয়ে দেওয়া; Break up - সম্পর্ক ছিন্ন করা।
Break away - পালানো; Break out - পালিয়ে যাওয়া।
**Ans : D.**

**19. Can you please___ us some money until we get paid next week?**

A. lend B. give C. borrow D. grant

ব্যাখ্যা: Lend - ধার দেওয়া Give - দেওয়া
Borrow - ধার নেওয়া Grant - প্রদান করা
এখানে Lend বসবে ধার দেওয়া অর্থ বুঝাতে।
**Ans : A.**

**20. Corruption in institutions will continue to happen ____ administration continues to deny that the problem exists.**

A. as good as B. as long as
C. as soon as D. as much as

ব্যাখ্যা: প্রাতিষ্ঠানিক দুর্নীতি চলতে থাকবে যতক্ষণ পর্যন্ত না প্রশাসন অস্বীকার করবে এই সমস্যাটির অস্তিত্ব আছে।
এখানে 'যতক্ষণ পর্যন্ত না' অর্থ বুঝাতে as long as বসবে।
**Ans : B.**

**21. I____ come if I had had time.**

A. have B. had
C. would have D. did

ব্যাখ্যা: Sentence টি 3rd conditional এর example এর structure :
If + subj + had + v (p.p), + subj + would/could/might + have + v (p.p)
**Example :** If I had gone there, I could have enjoyed the party.
অনুরূপভাবে এখানে, I would have come, If I had had time হবে।
**Ans : C.**

**22. This time tomorrow you___ sitting in a deck chair on the beach.**

A. are B. were C. will D. will be

ব্যাখ্যা: এখানে "tomorrow" future tense marker. Verb continuous form এ আছে সুতরাং future continuous tense এর structure - Sub + shall/will + be + verb (ing) + Obj.
**Example :** I will be doing the work.
**Ans : D.**

**23. Our class teachers suggested that we____ textbooks to the classroom everyday.**

A. bring B. would bring
C. had brought D. would have brought

ব্যাখ্যা: Sentence টি subjunctive এর example, subjunctive এর structure -
subjunctive + that + v (base form) + obj
**Example** - The doctor advised that he give up smoking.
অনুরূপভাবে, Our class teacher suggested that we bring text book to the classroom everyday.
**Subjunctive words :**

| | | | | |
|---|---|---|---|---|
| Demand | Advise | Want | Offer | insist |
| Allow | Ask | Prefer | Mandate | forbid |
| Beg | Urge | Purpose | Intent | recquire |

**Ans : A.**

**24. The managing director *hit the nail on the head* when he said the company's spending is outrageous and unethical. The phrase "*to hit the nail on the head*" means :**

A. to say something dangerous
B. to say something accurate
C. to say something that is pretentious
D. to say something stupid

ব্যাখ্যা: Hit the neil on the head - কোনো ঘটনা সঠিকভাবে বর্ণনা করা।
**Ans : B.**

**25. Which of the following would be an appropriate response to "Are you going to call in sick tomorrow?"**

A. I get a coffee break at ten in the morning.
B. My wife isn't feeling well.
C. I think so. I don't feel well.
D. It's my turn to go first.

ব্যাখ্যা: তুমি কি আগামিকাল অসুস্থতার জন্য ছুটি নিতে চাচ্ছ?
এর response হিসেবে perfect হবে option (c)
**Ans : C.**

**26. You still want to much him,___ ?**

A. won't you B. don't you
C. do you D. will you

ব্যাখ্যা: এখানে auxiliary verb নেই। Main verb, present tense এ আছে এবং এই subject, second person আছে তাই এর tag question don't you হবে।
**Ans : B.**

**27. I told him time and____ not to do it but he takes no notice.**

A. time B. often
C. again D. tide

ব্যাখ্যা: Time and again - বারবার কোনোকিছু বলা বা লেখা
Off and on - মাঝে মধ্যে
Out and out - সম্পূর্ণরূপে
Ups and downs - উত্থান পতন।
সুতরাং এখানে বারবার কোনোকিছু বলা বুঝাতে time and again হবে।
**Ans : C.**

**28. Scarcely___ from school when their tutor comes to teach them.**

A. could they come B. do they come
C. may they return D. they come

ব্যাখ্যা: Scarcely, hardly, barely, rarely, seldom etc. এই word গুলো বাক্যের শুরুতে থাকলে auxiliary verb, subject এর আগে চলে আসে এবং auxiliary না থাকলে do/does/did আসবে। এখানে, পরের অংশ present form আছে। তাই option 'B' correct.
**Ans : B.**

**Read the passage below and answer the questions (29-35).**

It is easy to make a delicious-looking hamburger at home. But would this hamburger still look delicious after it sat on your kitchen table under very bright lights for six or seven hours? If someone took a picture or made a video of this hamburger after the seventh hour, would anyone want to eat it? More importantly, do you think you could get millions of people to pay money for this hamburger?

শিক্ষার সবকিছু এক ঠিকানায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

These are the questions that fast food companies worry about when they produce commercials or print ads for their products. Video and photo shoots often last many hours. The lights that the photographers use can be extremely hot. These conditions can cause the food to look quite unappealing to potential consumers. Because of this, the menu items that you see in fast food commercials are probably not acually edible.

Let's use the hamburger as an example. The first step towards building the perfect commercial hamburger is the bun. The food stylist- a person employed by the company to make sure the products look perfect- sorts through hundreds of buns until he or she finds one with no wrinkles. Next, the stylist carefully rearranges the sesame seeds on the bun using glue and tweezers for maximum visual appeal. The bun is then sprayed with a waterproofing solution so that it will not get soggy from contact with other ingredients, the lights, or the humidity in the room.

Next, the food stylist shapes a meat patty into a perfect circle. Only the outside of the meat gets cooked-the inside is left raw so that the meat remains moist. The food stylist then paints the outside of the meat patty with a mixture of oil, molasses, and brown food coloring. Grill marks are either painted on or seared into the meat using hot metal skewers.

Finally, the food stylist searches through dozens of tomatoes and heads of lettuce to find the best-looking produce. One leaf of the crispest lettuce and one center slice of the reddest tomato are selected and then sprayed with glycerin to keep them looking fresh.

So the next time you see a delectable hamburger in a fast food commercial, remember : you're actually looking at glue, paint, raw meat, and glycerin! Are you still hungry?

**29. The author's primary purpose is to-**

A. convince readers not to eat at fast food restaurants
B. explain how fast food companies make their food look delicious in commercials
C. teach readers how to make delicious-looking food at home
D. criticize fast food companies for lying about their products in commercials

**ব্যাখ্যা:** এখানে writer কোনোভাবেই restaurant এ fast food খেতে কাস্টমারদের নিরুৎসাহিত করেন নি। তাই option A হবেনা।
এখানে খাবার বাসার তৈরির ব্যাপারে কোনো বর্ণনা করেন নি তাই C হবে না।
fast food কোম্পানির সমালোচনা করেননি তাই D হবে না।
লেখক বর্ণনা করতে চেয়েছেন fast food company কীভাবে তাদের খাবার আকর্ষণীয় করে বিজ্ঞাপনে ব্যবহার করে। তাই option B সঠিক।
**Ans : B.**

**30. According to the passage, fast food companies use things like glue and glycerin on hamburgers that appear in advertisements because**
**I. no one acutally has to eat the food used in the commercial**
**II. it is important that people who see these advertisements would pay for the food being advertised**
**III. filming a commercial or a print ad can take a very long time**

A. I only  B. I and II only
C. II and III only  D. I, II and III

**ব্যাখ্যা:** কারণ যারা advertisement দেখেছে তারা ঐ ফুডের জন্যই pay করবে এবং ঐ advertisement গুলো তৈরি করতে অনেক সময় লাগে।
**Ans : C.**

**31. As used in paragraph 2, something is edible if it**

A. can safely be eaten
B. looks very delicious
C. seems much smaller in real life
D. tastes good

**ব্যাখ্যা:** Edible - ভোজ্য, বিষমুক্ত
Paragraph 2 তে বলা হয়েছে Advertisement গুলোর food গুলোতে glue এবং অন্যান্য পদার্থ ব্যবহার করা হয়। যেগুলো খাওয়ার অনুপযোগী। অর্থাৎ Advertisement এ দেখানো food গুলো খাওয়ার জন্য safe না। মানে হচ্ছে যা খাবার জন্য safe. তাই edible. সুতরাং option A correct.
**Ans : A.**

**32. According to the passage, a food stylist working on a hamburger commercial might use glue to-**

A. make sure the meat patty stays attached to the bun
B. keep the sesame seeds on the bun in perfect order
C. arrage the lettuce on the tomato
D. hold the entire hamburger together

**ব্যাখ্যা:** Paragraph তে বলা আছে একজন food stylist যখন glue ব্যবহার করে। যেনো bun এ যেনো তিলগুলো আটকে থাকে আকর্ষণীয় মনে হয়।
**Ans : B.**

**33. Based on information in the passage, it is most important for the lettuce and tomato used in a fast food hamburger commercial to**

A. have a great taste
B. be the perfect shape and size
C. appear natural
D. look fresh

**ব্যাখ্যা:** second last paragraph এ বলা আছে, food stylist যখন lettuce এবং tomato ব্যবহার করেন, তখন তার উপর glycerin spray করেন যেনো দেখতে fresh মনে হয়। সুতরাং 'D' correct.
**Ans : D.**

**34. Imagine that the author decides to change this passage so that it talks about a cheeseburger instead of a hamburger. Assume that the cheese goes directly on top of the hamburger patty. If the author wants to include a paragraph about how the food stylist designs the cheese and places it on the meat patty, this new paragraph would best fit into the passage**

A. between paragraph 2 and paragraph 3
B. between paragraph 3 and paragraph 4
C. between paragraph 4 and paragraph 5
D. between paragraph 5 and paragraph 6

**ব্যাখ্যা:** যেহেতু cheese burger এর cheese, hamburger patty এর উপরে থাকবে, সুতরাং এর বর্ণনা paragraph 4 এবং 5 এর মধ্যে হওয়া উচিত।
**Ans : C.**

**35. As used in the final paragraph, which is the best synonym for delectable?**

A. disgusting  B. familiar
C. fake  D. delicious

**ব্যাখ্যা:** Delectable (adj.) এর অর্থ - greatly pleasing to the taste, যা delicious এর synonym
**Ans : D.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

## সাধারণ জ্ঞান : ৩০

**1. ২০১৮ সালে শান্তিতে নোবেল বিজয়ী ডেনিস মুকওয়েগে ও নাদিয়া মুরাদ কোন দেশের নাগরিক?**

A. কঙ্গো ও ইরাক B. ইরাক ও ইয়েমেন
C. কঙ্গো ও নাইজেরিয়া D. মিশর ও ডেনমার্ক

**ব্যাখ্যা:** • ২০১৮ সালে শান্তিতে নোবেল পেয়েছেন ইরাকের কুর্দি মানবাধিকারকর্মী নাদিয়া মুরাদ ও কঙ্গোর চিকিৎসক ডেনিস মুকওয়েগে।
• যুদ্ধকালে ও সশস্ত্র সংগ্রামের সময় যৌন সহিংসতা প্রতিরোধে অবদান রাখায় নাদিয়া মুরাদ ও ডেনিস মুকওয়েজিকে এই পুরস্কার দেওয়া হয়েছে।
• ডেনিস মুকওয়েজি তাঁর জীবনের বড় একটি সময় ব্যয় করেছেন কঙ্গো প্রজাতন্ত্রে যৌন সহিংসতার শিকার মানুষের সাহায্যার্থে।
• ডা: মুকওয়েগে গণতান্ত্রিক কঙ্গো প্রজাতন্ত্রের একজন গাইনোকলজিস্ট যিনি বহু ধর্ষিতা নারীর চিকিৎসা করেছেন।
• মানবাধিকার বিষয়ক আইনজীবী আমাল ক্লুনির সঙ্গে আইএস জঙ্গিদের হাতে বন্দী ইয়াজিদি নারী ও যাঁরা পালিয়ে এসেছেন, তাঁদের নিয়ে কাজ করেছেন নাদিয়া মুরাদ।
• নাদিয়া মুরাদকে ইয়াজিদিদের মুক্তির প্রতীক বলা হয়।
**Ans : A.**

**2. 'ফ্যাসিবাদ' এর প্রবর্তক কে?**

A. হিটলার B. মুসোলিনী C. গর্বাচেভ D. মাও সেতুং

**ব্যাখ্যা:** • ফ্যাসিবাদের প্রবর্তক বেনিতো মুসোলিনি।
• বেনিতো মুসোলিনি ১৮৮৩ সালের ২৯ জুলাই ইতালিতে জন্ম গ্রহণ করেন।
• ইতালির এই একনায়ক ১৯২২ সাল থেকে ১৯৪৩ সালে তার ক্ষমতাচ্যুত হওয়ার পূর্ব পর্যন্ত সমগ্র রাষ্ট্রের ক্ষমতাধর ছিলেন।
• ফ্যাসিবাদ (ইংরেজি: Fascism) হচ্ছে র‍্যাডিকাল কর্তৃত্বমূলক জাতীয়তাবাদের একটি রূপ।
• ১ম বিশ্বযুদ্ধের পর ইতালিতে ফ্যাসিবাদ উৎপত্তি লাভ করে জাতীয় সিন্ডিক্যালবাদ দ্বারা প্রভাবিত হয়।
• ফ্যাসিবাদ ছিল সমাজতন্ত্র, উদারতাবাদ, সাম্যবাদ, ডানপন্থী রক্ষণশীল, গণতান্ত্রিকের বিরোধী।
**Ans : B.**

**3. আকিয়াব ও আকাব যথাক্রমে কোন কোন দেশের সমুদ্রবন্দর?**

A. মিয়ানমার, ইরাক B. ইরান, মিয়ানমার
C. মিয়ানমার, জর্ডান D. জর্ডান, মিয়ানমার

**ব্যাখ্যা:** • আকিয়াব সমুদ্র বন্দর মিয়ানমারে অবস্থিত এবং আকাব অবস্থিত জর্ডানে।
• মিয়ানমারের সিতওয়েতে (পূর্বে যার নাম ছিল আকিয়াব) চীন এই গভীর সমুদ্র বন্দর নির্মাণ করে দিয়েছিল।
• লৌহ যুগ থেকে আকাবা একটি প্রধান বন্দর হিসেবে পরিচিত।
• ঐতিহাসিকভাবে আকাবা বন্দরটি বিশেষভাবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে কারণ এই বন্দর দামাস্কাস ও মদিনার সাথে সংযোগ স্থাপন করে।
**Ans : C**

**4. সুন্দরবন বাংলাদেশের কোন জেলাকে স্পর্শ করেনি?**

A. বরগুনা B. পটুয়াখালী C. সাতক্ষীরা D. ঝালকাঠি

**ব্যাখ্যা:** • সুন্দরবন বাংলাদেশের ৫টি জেলাকে স্পর্শ করেছে।
• সেগুলো হল- খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা, পটুয়াখালী ও বরগুনা।
• UNESCO সুন্দরবনকে বিশ্ব ঐতিহ্যের ৫২২তম অংশ হিসেবে ঘোষণা করে ৬ ডিসেম্বর, ১৯৯৭ সালে।
• বিশ্বের সবচেয়ে বড় এ ম্যানগ্রোভ বনাঞ্চলের আয়তন প্রায় ৭,৪১২ বর্গ কি.মি।
• গঙ্গা, মেঘনা ও ব্রহ্মপুত্র নদীত্রয়ের অববাহিকার বদ্বীপ এলাকায় অবস্থিত এই বনভূমি বাংলাদেশের খুলনা, সাতক্ষীরা ও বাগেরহাট জেলা এবং ভারতের পশ্চিমবঙ্গ রাজ্যের দুই জেলা উত্তর চব্বিশ পরগনা ও দক্ষিণ চব্বিশ পরগনা জুড়ে আছে।
• ১০,০০০ বর্গ কিলোমিটার জুড়ে গড়ে ওঠা সুন্দরবনের ৬,০১৭ বর্গ কিলোমিটার রয়েছে বাংলাদেশে এবং বাকি অংশ রয়েছে ভারতের মধ্যে।
**Ans : D.**

**5. বাল্মীকি কোন ভাষার কবি?**

A. বাংলা B. উর্দু C. হিন্দি D. সংস্কৃত

**ব্যাখ্যা:** • বাল্মীকি (খ্রিষ্টপূর্ব ৪০০ অব্দ, উত্তর ভারত) সংস্কৃত সাহিত্যের আদিকবি নামে পরিচিত।
• খ্রিষ্টীয় প্রথম শতাব্দী থেকেই বাল্মীকিকে ধ্রুপদী সংস্কৃত সাহিত্যের জনক মনে করা হয়ে থাকে।
• রামায়ণ মহাকাব্যের বর্ণনা অনুযায়ী তিনিই ঐ কাব্যের রচয়িতা।
• বাল্মীকিকে আদিকবি বা কবিগুরু বলার কারণ, প্রচলিত বিশ্বাস অনুযায়ী তিনিই প্রথম সংস্কৃত কাব্যে শ্লোকের রচয়িতা।
• তাঁকে রামায়ণ ব্যতীত যোগবাশিষ্ঠ নামক অপর এক হিন্দু ধর্মগ্রন্থের রচয়িতাও মনে করা হয়।
**Ans : D.**

**6. 'ব্ল্যাক সেপ্টেম্বর' কী?**

A. গোয়েন্দা সংস্থা B. গেরিলা সংস্থা
C. রাজনৈতিক সংগঠন D. সন্ত্রাসী সংগঠন

**ব্যাখ্যা:** • ব্ল্যাক সেপ্টেম্বর বলতে ১৯৭০ সালের ১৬ থেকে ২৭ সেপ্টেম্বর পর্যন্ত ইয়াসির আরাফাত এর নেতৃত্বাধীন মুনাজ্জামাত আল-তাহরির আল-ফিলিস্তিনিয়া বা ফিলিস্তিন মুক্তি সংস্থাকে বুঝায় যা একটি গেরিলা সংস্থা।
• এছাড়া একে জর্ডানের সম্রাট হুসাইন বিন তালাল এর নেতৃত্বাধীন জর্ডান সামরিক বাহিনীর মধ্যে সংঘটিত যুদ্ধ হিসেবেও বোঝানো হয়।
• কিছু এলাকায় যুদ্ধ ১৯৭১ সালের জুলাই মাস পর্যন্তও স্থায়ী ছিল।
• এই গৃহযুদ্ধ জর্দান আল-হাশিম রাজবংশ দ্বারা পরিচালিত হবে কি হবে নাকি মুনাজ্জামাত আল-তাহরির আল-ফিলিস্তিনিয়া দ্বারা পরিচালিত হবে তা নির্ধারণ করে।
• এই যুদ্ধে হাজার হাজার মানুষ নিহত হয়, যাদের অধিকাংশই ফিলিস্তিনি নাগরিক ছিলেন।
• যুদ্ধশেষে জর্ডানে মুনাজ্জামাত আল-তাহরির আল-ফিলিস্তিনিয়া এর নেতৃত্ব শেষ হয় এবং হাজার হাজার ফিলিস্তিনি যোদ্ধাকে লেবাননে নির্বাসনে পাঠানো হয়।
**Ans : B.**

**7. দাসপ্রথা রহিতকরণে কে অবদান রাখেন?**

A. রিচার্ড নিক্সন B. জর্জ ওয়াশিংটন
C. আব্রাহাম লিংকন D. জন এফ কেনেডি

**ব্যাখ্যা:** • দাসপ্রথা রহিত করেন আমেরিকার প্রেসিডেন্ট আব্রাহাম লিংকন।
• তাঁর জন্ম ১২ ফেব্রুয়ারি, ১৮০৯ এবং মৃত্যু ১৫ এপ্রিল, ১৮৬৫।
• তিনি মার্কিন যুক্তরাষ্ট্রের ১৬তম রাষ্ট্রপতি হিসেবে ১৮৬১ হতে ১৮৬৫ খ্রিস্টাব্দ পর্যন্ত ক্ষমতায় অধিষ্ঠিত ছিলেন।
• তিনি রিপাবলিকান পার্টির প্রথম রাষ্ট্রপতি।
• দাস প্রথার চরম বিরোধী ছিলেন আব্রাহাম লিংকন।
• ১৮৬০ সালে রিপাবলিকান পার্টির প্রার্থী হিসাবে রাষ্ট্রপতি নির্বাচিত হওয়ার পর ১৮৬৩ সালে তিনি মার্কিন যুক্তরাষ্ট্রের দাস প্রথার অবসান ঘটান এবং মুক্তি ঘোষণা (Emancipation Proclamation) এর মাধ্যমে দাসদের মুক্ত করে দেন।
• দাস প্রথাকে কেন্দ্র করে মার্কিন যুক্তরাষ্ট্রের গৃহযুদ্ধের সময় তিনি উত্তরাঞ্চলীয় ইউনিয়ন বাহিনীর নেতৃত্ব দেন এবং দক্ষিণের কনফেডারেট জোটকে পরাজিত করেন।
• জন উইল্‌কস বুথ নামক আততায়ীর হাতে তিনি ১৮৬৫ খ্রিস্টাব্দের ১৫ এপ্রিল গুলিবিদ্ধ ও নিহত হন।
**Ans : C.**

**8. বাংলা ভাষার প্রথম সার্থক মহাকাব্য কোনটি?**

A. বিষাদসিন্ধু B. মেঘনাদবধ কাব্য C. পদ্মাবতী D. মহাশ্মশান

**ব্যাখ্যা:** • বাংলা ভাষার প্রথম সার্থক মহাকাব্য হল মেঘনাদবধ কাব্য।
• মেঘনাদবধ কাব্য ১৯শতকীয় বাঙালি কবি মাইকেল মধুসূদন দত্ত কর্তৃক রচিত হয়।
• এটি অমিত্রাক্ষর ছন্দে লেখা একটি মহাকাব্য।
• এটি ১৮৬১ সালে দুই খণ্ডে বই আকারে প্রকাশিত হয়।
• কাব্যটি মোট নয়টি সর্গে বিভক্ত।
• মেঘনাদবধ কাব্য হিন্দু মহাকাব্য রামায়ণ অবলম্বনে রচিত, যদিও এর মধ্যে নানা বিদেশি মহাকাব্যের ছাপও সুস্পষ্ট।
**Ans : B.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**9. শওকত ওসমান দীর্ঘদিন কোন পেশায় নিযুক্ত ছিলেন?**

A. সাংবাদিকতা B. শিক্ষকতা C. আইন D. সরকারি চাকরি

**ব্যাখ্যা:** • শওকত ওসমান দীর্ঘদিন শিক্ষকতায় নিযুক্ত ছিলেন।
• তাঁর আসল নাম শেখ আজিজুর রহমান।
• তাঁর জন্ম ২ জানুয়ারি ১৯১৭ এবং মৃত্যু ১৪ মে ১৯৯৮।
• তিনি আইএ পাস করার পর কিছুদিন কলকাতা করপোরেশন এবং বাংলা সরকারের তথ্য বিভাগে চাকরি করেন।
• এমএ পাস করার পর ১৯৪১ সালে তিনি কলকাতার গভর্নমেন্ট কমার্শিয়াল কলেজে লেকচারার পদে নিযুক্ত হন।
• ১৯৪৭ সালে তিনি চট্টগ্রাম কলেজ অফ কমার্সে যোগ দেন এবং ১৯৫৮ সাল থেকে ঢাকা কলেজে অধ্যাপনা করে ১৯৭২ খ্রিষ্টাব্দে স্বেচ্ছা অবসরে যান।
• চাকরি জীবনের প্রথমদিকে কিছুকাল তিনি 'কৃষক' পত্রিকায় সাংবাদিকতাও করেন।
• প্রয়াত হুমায়ুন আজাদ শওকত ওসমানকে বলতেন 'অগ্রবর্তী আধুনিক মানুষ'।

**Ans : B.**

**10. 'Tree Without Roots' কোন গ্রন্থের ইংরেজি অনুবাদ?**

A. বিষবৃক্ষ B. বিষাদসিন্ধু C. লালসালু D. নীলদর্পণ

**ব্যাখ্যা:** • Tree Without Roots হল সৈয়দ ওয়ালীউল্লাহ রচিত 'লালসালু' উপন্যাসের ইংরেজি অনুবাদ।
• লালসালু উপন্যাসের ইংরেজি অনুবাদ করেন অ্যান-মারি-থিবো, জেফ্রি ডিবিয়ান, কায়সার সাঈদ এবং মালিক খৈয়াম। তবে সৈয়দ ওয়ালীউল্লাহ নিজে এতে সম্প্রসারণের কাজ করেন।
• অনুবাদটি Tree without Roots নামে প্রকাশ করে লন্ডনের Chatto and Windus Ltd., ১৯৬৭ সালে।
• পরবর্তীতে উপন্যাসটি জার্মান ও চেক ভাষাসহ বিভিন্ন ভাষায় অনূদিত হয়েছে।
• ১৯৬০ সালে লালসালুর উর্দু অনুবাদ করাচি থেকে প্রকাশিত হয় Lal Shalu নামে। অনুবাদক ছিলেন কলিমুল্লাহ।
• ১৯৬১ সালে লালসালুর ফরাসী অনুবাদ L Arbre sans racines প্রকাশ করে প্যারিসের Editions du Seuil প্রকাশনী। অনুবাদ করেছিলেন ওয়ালাউল্লাহর সহধর্মিণী অ্যান-মারি-থিবো।

**Ans : C**

**11. বিশ্ব নারী দিবস কোন তারিখে পালিত হয়?**

A. ১ জানুয়ারি B. ২২ ফেব্রুয়ারি C. ৮ মার্চ D. ১৫ ডিসেম্বর

**ব্যাখ্যা:** • আন্তর্জাতিক নারী দিবস (আদি নাম আন্তর্জাতিক কর্মজীবী নারী দিবস) প্রতি বছর ৮ মার্চ তারিখে পালিত হয়।
• ঐতিহাসিক উৎপত্তি ১৮৫৭ খ্রিস্টাব্দে মজুরিবৈষম্য, কর্মঘন্টা নির্দিষ্ট করা, কাজের অমানবিক পরিবেশের বিরুদ্ধে প্রতিবাদ জানাতে যখন মার্কিন যুক্তরাষ্ট্রের নিউইয়র্কের রাস্তায় নেমেছিলেন সুতা কারখানার নারী শ্রমিকেরা।
• ১৯০৯ সালের ২৮ ফেব্রুয়ারি নিউইয়র্কের সোশ্যাল ডেমোক্রাট নারী সংগঠনের পক্ষ থেকে আয়োজিত নারী সমাবেশে জার্মান সমাজতান্ত্রিক নেত্রী ক্লারা জেটকিনের নেতৃত্বে সর্বপ্রথম আন্তর্জাতিক নারী সম্মেলন হয়।
• এ সম্মেলনে জার্মান সমাজতান্ত্রিক নেত্রী ক্লারা প্রতি বৎসর ৮ মার্চকে আন্তর্জাতিক নারী দিবস হিসেবে পালন করার প্রস্তাব দেন।
• ১৯৭৫ খ্রিস্টাব্দে ৮ মার্চকে আন্তর্জাতিক স্বীকৃতি প্রদান করা হয় এবং দিবসটি পালনের জন্য বিভিন্ন রাষ্ট্রকে আহ্বান জানায় জাতিসংঘ।

**Ans : C.**

**12. 'দ্য গল' কোন দেশের প্রাচীন নাম?**

A. স্পেন B. জাপান C. ইংল্যান্ড D. ফ্রান্স

**ব্যাখ্যা:** • দ্যা গল বর্তমান ফ্রান্স এর প্রাচীন নাম।
• গল বলতে প্রাচীনকালে পশ্চিম ইউরোপে অবস্থিত একটি ঐতিহাসিক অঞ্চলকে বোঝায়, যেটি পূর্বে রাইন নদী ও আল্পস পর্বতমালা, দক্ষিণে ভূমধ্যসাগর ও পিরেনিজ পর্বতমালা এবং পশ্চিমে ও উত্তরে আটলান্টিক মহাসাগর দিয়ে বেষ্টিত ছিল।
• বর্তমানকালে এর বেশির ভাগ অংশ নিয়ে ফ্রান্স রাষ্ট্রটি গঠিত হয়েছে।
• ৪৮১-৫১১ খ্রিস্টাব্দের সময় জার্মানীয় ফ্রাংক জাতির রাজা ক্লোভিস সর্বশেষ রোমান কর্মকর্তা সিয়াগ্রিউসকে পরাজিত করে সমগ্র গল অঞ্চলটি বিজয় করেন এবং পুরো গলের ভৌগোলিক সীমানা জুড়ে একতা প্রতিষ্ঠা করেন।
• ক্লোভিসকে ফ্রান্সের প্রথম রাজা বলা হয়।
• তিনি যে রাজবংশের প্রতিষ্ঠা করেন, তার নাম ছিল মেরোভিঙ্গীয় রাজবংশ (ক্লোভিসের পিতামহের নামে)।
• ইতিহাসের এই পর্যায়ে গলের অবসান ঘটে এবং বৃহত্তর ফ্রাংকীয় সাম্রাজ্যের পশ্চিম অংশে পরিণত।

**Ans : D.**

**13. 'হ্যালি'র ধূমকেতু' আবার কোন সালে দেখা যাবে?**

A. ২০৪২ খ্রিস্টাব্দে B. ২০৭২ খ্রিস্টাব্দে
C. ২০৫২ খ্রিস্টাব্দে D. ২০৬২ খ্রিস্টাব্দে

**ব্যাখ্যা:** • হ্যালির ধূমকেতু (ইংরেজি ভাষায়: Halley's Comet), প্রতি ৭৬ বছর পরপর পৃথিবীর আকাশে দৃশ্যমান হয়ে উঠা একটি ধূমকেতু।
• বিখ্যাত ইংরেজি জ্যোতিবিজ্ঞানী এডমান্ড হ্যালির নামানুসারে এর নামকরণ করা হয়েছে।
• হ্যালির ধূমকেতু একমাত্র স্বল্পমেয়াদী ধূমকেতু যা খালি চোখেও স্পষ্ট দেখা যায়। সে হিসেবে এটি খালি চোখে দৃশ্যমান একমাত্র ধূমকেতু যা একজন মানুষের জীবদ্দশায় দুইবার দেখা দিতে পারে।
• ১৯৮৬ সালে সৌর জগৎতের অভ্যন্তরভাগে এই ধূমকেতুকে শেষবারের মত দেখা গিয়েছিল।
• ২০৬২ সালে এটি আবার পৃথিবীর আকাশে দেখা দেবে।

**Ans : D.**

**14. কোনটি দক্ষিণ আমেরিকার দেশ নয়?**

A. পেরু B. উরুগুয়ে C. প্যারাগুয়ে D. নিকারাগুয়া

**ব্যাখ্যা:** • দক্ষিণ আমেরিকা পৃথিবীর চতুর্থ বৃহত্তম মহাদেশ যার আয়তন ১,৭৮,২০,৯০০ বর্গকিলোমিটার।
• আয়তনের দিক থেকে এশিয়া, আফ্রিকা ও উত্তর আমেরিকার পরেই এর স্থান।
• এই মহাদেশে ১২টি রাষ্ট্র আছে।
• এদের মধ্যে ১০টি রাষ্ট্র লাতিন: আর্জেন্টিনা, বলিভিয়া, ব্রাজিল, চিলি, কলম্বিয়া, ইকুয়েডর, প্যারাগুয়ে, পেরু, উরুগুয়ে এবং ভেনেজুয়েলা।
• দুইটি রাষ্ট্র লাতিন নয়। এই দুটি রাষ্ট্রের মধ্যে গায়ানা যুক্তরাজ্যের এবং সুরিনাম নেদারল্যান্ডসের প্রাক্তন উপনিবেশ ছিল।
• ব্রাজিল ছিল পর্তুগালের উপনিবেশ।
• আর্জেন্টিনা, বলিভিয়া, চিলি, কলম্বিয়া, ইকুয়েডর, প্যারাগুয়ে, পেরু, উরুগুয়ে এবং ভেনেজুয়েলা এই ৯টি দেশ ছিল স্পেনের উপনিবেশ।

**Ans : D.**

**15. 'সওগাত' পত্রিকার সম্পাদক কে ছিলেন?**

A. কাজী নজরুল ইসলাম B. মোহাম্মদ নাসির উদ্দিন
C. আবুদল কাদির D. আবু জাফর শামসুদ্দিন

**ব্যাখ্যা:** • সওগাত পত্রিকার সম্পাদক ছিলেন মোহাম্মদ নাসির উদ্দিন।
• সওগাত ছিল একটি সচিত্র মাসিক পত্রিকা।
• এই পত্রিকা বাংলার মুসলিমদের সাংবাদিকতায় পথিকৃতের ভূমিকা পালন করেছে।
• ১৯১৮ সালের নভেম্বর/ডিসেম্বরে (১৩২৫ বঙ্গাব্দ, অগ্রহায়নে) মোহাম্মদ নাসিরউদ্দীনের সম্পাদনায় কলকাতা থেকে সওগাত প্রথম প্রকাশিত হয়।
• ন্যায়বিচার ও সাম্প্রদায়িক সম্প্রীতির বোধ সম্পন্ন পত্রিকার লক্ষ্য নিয়ে সওগাত প্রকাশিত হয়েছিল। তাই সম্পাদক মোহাম্মদ নাসিরউদ্দীন এই উদ্দেশ্যে প্রথম সংখ্যায় সাতটি নীতি ঘোষণা করেছিলেন।

**Ans : B.**

**16. বিশ্বের কোন পরিব্রাজক সোনারগাঁ ভ্রমণ করেন?**

A. ইবনে বতুতা B. হিউয়েন সাং C. ফা হিয়েন D. মার্কো পোলো

**ব্যাখ্যা:** • ইবনে বতুতা (১৩০৪-১৩৭৮); মরক্কোর বিখ্যাত পর্যটক।
• ইবনে বতুতা ১৩৪৬ খ্রিস্টাব্দে বাংলায় সফর করেন।
• নদীপথে ১৫ দিন নৌকায় ভ্রমণের পর তিনি সুনুরকাঁও (সোনারগাঁ) শহরে পৌঁছেন (১৪ আগস্ট ১৩৪৬)।
• তৎকালীন সাদকাঁও (চট্টগ্রাম) শহরে উপস্থিতির সময় থেকে সুনুরকাঁও (সোনারগাঁ) ত্যাগ করে জাভার উদ্দেশ্যে রওনা হওয়া সময়কালে বাংলায় ইবনে বতুতার সফরের মেয়াদ ছিল দুই মাসেরও কম সময় (১৩৪৬ সালের জুলাই ও আগস্ট মাস)।

**Ans : A.**

সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**17. ভারতের প্রথম রাষ্ট্রপতির নাম কী?**

A. রাজেন্দ্রপ্রসাদ B. রাধাকৃষ্ণাণ
C. জাকির হোসেন D. ভি ভি গিরি

**ব্যাখ্যা:** • ভারতের প্রথম রাষ্ট্রপতি ছিলেন ড. রাজেন্দ্র প্রসাদ।
• তিনি জাতীয় কংগ্রেস নেতা ও একজন প্রথিতযশা আইনজীবী ছিলেন।
• তাঁর কাজের মেয়াদ ছিল ২৬শে জানুয়ারি, ১৯৫০ - ১৩ই মে ১৯৬২ পর্যন্ত।
• ১৯০৬ খ্রিষ্টাব্দে ভারতীয় জাতীয় কংগ্রেস দলের স্বেচ্ছাসেবক হিসেবে তিনি রাজনীতিতে প্রবেশ করেন।
• অসহযোগ আন্দোলনে যোগ দিয়ে আইন পেশা পরিত্যাগ করেন ও সবসময়ের জন্যে জাতীয়তাবাদী রাজনীতিতে অংশগ্রহণ করেছিলেন।
**Ans : A.**

**18. ফারাক্কা বাঁধ বাংলাদেশের সীমান্ত থেকে কত দূরে অবস্থিত?**

A. ২৪.৭ কিলোমিটার B. ২১.৩ কিলোমিটার
C. ১৬.৫ কিলোমিটার D. ১৯.৪ কিলোমিটার

**ব্যাখ্যা:** • ফারাক্কা বাঁধ বাংলাদেশের সীমান্ত থেকে ১৬.৫ কিলোমিটার দূরে অবস্থিত।
• ফারাক্কা বাঁধ গঙ্গা নদীর উপর অবস্থিত একটি বাঁধ যা ভারতের পশ্চিমবঙ্গ রাজ্যের মালদহ ও মুর্শিদাবাদ জেলায় অবস্থিত।
• ১৯৬১ সালে এই বাঁধ নির্মাণের কাজ শুরু হয় যা শেষ হয় ১৯৭৫ সালে। সেই বছর ২১ এপ্রিল থেকে বাঁধ চালু হয়।
• ফারাক্কা বাঁধ ২,২৪০ মিটার (৭,৩৫০ ফুট) লম্বা যেটা প্রায় এক বিলিয়ন ডলার ব্যয়ে সোভিয়েত রাশিয়ার সহায়তায় বানানো হয়েছিল।
• বাঁধ থেকে ভাগীরথী-হুগলি নদী পর্যন্ত ফিডার খালটির দৈর্ঘ্য ২৫ মাইল (৪০ কিমি)।
**Ans : C.**

**19. পৃথিবীর প্রথম ধূমপানমুক্ত দেশ কোনটি?**

A. ভুটান B. ভিয়েতনাম
C. জাপান D. মালদ্বীপ

**ব্যাখ্যা:** • পৃথিবীর প্রথম ধূমপানমুক্ত দেশ ভুটান।
• ১৭ ডিসেম্বর ২০০৪ তারিখে ভুটানের জাতীয় পরিষদের ৮৭তম অধিবেশনে প্রথম তামাক ও তামাকজাত দ্রব্যের বিক্রির উপর জাতীয় নিষেধাজ্ঞা কার্যকর হয়।
• ২২ ফেব্রুয়ারি ২০০৫ এ ভুটানে সর্বজনীন স্থানে ধূমপান অবৈধ করা হয়।
• ১৬ জুন, ২০১২ তারিখে ভুটানের তামাক নিয়ন্ত্রণ আইনটি সংসদ দ্বারা প্রণয়ন করা হয়।
**Ans : A.**

**20. আমলাতন্ত্রের প্রধান প্রবক্তা কে?**

A. অ্যাডাম স্মিথ B. ম্যাক্স ওয়েবার
C. কার্ল মার্কস D. রবার্ট গ্রেসমিথ

**ব্যাখ্যা:** • আমলাতন্ত্রের প্রধান প্রবক্তা ম্যাক্স ওয়েবার।
• ম্যাক্সিমিলিয়ান কার্ল এমিল ম্যাক্স ওয়েবার উনবিংশ শতাব্দীর দ্বিতীয়ার্ধের একজন জার্মান সমাজবিজ্ঞানী, দার্শনিক ও রাষ্ট্রবিজ্ঞানী।
• তাঁর জন্ম ২১ এপ্রিল ১৮৬৪ এবং মৃত্যু ১৪ জুন ১৯২০ সালে।
• তিনি সামাজিক তত্ত্ব, সামাজিক গবেষণা ও সর্বোপরি সমাজতত্ত্ব বিষয়টিকে ব্যাপকভাবে প্রভাবিত করেছেন।
• আধুনিক সমাজবিজ্ঞানের স্থপতি হিসেবে এমিল ডুর্খাইম ও কার্ল মার্ক্সের সাথে তার নামও গুরুত্বের সঙ্গে উচ্চারিত হয়।
• আমলাতন্ত্র ধারণাটি প্রথম তিনিই সংজ্ঞায়িত করেন।
• আমলাতন্ত্র (ইংরেজি: Bureaucracy) এমন এক শাসনব্যবস্থা যাতে স্থায়ী সরকারি কর্মকর্তারা দায়িত্ব বিভাজনের মাধ্যমে সরকারের সকল কর্মকাণ্ড পরিচালনা করে থাকে।
**Ans : B.**

**21. বাংলায় দ্বৈত শাসন ব্যবস্থা প্রবর্তন করেন কে?**

A. লর্ড কর্নওয়ালিশ B. লর্ড ক্লাইভ
C. নবাব মীর কাশেম D. ওয়ারেন হেস্টিংস

**ব্যাখ্যা:** • বাংলায় দ্বৈত শাসন ব্যবস্থা প্রবর্তন করেন লর্ড ক্লাইভ।
• ১৭৬৫ সালে বাংলার নবাব ইংরেজদের দেওয়ানি সনদ প্রদান করলে যে শাসন প্রণালীর উদ্ভব হয়, তা-ই ইতিহাসে দ্বৈত শাসন নামে পরিচিত।
• রবার্ট ক্লাইভ দ্বিতীয়বার ভারতবর্ষে এলে চুক্তির মাধ্যমে মোগল সম্রাটের কাছ থেকে দেওয়ানি লাভ করেন এবং দ্বৈত শাসন চালু করেন।
• দ্বৈত শাসন ব্যবস্থায় কোনো রকম দায়িত্ব ছাড়াই কোম্পানি লাভ করে ক্ষমতা। আর নবাব পরিণত হন ক্ষমতাহীন শাসকে।
• রাজস্ব আদায়, সামরিক ব্যবস্থা এবং প্রশাসন পরিচালনার ক্ষমতাও চলে যায় ইংরেজ কোম্পানির হাতে। আর নবাব থাকেন নামমাত্র শাসক। প্রশাসনেও তাদের কর্তৃত্ব প্রতিষ্ঠিত হয়।
**Ans : B.**

**22. কে ভারতের প্রধানমন্ত্রী ছিলেন না?**

A. জওহরলাল নেহেরু B. ইন্দিরা গান্ধী
C. অটল বিহারী বাজপেয়ী D. এ পি জে আব্দুল কালাম

**ব্যাখ্যা:** • উল্লিখিত ব্যক্তিবর্গের মধ্যে এ পি জে আব্দুল কালাম ভারতের প্রধানমন্ত্রী ছিলেন না।
• পণ্ডিত জওহরলাল নেহরু (১৪ই নভেম্বর, ১৮৮৯ - ২৭শে মে ১৯৬৪) ভারতীয় জাতীয় কংগ্রেসের রাজনীতিবিদ, ভারতের স্বাধীনতা আন্দোলনের অন্যতম প্রধান নেতা এবং স্বাধীন ভারতের প্রথম প্রধানমন্ত্রী।
• ইন্দিরা প্রিয়দর্শিনী গান্ধী (নভেম্বর ১৯, ১৯১৭ - অক্টোবর ৩১, ১৯৮৪) ভারতের প্রধানমন্ত্রীর দায়িত্ব পালন করেন। তিনি ভারতের প্রথম ও আজ পর্যন্ত একমাত্র মহিলা প্রধানমন্ত্রী।
• অটল বিহারী বাজপেয়ী (২৫ ডিসেম্বর ১৯২৪ - ১৬ আগস্ট ২০১৮) ভারতের প্রাক্তন প্রধানমন্ত্রী (১০ম) যিনি ১৯৯৬ সালে তিনি প্রথমবারের মত প্রধানমন্ত্রী হন মাত্র ১৩ দিনের জন্য এরপর ১৯৯৮ থেকে ২০০৪ পর্যন্ত প্রধানমন্ত্রী ছিলেন বাজপেয়ী।
• এ পি জে আব্দুল কালাম (১৫ অক্টোবর ১৯৩১ - ২৭ জুলাই ২০১৫) ছিলেন ভারতীয় প্রজাতন্ত্রের একাদশ রাষ্ট্রপতি (২০০২-২০০৭)।
**Ans : D.**

**23. বর্তমানে পৃথিবীর সবচেয়ে বয়স্ক প্রধানমন্ত্রীর নাম কী?**

A. এনজেলা মার্কেল B. নরেন্দ্র মোদি
C. থেরেসা মে D. মাহাথির মোহাম্মদ

**ব্যাখ্যা:** • বর্তমানে বিশ্বের সবচেয়ে বয়স্ক প্রধানমন্ত্রী মাহাথির মোহাম্মদ।
• তাঁর বয়স বর্তমানে ৯৪ বছর।
• তাঁর জন্ম জুলাই ১০, ১৯২৫ খ্রিস্টাব্দে।
• তিনি মালয়েশিয়ার বর্তমান প্রধানমন্ত্রী ও আধুনিক মালয়েশিয়ার স্থপতি।
• তিনি ১৯৮১ সালে মালয়েশিয়ার প্রধানমন্ত্রীর দায়িত্ব গ্রহণ করেন। তার নেতৃত্বে ক্ষমতাসীন দল পর পর পাঁচবার সংসদ নির্বাচনে জয়ী হয়ে সরকার গঠন করে।
• তিনি এশিয়ার সবচেয়ে দীর্ঘ সময় ধরে গণতান্ত্রিক ভাবে নির্বাচিত প্রধানমন্ত্রী ছিলেন।
• ২০১৮ সালের ৯ মে অনুষ্ঠেয় সাধারণ নির্বাচনে জয়ের পরদিন ১০ মে মালয়েশিয়ার প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেন তিনি।
**Ans : D.**

**24. ২০১৮ বিশ্বকাপ ফুটবলের ফাইনাল খেলা কোন শহরে অনুষ্ঠিত হয়?**

A. সেন্ট পিটার্সবুর্গ B. মস্কো
C. মিলান D. কাজান

**ব্যাখ্যা:** • ২১তম ফিফা বিশ্বকাপ ফাইনাল ম্যাচটি ১৫ জুলাই ২০১৮ তারিখে রাশিয়ার মস্কো শহরের লুঝনিকি স্টেডিয়াম-এ অনুষ্ঠিত হয়।
• ম্যাচটিতে ফ্রান্স ও ক্রোয়েশিয়া অংশগ্রহণ করে। এ খেলায় ফ্রান্স ৪-১ গোলে ক্রোয়েশিয়াকে হারায়।
• লুঝনিকি স্টেডিয়ামটি, পূর্বে গ্র্যান্ড এ্যারেনা অব দি সেন্ট্রাল লেনিন স্টেডিয়াম হিসেবে পরিচিত ছিল।
• স্টেডিয়ামটি মস্কো শহরের খামোভনিকি জেলায় অবস্থিত।
**Ans : B.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**25. কোন গ্রন্থ দুটি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রচিত?**

A. কারাগারের রোজনামচা, একাত্তরের দিনগুলি
B. অসমাপ্ত আত্মজীবনী, জোছনা ও জননীর গল্প
C. অসমাপ্ত আত্মজীবনী, কারাগারের রোজনামচা
D. পায়ের আওয়াজ পাওয়া যায়, দুধের গেলাসে নীল মাছি

**ব্যাখ্যা:** • শেখ মুজিবুর রহমান (১৭ মার্চ ১৯২০ - ১৫ আগস্ট ১৯৭৫) বাংলাদেশের প্রথম রাষ্ট্রপতি ও ভারতীয় উপমহাদেশের একজন অন্যতম প্রভাবশালী রাজনৈতিক ব্যক্তিত্ব।
• শেখ মুজিবুর রহমান দুই খন্ডে আত্মজীবনী লিখেন, যেখানে তিনি নিজ রাজনৈতিক দৃষ্টিভঙ্গি ব্যক্ত করেছেন ও নিজের ব্যক্তিগত জীবনের বর্ণনা দিয়েছেন।
• তার রচনা দুটি তার মৃত্যুর পর তার কন্যা ও বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা গ্রন্থ আকারে প্রকাশ করেন।
• একটি 'অসমাপ্ত আত্মজীবনী', প্রকাশকাল: ২০১২। প্রকাশনী: দি ইউনিভার্সিটি প্রেস লিমিটেড। এই গ্রন্থটি ইংরেজিসহ আরো কয়েকটি ভাষায় অনূদিত হয়।
• আরেকটি 'কারাগারের রোজনামচা', প্রকাশকাল: মার্চ, ২০১৭। প্রকাশক: বাংলা একাডেমী। পৃষ্ঠা সংখ্যা ৩৩২। গ্রন্থটির নামকরণ করে শেখ মুজিবুর রহমানের কন্যা শেখ রেহানা।

**Ans : C.**

**26. 'বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ : দলিলপত্র' সম্পাদনা করেন কে?**

A. মুনীর চৌধুরী
B. হাসান হাফিজুর রহমান
C. মুনতাসীর মামুন
D. শাহরিয়ার কবির

**ব্যাখ্যা:** • 'বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ: দলিলপত্র' একটি প্রামাণিক গ্রন্থ যা ১৯৭১ সালে এদেশের স্বাধীনতা যুদ্ধকালীন সংগঠিত বিভিন্ন ঘটনার বিস্তারিত তথ্যভান্ডার হিসাবে স্বীকৃত।
• এটি সম্পাদনা করেন মফিজুল্লাহ কবির ও হাসান হাফিজুর রহমান।
• হাসান হাফিজুর রহমান বাংলাদেশের একজন প্রথিতযশা কবি, সাংবাদিক ও সমালোচনা ছিলেন।
• এটি প্রকাশিত হয় ১৯৭৮ সালে।

**Ans : B.**

**27. বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ কোন তারিখে উৎক্ষেপণ করা হয়?**

A. ১১ মার্চ ২০১৮
B. ২৬ মার্চ ২০১৮
C. ১১ এপ্রিল ২০১৮
D. ১১ মে ২০১৮

**ব্যাখ্যা:** • বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ বাংলাদেশের প্রথম ভূস্থির যোগাযোগ ও সম্প্রচার উপগ্রহ।
• এটি ১১ মে ২০১৮ কেনেডি স্পেস সেন্টার থেকে উৎক্ষেপণ করা হয়।
• এর মধ্য দিয়ে ৫৭ তম দেশ হিসেবে নিজস্ব স্যাটেলাইট উৎক্ষেপণকারী দেশের তালিকায় যোগ হয় বাংলাদেশ।
• এই প্রকল্পটি ডাক ও টেলিযোগাযোগ বিভাগের অধীন বাংলাদেশ টেলিযোগযোগ নিয়ন্ত্রণ কমিশন কর্তৃক বাস্তবায়িত হয়।
• এটি মহাকাশযান নির্মাতা প্রতিষ্ঠান স্পেস এক্স এর ফ্যালকন ৯ ব্লক ৫ রকেটের প্রথম পেলোড উৎক্ষেপণ ছিল।

**Ans : D.**

**28. কোন দেশে সংসদীয় গণতন্ত্র পদ্ধতির সরকার নেই?**

A. বাংলাদেশ
B. ভারত
C. ইরান
D. নেপাল

**ব্যাখ্যা:** • সংসদীয় গণতন্ত্র একপ্রকারের রাজনৈতিক শাসন ব্যবস্থা, যাতে সর্বসময় ক্ষমতা জনগণের দ্বারা নির্বাচিত সংসদের উপরে ন্যস্ত থাকে।
• এই ব্যবস্থায় সরকার প্রধানের দায়িত্ব পালন করেন প্রধানমন্ত্রী।
• এই পদ্ধতিতে প্রধানমন্ত্রীর হাতে সরকারের প্রধান ক্ষমতা ন্যস্ত থাকে।
• বাংলাদেশের বর্তমান সরকার ব্যবস্থা সংসদীয় পদ্ধতির।
• ভারতীয় প্রজাতন্ত্র বিশ্বের বৃহত্তম গণতান্ত্রিক রাষ্ট্র।
• ইরানের রাজনীতি একটি ইসলামী প্রজাতন্ত্র কাঠামোয় সংঘটিত হয়। ১৯৭৯ সালের ডিসেম্বরে গৃহীত সংবিধান এবং ১৯৮৯ সালের সংশোধনী ইরানের রাজনৈতিক ব্যবস্থাকে সংজ্ঞায়িত করেছে।
ইরানের ইসলামী প্রজাতন্ত্র (ধর্মশাসন ও প্রজাতান্ত্রিকতার সংমিশ্রণ)। এটির আইন-সভা পরামর্শমূলক বিধানসভা হিসেবে কাজ করে।

**Ans : C.**

**29. কোনটি জাপানের বৈদেশিক সাহায্য সংস্থার নাম?**

A. ডিএফআইডি
B. জাইকা
C. ডানিডা
D. অসএইড

**ব্যাখ্যা:** • জাপানের বৈদেশিক সাহায্যকারী সংস্থার নাম জাইকা - JICA (Japan International Co-operation Agency)
• জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি (জাইকা) মানব সুরক্ষা এবং উন্নত কার্যকারিতা, দক্ষতার ভিত্তিতে কার্যক্রম অগ্রসর করছে।
• এটির প্রেসিডেন্ট এর নাম Shinichi Kitaoka.
• 'জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি' (অ্যাক্ট নং ১৩৬, ২০০২) আইনের অধীনে একটি অন্তর্নিহিত প্রশাসনিক সংস্থা হিসাবে প্রতিষ্ঠিত হয়।

**Ans : B.**

**30. কাজী নজরুল ইসলাম পরিচালিত চলচ্চিত্র কোনটি?**

A. ধ্রুব
B. ধূপছায়া
C. ধূমকেতু
D. লিচুচোর

**ব্যাখ্যা:** • কাজী নজরুল ইসলামের পরিচালিত চলচ্চিত্রের নাম 'ধূপছায়া'।
• 'ধূপছায়া'তে দেবতা বিষ্ণুর চরিত্রে অভিনয়ও করেন তিনি।
• ত্রিশের দশকে নজরুল পার্শি মালিকানাধীন চলচ্চিত্র নির্মাতা প্রতিষ্ঠান ম্যাডান থিয়েটার্সের 'সুর ভাণ্ডারী' পদে নিযুক্ত হন।
• ম্যাডান থিয়েটার্স কোম্পানির আরও যেসব চলচ্চিত্রের সঙ্গে নজরুল সম্পৃক্ত ছিলেন সেগুলো হল, 'জ্যোৎস্নার রাত' (১৯৩১), 'প্রহল্লাদ' (১৯৩১), 'ঋষির প্রেম' (১৯৩১), 'বিষ্ণুমায়া' (১৯৩২), 'চিরকুমারী' (১৯৩২), 'কৃষ্ণকান্তের উইল' (১৯৩২), 'কলঙ্ক ভঞ্জন' (১৯৩২), 'রাধাকৃষ্ণ' (১৯৩৩) এবং 'জয়দেব' (১৯৩৩)।
• কাজী নজরুল ইসলাম গীতিকার ও সংগীত পরিচালক ছিলেন ১৯৩৩ সালে 'পায়োনিয়ার ফিল্মস্ কোম্পানী'-এর প্রযোজনায় নির্মিত চলচ্চিত্র - ধ্রুব।

**Ans : B.**

!!! বের হয়েছে !!!
পানকৌড়ি
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়-এর শতভাগ ব্যাখ্যা সম্বলিত একমাত্র প্রশ্নব্যাংক
♦ বিজ্ঞান - A & H Unit ♦ বিজ্ঞান - D Unit
♦ মানবিক - B, F, I Unit ♦ মানবিক - C, C1 Unit
♦ বিবিএ - E Unit ♦ আইবিএ - G Unit

!!! বের হয়েছে !!!
পানকৌড়ি
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়-এর শতভাগ ব্যাখ্যা সম্বলিত একমাত্র প্রশ্নব্যাংক
♦ বিজ্ঞান - A-Unit ♦ মানবিক - B+D Unit
♦ ব্যবসায় - C Unit

!!! বের হয়েছে !!!
পানকৌড়ি
রাজশাহী বিশ্ববিদ্যালয়-এর শতভাগ ব্যাখ্যা সম্বলিত একমাত্র প্রশ্নব্যাংক
♦ বিজ্ঞান - C-Unit ♦ মানবিক - A Unit
♦ ব্যবসায় - B Unit

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট)
শিক্ষাবর্ষ ২০১৮-২০১৯ [সকাল]

### বাংলা

**১. বিশ্বের অন্যতম সমৃদ্ধ চিত্রকর্মের সংগ্রহ রয়েছে কোন জাদুঘরে?**
A. ব্রিটিশ মিউজিয়ামে B. বাংলাদেশ জাতীয় জাদুঘরে
C. ল্যুভ মিউজিয়ামে D. আশমোলিয়ান মিউজিয়ামে

**ব্যাখ্যা: 'জাদুঘরে কেন যাব' রচনার গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- Louvre Museum - ফ্রান্সের জাতীয় জাদুঘর ও আর্ট গ্যালারি।
- ল্যুভ মিউজিয়ামের প্রতিষ্ঠাকাল - ১৫৪৬ খ্রিষ্টাব্দে।
- ল্যুভ মিউজিয়ামের চিত্রশিল্পের সংগ্রহ - বিশ্বের অন্যতম।
- ব্রিটেনের জাতীয় জাদুঘর - প্রত্নতত্ত্ব ও পুরকীর্তি সংক্রান্ত ব্রিটিশ মিউজিয়াম।
- নৃতত্ত্ব - মানব জাতির উৎপত্তি ও ক্রমবিকাশ সম্পর্কিত বিজ্ঞান।
- Antropology - নৃবিদ্যা
- বর্তমান এ্যাশমোলিয়ান মিউজিয়ামের প্রতিষ্ঠাকাল - ১৮৯৭

**Ans : C.**

**২. নূরলদীন একদিন কানা পূর্ণিমায় ডাক দেবেন কেন?**
A. সংগঠিত হতে B. যুদ্ধ করতে
C. উৎসব করতে D. ইতিহাস বলতে

**ব্যাখ্যা: কবি সৈয়দ শামসুল হকের 'নূরলদীনের কথা মনে পড়ে যায়' কবিতার গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- কবিতায় রংপুরের নূরলদীন একদিন হঠাৎ করে সকলকে ডাক দিবে - দুশমনের বিরুদ্ধে সংগঠিত হতে।
- নূরুলদীনের ডাকে জেগে উঠবে বাংলার জনমানুষ - ১১৮৯ সনের মত।
- অভাগা মানুষ জেগে উঠলে - সকল অন্যায় ভেসে যাবে পাহাড়ি ঢলের মত।
- কবিতায় কবি ব্রিটিশবিরোধী আন্দোলনে নূরলদীনের সাহস আর ক্ষোভকে বাঙালির মুক্তি সংগ্রামের সঙ্গে অসামান্য নৈপুণ্যে মিশিয়ে দিয়েছেন।
- বাংলার শ্রমজীবী মানুষের ভিড়ে মিশে যায় - নূরলদীন (ইতিহাসের পাতা থেকে বেরিয়ে এসে)।

**Ans : A.**

**৩. কৃষকদের মুক্তির জন্য রোকেয়া কোনটির ওপর আলাদা গুরুত্ব দিয়েছেন?**
A. চালের দাম কমানো B. বিলাসিতার মনোভাব পরিহার
C. কুটির শিল্পের বিস্তার D. গ্রামে গ্রামে পাঠশালা প্রতিষ্ঠা

**ব্যাখ্যা: 'চাষার দুক্ষু' প্রবন্ধের গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- কৃষকদের মুমূর্ষু অবস্থা থেকে মুক্তির জন্য দরকার - গ্রামে গ্রামে পাঠশালা নির্মাণ।
- 'চাষার দুক্ষু' প্রবন্ধটি একটি - দারিদ্র্যপীড়িত মানুষের বঞ্চনার মর্মন্তুদ দলিল।
- এই রচনায় একদিকে উল্লেখিত হয়েছে ভারতবর্ষের সভ্যতা ও অগ্রগতি - অন্য দিকে কৃষকের শোচনীয় অবস্থা।
- ভারতবর্ষের কৃষকদের পাটশ্রমিকরা ভালো থাকলেও - পাটকৃষকের খাদ্য, বস্ত্র ও চিকিৎসা জোটেনা।
- টাকায় পঁচিশ সের চাল মিললেও - কৃষক খেতে পারেনা এমনকি পান্তাভাতের লবণও তাদের জোটেনা।

**Ans : D.**

**8. 'Victory or death' –কথাটি কার সংলাপ?**
A. হলওয়েলের B. জর্জের
C. ক্লেটনের D. ওয়ালী খানের

**ব্যাখ্যা: 'সিরাজউদ্দৌলা' নাটকের গুরুত্বপূর্ণ কিছু সংলাপ :**
- ক্লেটন - যুদ্ধে জয় লাভ অথবা মৃত্যুবরণ, এই আমাদের প্রতিজ্ঞা।
- উমিচাঁদ - দুর্ভাগ্য, পরম দুর্ভাগ্য।
- সিরাজ - আজ থেকে কলকাতার নাম হলো আলীনগর।
- জুহারা - বহোত আচ্ছা, হুজুর।
- রায়দুর্লভ - বেগম সাহেবাই আরম্ভ করুন।
- মিরজাফর - দেশের স্বার্থের জন্যে নিজেদের স্বার্থ তুচ্ছ করে আমরা নবাবের আজ্ঞাবহ হয়েই থাকব।
- রাজবল্লভ - শুধু অপমান। প্রাণের আশঙ্কায় সে আমাদের আতঙ্কিত করে তোলেনি?

**Ans : C.**

**৫. জাতিত্ব, ভ্রাতৃত্ব ও জাতিসত্তার সংহতির গুরুত্ব অভিব্যক্ত হয়েছে কোন কবিতায়?**
A. বিভীষনের প্রতি মেঘনাদ B. সাম্যবাদী
C. সেই অস্ত্র D. ফেব্রুয়ারি ১৯৬৯

**ব্যাখ্যা:** আধুনিক বাংলা কবিতার জনক মাইকেল মধুসূধন দত্তের "মেঘনাদবধ কাব্য"-এর অন্তর্গত বিভীষণের প্রতি মেঘনাদ কবিতায় আপন জাতিসত্তার প্রতি ভালোবাসা, দায়িত্ব ও সংহতি প্রকাশ করার প্রত্যয় প্রকাশিত হয়েছে।

**মেঘনাদের বিভিন্ন নাম :**
- রাবণি- রাবনের পুত্র হওয়ায় মেঘনাদকে রাবণি বলা হয়।
- ইন্দ্রজিৎ/জীতেন্দ্রিয়- দেবতাদের রাজা ইন্দ্রকে যুদ্ধে পরাজিত করায় মেঘনাদকে ইন্দ্রজিৎ/জীতেন্দ্রিয় বলা হয়।
- বাসবত্রাস/বাসববিজয়ি- ইন্দ্রের অপর নাম বাসব। বাসবকে পরাজিত করলে স্বভাবতই বাসব মেঘনাদকে ভয় পায়, এজন্য মেঘনাদকে বাসবত্রাস/বাসববিজয়ি বলা হয়।

**Ans : A.**

**৬. গ্রামীণ লোকায়ত জীবনধারা শাস্ত্রীয় কঠোরতা থেকে যে অনেকটা মুক্ত তা কোন গল্পে প্রতীয়মান?**
A. অপরিচিতা B. আহ্বান C. মাসি-পিসি D. রেইনকোট

**ব্যাখ্যা: 'আহ্বান' গল্পের গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- মানুষের স্নেহ-মমতা-প্রীতির বাঁধন গড়ে ওঠে - ধনসম্পদে নয় বরং হৃদয়ের নিবিড় আন্তরিকতার স্পর্শে।
- নিবিড় স্নেহ, উদার হৃদয় ও মানবীয় দৃষ্টি - বৈষম্য ও অপসংস্কার - গোড়ামির দ্বারা সৃষ্টি দূরত্ব দূর করে।
- আহ্বান গল্পের উপজীব্য বিষয় - গ্রামীন সহজ-সরল জীবন।
- গল্পের অন্যতম অনুভাবনীয় দিক - দুটি ভিন্ন ধর্ম, বর্ণ ও আর্থিক পরিবেশের মধ্যে বেড়ে ওঠা চরিত্রের মধ্যে সংকীর্ণতা ও সংস্কারমুক্ত মনোভঙ্গির প্রকাশ।
- গল্পে উন্মোচিত হয়েছে - গ্রামীণ লোকায়ত প্রান্তীক জীবনধারা - শাস্ত্রীয় কঠোরতা থেকে অনেকটা মুক্ত।

**Ans : B.**

**৭. 'Audio' শব্দের বাংলা পরিভাষা কোনটি?**
A. শ্রাব্য B. শ্রবণীয়
C. শ্রবণেন্দ্রিয় D. শ্রুতিগ্রাহ্যতা

**ব্যাখ্যা: নিচে গুরুত্বপূর্ণ কিছু পারিভাষিক শব্দ :**

| Audio | শ্রাব্য | Diploma | উপাধিপত্র |
|---|---|---|---|
| Basic Pay | মূল বেতন | Recruitment | নিযুক্তি |
| Hostage | জিম্মি | Walk-out | বর্জন |
| Subsidy | ভর্তুকি | Ratio | অনুপাত |
| Faculty | অনুষদ | Interpreter | দোভাষী |

**Ans : A.**

**৮. 'নেকলেস' গল্পের লেখক কোন দেশের?**
A. ফ্রান্স B. জার্মানি
C. স্পেন D. আয়ারল্যান্ড

**ব্যাখ্যা: 'নেকলেস' গল্পের লেখক ও অনুবাদক সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- লেখক - গী দ্য মোপাসাঁ;
- জাতীয়তা - ফ্রেঞ্চ;
- জন্ম - ১৮৫০ এবং মৃত্যু - ১৮৯৩;
- পেশা - লেখক (গল্পকার) ও সাংবাদিক
- জন্মস্থান - ফ্রান্সের নর্মান্ডি
- অনুবাদক - পূর্ণেন্দু দস্তিদার।
- জাতীয়তা - বাংলাদেশি।
- জন্ম - ১৯০৯ এবং মৃত্যু - ১৯৭১
- পেশা - আইনজীবী, লেখক।
- জন্মস্থান - চট্টগ্রামের পটিয়া।

**Ans : A.**

**৯. 'বইপড়া'– কোন সমাসের উদাহরণ?**
A. অব্যয়ীভাব B. তৎপুরুষ
C. দ্বিগু D. কর্মধারয়

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**ব্যাখ্যা: নিচে গুরুত্বপূর্ণ কিছু সমাসের ব্যসবাক্যসহ নাম :**

| | | |
|---|---|---|
| বই পড়া | বইকে পড়া | তৃতীয়া তৎপুরুষ সমাস |
| দুধে-ভাতে | দুধে-ভাতে | অলুক দ্বন্দ্ব সমাস |
| সাহিত্য সভা | সাহিত্য বিষয়ক সভা | মধ্যপদলোপী কর্মধারয় সমাস |
| পাতাছেঁড়া | পাতা ছিঁড়েছে যার | ব্যাধিকরণ বহুব্রীহি সমাস |
| পঞ্চবটী | পঞ্চ বটের সমাহার | দ্বিগু সমাস |
| অনুগমন | পশ্চাৎগমন | অব্যয়ীভাব সমাস |

**Ans : B.**

**১০. কবি শামসুর রাহমানের জন্মস্থান–**

A. ঢাকা B. রংপুর C. কুষ্টিয়া D. কুমিল্লা

**ব্যাখ্যা: কবি 'শামসুর রাহমানের' গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- জন্মস্থান - ঢাকা (১৯২৯ এর ২৩ এ অক্টোবর)।
- পৈত্রিকনিবাস - নরসিংদির পাহাড়তলি গ্রাম।
- ১৯৫৭ সালে 'দৈনিক মর্নিং নিউজ' এ সাংবাদিকতা শুরু করেন।
- ১৯৬৪ সালে 'দৈনিক পাকিস্তান' এ যোগদান করেন।
- ১৯৪৯ সালে 'সাপ্তাহিক সোনর বাংলা' পত্রিকায় প্রথম কবিতা প্রকাশ।
- বিশেষ কাব্যগ্রন্থ : 'প্রথম গান দ্বিতীয় মৃত্যুর আগে, রৌদ্র করোটিতে, বিধ্বস্ত নীলিমা, নিরালোকে দিব্যরথ।
- পুরস্কার - (আদমজি, বাংলা একাডেমি, স্বাধীনতা) পুরস্কার ।
- মৃত্যুবরণ - ২০০৬ সালের ১৭ই আগষ্ট ঢাকায়।

**Ans : A.**

**১১. "ভুলের মধ্য দিয়ে গিয়েই তবে সত্যকে পাওয়া যায়।" – কোন রচনার পাঠ্যাংশ?**

A. বিড়াল B. চাষার দুক্ষু C. আমার পথ D. নেকলেস

**ব্যাখ্যা: 'আমার পথ' প্রবন্ধের গুরুত্বপূর্ণ কিছু লাইন :**
- যে-পথ আমার সত্যের বিরোধী, সে পথ আর কোনো পথই আমার বিপথ নয়।
- নিজেকে চিনলে - মানুষের মধ্যে জোর আসে - সে আর কাউকে কুর্নিশ করেনা।
- আপনার সত্যকে গুরু, পথপ্রদর্শক বলে জানা - দম্ভ নয়।
- ভুলের মধ্য দিয়ে গিয়েই তবে সত্যকে পাওয়া যায়।
- খুব বেশি বিনয় দেখাতে গিয়ে মানুষ নিজের সত্যকে অস্বীকার করে ফেলে। তাতে মাথা নিচু হয়।

**Ans : C.**

**১২. 'আইন পড়তে হলে আইন বিভাগে ভর্তি হও।' – কোন ধরণের বাক্য?**

A. সরল B. জটিল C. যৌগিক D. বিবৃতিমূলক

**ব্যাখ্যা: নিচে কিছু সরল জটিল ও যৌগিক বাক্যের উদাহরণ :**
**সরল :** যে বাক্যে মাত্র একটি কর্তা ও একটি সমাপিকা ক্রিয়া থাকে তাই সরল বাক্য। যথা : আইন পড়তে হলে আইন বিভাগে **ভর্তি হও**। (সমাপিকা ক্রিয়া)
**জটিল :** যে বাক্যে একটি প্রধান খন্ডবাক্য ও একাধিক আশ্রিত খন্ডবাক্য থাকে তাই জটিল বা মিশ্র বাক্য। যথা : ***যে পরিশ্রম করে,*** সেই সুখ লাভ করে। (আশ্রিত খন্ডবাক্য)
**যৌগিক :** যে বাক্যে একাধিক নিরপেক্ষ সরল বা মিশ্র বাক্য মিলিত হয় তাকে যৌগিক বাক্য বলে। যথা : ***উদয়াস্ত পরিশ্রম করব, তথাপি অন্যের দ্বারস্থ হব না*** (নিরপেক্ষ খন্ডবাক্য)।

**Ans : A.**

**১৩. 'রেইনকোট' গল্পের বিষয়বস্তু কোনটি?**

A. মুক্তিযুদ্ধ B. দুর্ভিক্ষ C. প্রেম D. দাঙ্গা

**ব্যাখ্যা:** 'রেইনকোট' গল্পটিতে ১৯৭১ সালে ঢাকা কলেজের এবং ঢাকার অন্যান্য বেশ কয়েকটি জায়গার পরিস্থিতি বর্ণনা করা হয়েছে। এ গল্পে মুক্তিবাহিনী, রাজাকার, মিলিটারি সকলের কথা উল্লেখ আছে। আরো উল্লেখ আছে গেরিলা যুদ্ধের কথা এবং মুক্তিবাহিনীর বোমা ভাটানোর কৌশল। অবশেষে গল্পকথক দেশপ্রেমিক নুরুল হুদার সাহসিকতা ও তাঁর উপর মিলিটারির উৎপাতের কথা বর্ণিত হয়েছে। সুতরাং এ গল্পের বিষয় ১৯৭১ সালের 'মহান স্বাধীনতা যুদ্ধ'।

**Ans : A.**

**১৪. "আমার কবিতা, জানি আমি, গেলেও বিচিত্র পথে হয় নাই সে সর্বত্রগামী।" – কোন কবিতার চরনাংশ এটি?**

A. ঐকতান B. সাম্যবাদী
C. আমি কিংবদন্তির কথা বলছি D. রক্তে আমার অনাদি অস্থি

**ব্যাখ্যা: বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের 'ঐকতান' কবিতার গুরুত্বপূর্ণ কিছু চরণ:**
- আমার কবিতা, জানি আমি/গেলেও বিচিত্র পথে হয় নাই সে সর্বত্রগামী।
- কৃষাণের জীবনের শরিক যে জন,
  কর্মে ও কথায় সত্য আত্মীয়তা করেছে অর্জন,
- যে আছে মাটির কাছাকাছি,
  সে কবির বাণী লাগি কান পেতে আছি।
- এসো কবি অখ্যাত জনের/নির্বাক মনের।
- মর্মের বেদনা যত করিয়া উদ্ধার-
  প্রাণহীন এ দেশেতে গানহীন যেথা চারিধার,
- অবজ্ঞার তাপে শুষ্ক নিরানন্দ সেই মরুভূমি
  রসে পূর্ণ করি দাও তুমি।

**Ans : A.**

**১৫. 'সাহিত্য পাঠ' বইয়ের কবিতা অংশে প্রথম কবিতাটি কার?**

A. ঈশ্বরচন্দ্র গুপ্তের B. আলাওলের
C. কায়কোবাদের D. মুকুন্দরাম চক্রবর্তীর

**ব্যাখ্যা:**
- সাহিত্য পাঠ বই (একাদশ-দ্বাদশ, আলিম) এর কবিতাংশের প্রথম কবিতাটির নাম 'কালকেতুর ভোজন'।
- এটি মুকুন্দরাম চক্রবর্তী রচিত'চন্ডীমঙ্গল' কাব্যের অন্তর্ভুক্ত।
- অসীম শক্তিশালী কালকেতু সারাদিন শিকার করে ঘরে ফিরলে স্ত্রী ফুল্লরা তার ভোজনের ব্যবস্থা করে।
- বৈচিত্র্যময় ও বিপুল খাবারের বিবরণের পাশাপাশি তৎকালীন সমাজের বাঙালি গৃহের খাবার পরিবেশন রীতি এ কাব্যাংশে লক্ষণীয়।

**Ans : D.**

**১৬. "আমি কবি ও কবিতার কথা বলছি।" – কোন কবিতার পঙক্তি?**

A. সাম্যবাদী B. আঠারো বছর বয়স
C. লোক-লোকান্তর D. আমি কিংবদন্তির কথা বলছি

**ব্যাখ্যা: কবি আবু জাফর ওবায়দুল্লাহর 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার গুরুত্বপূর্ণ কিছু চরণ :**
- আমি কবি এবং কবিতার কথা বলছি
  সশস্ত্র সুন্দরের অনিবার্য অভ্যুত্থান কবিতা।
- জিহ্বায় উচ্চারিত প্রতিটি মুক্ত শব্দ কবিতা
  রক্তজবার মতো প্রতিরোধের উচ্চারণ কবিতা।
- আমরা কি তাঁর মতো কবিতার কথা বলতে পারবো
  আমরা কি তাঁর মতো স্বাধীনতার কথা বলতে পারবো।

**Ans : D.**

**১৭. কোন বানানটি ভুল?**

A. প্রাজ্জল B. জ্বলন্ত C. সমীচীন D. কৃপণতা

**ব্যাখ্যা: নিচে গুরুত্বপূর্ণ কিছু সঠিক বানান :**

| ভুল | সঠিক | ভুল | সঠিক |
|---|---|---|---|
| প্রাজ্জল | প্রোজ্জ্বল | অব্যায়ীভাব | অব্যয়ীভাব |
| জলন্ত | জ্বলন্ত | শ্রবনীয় | শ্রবণীয় |
| সমীচিন | সমীচীন | ক্রিশক | কৃষক |
| কৃপনতা | কৃপণতা | পাটসালা | পাঠশালা |
| চাশা | চাষা | কিংবদন্তী | কিংবদন্তি |

**Ans : A.**

**১৮. 'সংস্কৃতির কথা' গ্রন্থের লেখক কে?**

A. প্রমথ চৌধুরী B. কাজী মোতাহের হোসেন
C. মোতাহের হোসেন চৌধুরী D. সৈয়দ মুজতবা আলী

**ব্যাখ্যা: 'মোতাহের হোসেন চৌধুরী' সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- জন্ম - ১৯০৩ (নোয়াখালী)
- মৃত্যু - ১৮ই সেপ্টেম্বর ১৯৫৬ (চট্টগ্রাম)
- তিনি একজন - বুদ্ধির মুক্তি আন্দোলনের অন্যতম কান্ডারি।
- তিনি ছিলেন - সৌন্দর্যবোধ, মুক্তবুদ্ধি চেতনা ও মানবপ্রেমের আদর্শের অনুসারী।
- তিনি একজন - মননশীল, চিন্তাউদ্দীপক ও পরিশীলিত গদ্যের রচয়িতা।
- তাঁর রচনা - সংস্কৃতি কথা, সভ্যতা, সুখ ইত্যাদি।
- তিনি ছিলেন - কাজী আব্দুল ওদুদ, আবুল হুসেন, কাজী মোতাহার হোসেন, আবুল ফজল, আব্দুল কাদিরের সহযোগী।

**Ans : C.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

১৯. সংগতিপূর্ণ প্রত্যয়ের জোড় কোনটি?
A. রাখাল, দোকানদার B. চলন্ত, জেলে
C. নিভন্ত, পাঠক D. ঘরোয়া, কাটতি

ব্যাখ্যা: কৃদন্ত পদ : কৃৎ প্রত্যয় সাধিত পদটিকে বলা হয় কৃদন্ত পদ। অর্থাৎ যে নাম পদ (বিশেষ্য বা বিশেষণ পদ) ক্রিয়ামূল বা ধাতুর সঙ্গে কৃৎ প্রত্যয় যোগ হয়ে গঠিত, তাকে কৃদন্ত পদ বলে। সহজ ভাষায় বলতে গেলে, ক্রিয়ামূল বা ধাতু থেকে গঠিত বিশেষ্য বা বিশেষণ পদকেই কৃদন্ত পদ বলে। যেমন : √পঠ্ + ণক (অক) = পাঠক, √নিভ্ + অন্ত = নিভন্ত
এছাড়াও পড়ুয়া, নাচুনে, জিতা ইত্যাদিও কৃদন্ত পদ।
Ans : C.

২০. কোনটি সাম্যবাদী কবিতার চরণ?
A. কত বিচিত্র জীবনের রং চারদিকে করে খেলা
B. একতারা যাহাদের তারাও সম্মান যেন পায়
C. আমাদের চেতনা জুড়ে তারা করবে না আর্তনাদ
D. সকল শাস্ত্র খুঁজে পাবে সখা, খুলে দেখ নিজ প্রাণ

ব্যাখ্যা: কবি কাজী নজরুল ইসলামের 'সাম্যবাদী' কবিতার গুরুত্বপূর্ণ কিছু চরণ:
• তোমাতে রয়েছে সকল কেতাব সকল কালের জ্ঞান, সকল শাস্ত্র খুঁজে পাবে সখা খুলে দেখ নিজ প্রাণ!
• তোমাতে রয়েছে সকল ধর্ম, সকল যুগাবতার, তোমার হৃদয় বিশ্ব-দেউল সকলের দেবতার।
• কেন খুঁজে ফের দেবতা-ঠাকুর মৃত-পুথি-কঙ্কালে? হাসিছেন তিনি অমৃত-হিয়ার নিভৃত অন্তরালে!
• বন্ধু বলিনি ঝুট,
এইখানে এসে লুটাইয়া পড়ে সকল রাজমুকুট
Ans : D.

২১. দিলওয়ার কোন জেলার কবি?
A. বরিশাল B. সিলেট
C. কুমিল্লা D. ঢাকা

ব্যাখ্যা: কবি দিলওয়ার সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
• জন্ম : ১৯৩৭ সালে (সিলেট)
• মৃত্যু : ২০১৩ সালে।
• তিনি জনমনের সাথে একাত্মতা প্রকাশ করে - খান পদবি ত্যাগ করেন।
• তিনি সাধারণ্যে পরিচিত - 'গণমানুষের কবি' হিসেবে।
• পেশা - শিক্ষকতা ও সাংবাদিকতা (দৈনিক সংবাদ + দৈনিক গণকণ্ঠ)
• মূলত তিনি একজন - কবি-লেখক ও ছড়াকার।
• তাঁর কবিতার সুর - দেশ মাটি ও মানুষের প্রতি আস্থা ও দায়বদ্ধতা।
• তাঁর কাব্যগ্রন্থ - জিজ্ঞাসা, ঐকতান, উদ্ভিন্ন উল্লাস, স্বনিষ্ট সনেট, রক্তে আমার অনাদি অস্থি ইত্যাদি।
Ans : B.

২২. "সেইখানে শঙ্খচিল পানের বনের মত হাওয়ায় চঞ্চল" – কোন কবিতার পঙক্তি?
A. তাহারেই পড়ে মনে
B. লোক-লোকান্তর
C. এই পৃথিবীতে এক স্থান আছে
D. নূরলদীনের কথা মনে পড়ে যায়

ব্যাখ্যা: জীবনানন্দ দাশের 'এই পৃথিবীতে একস্থান আছে' কবিতার গুরুত্বপূর্ণ কিছু চরণ :
• সেইখানে শঙ্খচিল পানের বনের মত হাওয়ায় চঞ্চল।
• সেইখানে লক্ষ্মীপেঁচা ধানের গন্ধের মতো অস্ফুট, তরুণ;
• সেখানে লেবুর শাখা নুয়ে থাকে অন্ধকারে ঘাসের উপর।
• সুদর্শন উড়ে যায় ঘরে তার অন্ধকার সন্ধ্যার বাতাসে;
• সেখানে হলুদ শাড়ি লেগে থাকে রূপসীর শরীরের পর।
• শঙ্খমালা নাম তার : এ বিশাল পৃথিবীর কোনো নদী ঘাসে।
• তারে আর খুঁজে তুমি পাবে নাকো
Ans : C.

২৩. 'প্রকান্ড' শব্দের 'প্র' কোনটির উদাহরণ?
A. বিভক্তি B. অনুসর্গ C. উপসর্গ D. প্রত্যয়

ব্যাখ্যা: নিচে গুরুত্বপূর্ণ কিছু উপসর্গ ও তার ব্যবহার :
• উপসর্গ : ভাষার ব্যবহৃত যেসব অব্যয়সূচক শব্দের নিজস্ব কোন অর্থ নেই কিন্তু অন্য শব্দের শুরুতে বসে উক্ত শব্দের অর্থের পরিবর্তন করে তাকেই উপসর্গ বলে।
• উপসর্গের অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে।
• উপসর্গের কাজ শব্দের অর্থের সংকোচন, সম্প্রসারন, পরিবর্তন, পরিমার্জন এবং নতুন নতুন শব্দ তৈরি করা ইত্যাদি।
• 'প্র' উপসর্গের ব্যবহার :
প্রকৃষ্ট/সম্যক অর্থে - প্রভাব, প্রচলন, প্রস্ফুটিত।
খ্যাতি অর্থে - প্রসিদ্ধ, প্রতাপ, প্রভাব।
আধিক্য অর্থে - প্রাগাঢ়, প্রচার, প্রবল, প্রসার।
গতি অর্থে - প্রবেশ, প্রস্থান।
Ans : C.

২৪. "ও যখন হাঁটে তখন মজিদ চেয়ে চেয়ে দেখে।" – 'ও' কে?
A. জমিলা B. রহিমা C. হাসুনির মা D. আমেনা

ব্যাখ্যা: 'লালসালু' উপন্যাসের গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
• শত্রুর আভাস পাওয়া হরিণের চোখের মতোই সতর্ক হয়ে ওঠে - মজিদের চোখ।
• মাজারে তীক্ষ্ণ আর্তনাদ শুরু করে - মাথায় শনের মত চুলওয়ালা খ্যাংটা বুড়ি।
• মজিদ এখন ঝড়ের মুখে উড়ে চলা পাতা নয় - বরং স্বচ্ছলতার শিকড়গাড়া বৃক্ষ।
• রহিমা যখন উঠানে হাঁটে - মজিদ তখন চেয়ে চেয়ে দেখে। তারপর মধুর হেসে আস্তে মাথো নেড়ে বলে, অমন করে হাটতে নেই।
Ans : B.

২৫. হরিশ কোন গল্পের চরিত্র?
A. অপরিচিতা B. মাসি-পিসি
C. চাষার দুক্ষ D. আহ্বান

ব্যাখ্যা: 'অপরিচিতা' গল্পের গুরুত্বপূর্ণ কিছু চরিত্রের বর্ণনা :
• অনুপম - গল্পের নায়ক বিশ শতকের ব্যক্তিত্বরহিত, পরিকারতত্ত্বে কাছে অসহায় পুতুলসম এক শিক্ষিত যুবক।
• কল্যাণী - গল্পের নায়িকা। প্রতিরোধ, প্রতিবাদ ও দেশচেতন ঋদ্ধ এক বলিষ্ঠ ব্যক্তিত্বের অধিকারী নারী।
• শম্ভুনাথ সেন - কল্যাণীর পিতা, গম্ভীর প্রকৃতির, আত্মসম্মানবোধ সমৃদ্ধ ও প্রবল সাহসী, প্রতিবাদী চরিত্রের অধিকারী।
• হরিশ - অনুপমের বন্ধু। রসিক প্রকৃতির ও আসর জমা অদ্বিতীয় ব্যক্তি।
Ans : A.

২৬. দুর্ভিক্ষের মর্মস্পর্শী স্মৃতি আভাসিত হয়েছে কোন গল্পে?
A. অপরিচিতা B. আহ্বান C. মাসি-পিসি D. রেইনকোট

ব্যাখ্যা: 'মাসি-পিসি' গল্পের গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
• প্রকাশকাল - ১৩৫২ বঙ্গাব্দে চৈত্র সংখ্যায় পূর্বাশা পত্রিকায়।
• বর্তমান পাঠ গ্রহণ - ঐতিহ্য প্রকাশিত মানিক রচনাবলি থেকে।
• গল্পের কাহিনি - স্বামীর নির্মম নির্যাতনের শিকার ও পিতৃমাতৃহীন এক তরুণীর করুণ জীবনকাহিনি।
• বিধবা নিঃস্ব প্রৌঢ়া মাসি-পিসির বুদ্ধিদীপ্ত ও সাহসী সংগ্রাম পরিচালনা - গল্পটিকে তাৎপর্যপূর্ণ করে তুলেছে।
• গল্পের বৈচিত্র্যময় দিক - দুর্ভিক্ষের মর্মস্পর্শী স্মৃতি, জীবিকা নির্বাহের কঠিন সংগ্রাম, নারী হয়ে নৌকাচালন ও সবজির ব্যবসা পরিচালনা প্রভৃতি।
Ans : C.

২৭. 'চা' শব্দটি কোন ভাষা থেকে আসা ঋণশব্দ?
A. পর্তুগিজ B. ইংরেজি C. ওলন্দাজ D. চীনা

ব্যাখ্যা: নিচে গুরুত্বপূর্ণ কিছু বিদেশি শব্দ :
• গুজরাটি - খদ্দর হরতাল
• পাঞ্জাবি - চাহিদা, শিখ।
• তুর্কি - চাকর, চাকু, তোপ, দারোগা।
• চীনা - চিনি, চা।
• বার্মিজ - লুঙ্গি, ফুঙ্গি।
• জাপানি - রিক্সা, হারিকিরি।
• পর্তুগিজ - গুদাম, চাবি, গির্জা, পাদ্রি।
• ওলন্দাজ - রুইতন, হরতন, তুরুপ, টেক্কা।
Ans : D.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

২৮. কোনটি বঙ্কিমচন্দ্রের রচনা নয়?
A. কৃষ্ণচরিত্র B. বৈকুন্ঠের খাতা
C. আনন্দমঠ D. Rajmohan's Wife

ব্যাখ্যা: 'বঙ্কিমচন্দ্র' সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- জন্ম - ১৮৩৮; মৃত্যু - ১৮৯৪ সাল।
- প্রথম কবিতা প্রকাশ - 'সংবাদ প্রভাকর' পত্রিকায় (১৮৫২)
- পত্রিকা সম্পাদনাও প্রকাশ - 'বঙ্গদর্শন' (১৮৭২)
- উল্লেখযোগ্য রচনা -
উপন্যাস : দুর্গেশনন্দিনী, কপালকুন্ডলা, বিষবৃক্ষ, চন্দ্রশেখর, আনন্দমঠ, দেবী চৌধুরাণী, রাজসিংহ, সীতারাম, Rajmohan's Wife
প্রবন্ধ : লোকরহস্য, বিজ্ঞানরহস্য, সাম্য, কৃষ্ণচরিত্র।
উপাধি - সাহিত্যসম্রাট।
- কৃতিত্ব - বাংলা সাহিত্যে প্রথম শিল্পসম্মত উপন্যাস রচনা।
- বৈকুন্ঠের খাতা - রবীন্দ্রনাথ ঠাকুরের রচনা।

**Ans : B.**

২৯. কোন কবিতা জুড়ে রয়েছে বিষাদময় রিক্ততার সুর?
A. ঐকতান B. তাহারেই পড়ে মনে
C. সেই অস্ত্র D. ফেব্রুয়ারি ১৯৬৯

ব্যাখ্যা: কবি সুফিয়া কামালের 'তাহারেই পড়ে মনে' কবিতার গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- প্রকাশকাল - ১৯৩৫ সালে 'মাসিক মোহাম্মদী' পত্রিকায়।
- কবিতার তাৎপর্যময় অভিব্যক্তি - প্রকৃতি ও মানবপ্রেমের সম্পর্কের একটি গুরুত্বপূর্ণ দিক।
- এ কবিতায় - কবির ব্যক্তিজীবনের দুঃখময় ঘটনার ছায়াপথ ঘটেছে।
- কবির স্বামীর মৃত্যুতে - কবির জীবনে নেমে আসে প্রচন্ড শূণ্যতা, দুঃসহ বিষণ্ণতা।
- কবিতার আবেগময় ভাববস্তুর বেদনাঘন বিষণ্ণতার সুর এবং সুললিত ছন্দ - অত্যন্ত মাধুর্যমন্ডিত।

**Ans : B.**

৩০. "একদিন মরতেই হবে, অন্যায় ও অত্যাচারের বিরুদ্ধে প্রতিবাদ করে যদি মরতে পারি, সে মরাতেও শান্তি আছে।" – কার রচনায় এ উক্তি রয়েছে?
A. আখতারুজ্জামান ইলিয়াস B. বেগম রোকেয়া শাখাওয়াত হোসেন
C. কাজী নজরুল ইসলাম D. শেখ মুজিবুর রহমান

ব্যাখ্যা: শেখ মুজিবুর রহমানের 'বায়ান্নর দিনগুলি' থেকে গুরুত্বপূর্ণ কিছু লাইন :
- একদিন মরতেই হবে, অন্যায় ও অত্যাচারের বিরুদ্ধে প্রতিবাদ করে যদি মরতে পারি, সে মরাতেও শান্তি আছে।
- আমাদের অবস্থা এমন পর্যায়ে এসেছে যে, যে-কোন মুহূর্তে মৃত্যুর শান্তি-ছায়ায় চিরদিনের জন্য স্থান পেতে পারি।
- নারায়ণগঞ্জে বৃদ্ধ খান সাহেব ও তাঁর ছেলেমেয়েদের ওপর অকথ্য অত্যাচার হয়েছে।
- গুলি হলো মেডিকেল কলেজ হোস্টেলের এরিয়ার ভেতরে রাস্তায়ও নয়। ১৪৪ ধারা ভঙ্গ করলেও গুলি না করে গ্রেফতার করলেই তো চলত।
- একুশে ফেব্রুয়ারি আমরা উদ্বেগ, উৎকন্ঠা নিয়ে দিন কাটালাম, রাতে সিপাহিরা ডিউটিতে এসে খবর দিল, ঢাকায় ভীষণ গোলমাল হয়েছে।

**Ans : D.**

## English (Compulsory)

**Make the right choice to complete the following sentences (1-17)**

**1. Rajshahi relies heavily on income from fruit crops, ______.**
A. and so is Dinajpur B. and so are other districts
C. and so is Chittagong D. and so does Dinajpur

ব্যাখ্যা: এটি Affirmative agreement এর example.
এর structure :
So + auxiliary verb + sub.
or
sub + auxiliary verb + too/also.
তবে, বাক্যে auxiliary verb না থাকলে do/does/did হবে tense অনুযায়ী।
**Example :** I like chiness food and so does he.
অনুরূপভাবে, Rajshahi velies heavily on income from fruit crops, and so does Dinajpur.

**Ans : D.** AFF. agreement

**2. I cannot read what you have written. Your handwriting is totally ______.**
A. messy B. illegible
C. illiterate D. spoilt

ব্যাখ্যা: Messy - অগোছালো বা নোংরা Illegible - অস্পষ্ট/দুষ্পাঠ্য
Illiterate - অশিক্ষিত Spoilt - নষ্ট
এখানে, sentence টি দ্বারা বুঝানো হচ্ছে যে, আমি তোমার লিখা পড়তে পারছি না। তোমার হাতের লিখা অস্পষ্ট সুতরাং 'illegible' word টিই গ্রহণযোগ্য।

**Ans : B.** Sentence completion

**3. My younger brother specializes ____ Medicine.**
A. on B. in
C. with D. about Preposition

ব্যাখ্যা: Specializes in - বিশেষজ্ঞ হওয়া
আরো কিছু গুরুত্বপূর্ণ group verb :

| | | | |
|---|---|---|---|
| get alone | মানিয়ে নেওয়া | put off | খুলে ফেলা |
| blow out | নিভে যাওয়া | turn down | ডুবে যাওয়া |
| give up | ত্যাগ করা | get rid of | মুক্তি পাওয়া |

**Ans : B.**

**4. A partner in crime is _____.**
A. an accomplice B. a patricide
C. an atheist D. a parricide

ব্যাখ্যা: **An accomplice** - a person who participates in a crime.
**a patricide** - a person who kills his/her father.
**an atheist** - a person who does not believe in God.
**a parricide** - a person who murders his/her parents on close relatives.

**Ans : A.** One word substitution

**5. He was _____ with robbery.**
A. charged B. arrested
C. held D. accused

ব্যাখ্যা: Charge with - কাউকে কিছুর জন্য অভিযুক্ত করা
Sentence টির অর্থ হলো তার উপর ডাকাতির অভিযোগ আনা হয়েছে। অভিযোগ অর্থে charge ই সবচেয়ে গ্রহণযোগ্য এবং charge এর পর preposition 'with' বসে।

**Ans : A.** preposition

**6. It took quite a while _____ all our luggage.**
A. fall out B. keep out
C. sort out D. put out Group verb

ব্যাখ্যা: Sort out - খুঁজে বের করা অথবা বাছাই করা
Sentence টির অর্থ হলো আমাদের লাগেজগুলা বাছাই করতে কিছুটা সময় লেগেছিল। 'বাছাই করা' বুঝাতে 'sort out' ই সবচেয়ে গ্রহণযোগ্য।

**Ans : C.**

**7. Only three people _____ the crush. Everyone else was killed.**
A. lived B. recovered
C. relieved D. survived

ব্যাখ্যা: Sentence টির অর্থ হলো যে, শুধুমাত্র তিনজন ব্যক্তি সংঘর্ষটিতে মৃত্যুর হাত থেকে রক্ষা পেয়েছিল বাকিরা সবাই মারা গিয়েছিল। এখানে মৃত্যুর হাত থেকে রক্ষা বা বেঁচে যাওয়া বুঝাতে survived ই সবচেয়ে গ্রহণযোগ্য।

**Ans : D.** Sentence completion

**8. A sizeable number of today's student don't read books thoroughly ; they just _____.**
A. go through them
B. skim through them
C. skim thoroughly them
D. read them to the syllable

Phrase and idioms

শিক্ষায় সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

ব্যাখ্যা: Skim through - চোখ বুলিয়ে যাওয়া
Sentence টির অর্থ হলো যে, বর্তমান সময়ের ছাত্রছাত্রীর একটি বিরাট অংশ সম্পূর্ণভাবে বা পুঙ্খানুপুঙ্খভাবে বই পড়ে না, তারা শুধু কিছু বিষয় চোখ বুলিয়ে যায় বা দ্রুত পড়ে যায়।
এখানে চোখ বুলিয়ে যাওয়া অর্থে Skim through ই সবচেয়ে গ্রহণযোগ্য।
**Ans : B.**

**9. A 'cliche' is _____.**
A. a novel expression B. an exception to the rule
C. a universal truth D. an overused expression

ব্যাখ্যা: Cliche - An idea or expression that has been used too often and is often considered a sigh of bad writing or old-fashioned thinking.
- অতি ব্যবহৃত কথাবার্তা বা পুরাতন ধারণা।
**Ans : D.**

**10. Nahid never gives up, he is so _____.**
A. persevering B. persuading
C. tiring D. diligent

ব্যাখ্যা: Persevering - অধ্যাবসায়ী Persuading - বুঝিয়ে দেওয়া
Tiring- ক্লান্তিকর Diligent - পরিশ্রমী
Sentence টির অর্থ হলো নাহিদ কখনো হার মানে না, সে অনেক অধ্যাবসায়ী। অধ্যাবসায়ী বুঝাতে এখানে Persevering হবে।
**Ans : A.**

**11. I am in favour of fishing but I am opposed ___ hunting.**
A. to B. at C. of D. about

ব্যাখ্যা: Opposed to - বিরোধী
Oppose এর পর preposition to বসে
**Ans : A.**

**12. Shakib had Maruf _____ the car.**
A. wash B. to wash C. washed D. would wash

ব্যাখ্যা: যে সকল verb দ্বারা subject নিজে সরাসরি কাজ না করে অন্যকে দিয়ে করায় তাদের causative verb বলে Causative verb গুলো হলো - have, get, make, sentence এ causative verb থাকলে নিম্নোক্ত structure টি follow করে-
Subject + have(any tense) + complement (usually person) + verb এর base form
Subject + get (any tense) + complement (usually person) + verb in infinite + ...
**Example :** (i) The persident had his advisors arrange a press conference
(ii) Marry got John to wash the car.
অনুরূপভাবে, Shakib had Maruf wash the car.
**Ans : A.**

**13. All of a sudden, the victim _______.**
A. burst in tears B. was burst into tears
C. burst out tears D. burst into tears

ব্যাখ্যা: Burst into tears - হঠাৎ করে কান্না শুরু করা, কান্নায় ভেঙে পড়া
**Ans : D.**

**14. I think it was ____ quite clearly in the report.**
A. spelled out B. suggested
C. set about D. found out

ব্যাখ্যা: Spell out - বিশদভাবে ব্যাখ্যা করা
Sentence টির অর্থ হলো, আমি মনে করি রিপোর্টে এটা বিশদভাবে ব্যাখ্যা করা হয়েছে। 'বিশদভাবে ব্যাখ্যা করা হয়েছে' বুঝাতে spelled out ই সবচেয়ে গ্রহণযোগ্য।
**Ans : A.**

**15. The meeting will begin at 10.30 ______.**
A. exactly B. on time C. sharp D. accurately

ব্যাখ্যা: সাধারণত 'exact' সময় বুঝাতে 'sharp' শব্দটি ব্যবহার করা হয়। এটা সাধারণত সময়ের পরেই ব্যবহৃত হয়।
যেমন - The plane departs at 10.25 sharp
অনুরূপভাবে, The meeting will begin at 10.30 sharp.
**Ans : C.**

**16. Such claims need to be tested 'empirically' suggests that _____.**
A. the test should be based on study
B. the test should be based on assumption
C. the test should be based on calculations
D. the test should be based on experience

ব্যাখ্যা: Empirically - Based on what is experienced or seen rather that theory.
- অভিজ্ঞতা থেকে প্রাপ্ত।
**Ans : D.**

**17. Prior _____ Chittagong University I visited Dhaka University.**
A. to visiting B. to visit
C. visiting D. to come to

ব্যাখ্যা: সাধারণত 'to' এর verb এর base form বসে কিন্তু, to যদি phrasal verb (verb + preposition) এর অংশ হয় তাহলে verb এর সাথে ing যুক্ত হবে।
যেমন- I look forward to meeting you.
অপরদিকে 'to' যদি adjective + preposition এর অংশ হয়, তাহলে verb + ing হয়।
যেমন- I am addicted to watching TV
অনুরূপভাবে
Prior to visiting Chittagong University I visited Dhaka University.
**Ans : A.**

**Identify the underlined part in the following sentences that requires correction (18-19)**

**18. The scholarly professor told (A) the students to don't (B) discuss (C) the take-home examination with (D) each other.**

ব্যাখ্যা: Infinitive অথবা to + v (base) কে negative করার নিয়ম-
not + to + v (base)
**Example :** I told him not to go.
অনুরূপভাবে, The scholarly professor told the students not to discuss the take home examination with each other.
এখানে, option তে ভুল আছে।
**Ans : B.**

**19. As verbalization is the most common form (A) of language, humans make use of many (B) others systems (C) and techniques to express their thoughts and feelings. (D)**

ব্যাখ্যা: Many থাকলে পরবর্তী noun টি plural হয়ে systems হবে। কিন্তু এখানে other adjective হিসেবে ব্যবহৃত হয়েছে এর সাথে s/es যোগ করা যাবেনা। সুতরাং option C তে ভুল।
**Ans : C.**

**20. 'To see eye to eye with' means-**
A. to disagree B. to agree
C. to be angry D. to be pleased

ব্যাখ্যা: To see eye to eye with - to agree with someone or to have the same opinion as them.
**Ans : B.**

শিক্ষায় সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**21. We all know that humans are mortal. Here the underlined clause is-**
A. an adjective clause B. a noun clause
C. an adverb clause D. both A & C

ব্যাখ্যা: সাধারণত What দিয়ে প্রশ্ন করলে noun/noun clause পাওয়া যায়।
**Ans : B.**

**22. The antonym of 'GREGARIOUS' is-**
A. horrendous B. anticipatory
C. anti-social D. glorious

ব্যাখ্যা: Gregarious - সামাজিক, দলপ্রিয়
**Synonyms :** Sociable, Companionable, Friendly, Convivial Hospitable.
**Antonyms :** Anti-social, Introverted, Reclusive, Solitary, Lone
**Ans : C.**

**23. 'Rhetoric' is -**
A. a technique used for speak faster
B. the ability to lie
C. the skill of using language persuasively
D. the ability to interpret complex logical problems

ব্যাখ্যা: Rhetoric - Language designed to have a persuasive or impressive effect or intended to influence people.
- বাগাড়ম্বরপূর্ণ উক্তি, মানুষকে প্রভাবিত করার জন্য বলা কথাবার্তা।
**Ans : C.**

**24. The antonym of 'INDIFFERENCE' is-**
A. concern B. ardour C. compassion D. anxiety

ব্যাখ্যা: Indifference - উদাসীনতা, অযত্ন, উপেক্ষা।
**Synonyms :** Negligence, Apathy, Nonchalance, Aversion, Reluctance.
**Antonyms :** Concern, Sympathy, Interest, Ardour, Regard, Anxlety.
Indifference এর Antonym 'Concern' ও 'Ardour' দুটোই ব্যবহৃত হয়।
**Ans : A & B.**

**25. The synonym of 'LEGACY' is-**
A. bequest B. legend C. litigation D. debt

ব্যাখ্যা: Legacy - উত্তরাধিকার
**Synonyms :** Bequest, Inheritance, Gift, Heirloom, Endowment.
**Antonyms :** Dispossession, Abdication, Rejection, Disavowal, Denial
**Ans : A.**

**26. S.S. Titanic sank only two days after it sailed in maiden voyage. In the sentence the underlined word 'maiden' means-**
A. elegant B. inaugural C. final D. virgin

ব্যাখ্যা: Maiden - প্রথম
**Synonym :** First, Initial, Inaugural.
**Ans : B.**

**27. 'A foregone conclusion' means-**
A. a false hope B. an anticipated result
C. an uneasy situation D. a contrary outcome

ব্যাখ্যা: A foregone conclusion - পূর্বসিদ্ধান্ত বা জানা কথা
- A result that can be anticipated or predicted with certainty.
**Ans : B.**

**28. The expression 'straw vote' means-**
A. unofficial survey of public opinion
B. yes-no vote
C. manipulated election
D. universal franchise

ব্যাখ্যা: Straw vote - An unofficial survey, vote or poll taken to determine public opinion on a given issue.
-জনমত যাচাইয়ের জন্য বেসরকারী ভাবে করা নির্বাচন বা জরিপ।
**Ans : A.**

**29. The synonym of 'SPURIOUS' is-**
A. dirty B. massive C. untidy D. fake

ব্যাখ্যা: Spurious - কৃত্রিম, মিথ্যা, ভেজাল
**Synonyms :** Bogus, Fake, Factitious, Counterfeit, Fraudulent.
**Antonyms :** Authentic, Genuine, Real, Legitimate, Valid.
**Ans : D.**

**30. He is all but ruined. Here 'all but' means-**
A. in fact B. truly C. seldom D. nearly

ব্যাখ্যা: all but - প্রায়
Sentence টির অর্থ হলো, সে প্রায় ধ্বংস হয়ে গিয়েছে।
**Ans : D.**

## বিশ্লেষণ দক্ষতা (আবশ্যিক)

**নিচের প্রশ্নসমূহে প্রদত্ত বিকল্প হতে বিসদৃশ আইটেমটি বের কর (প্রশ্ন ১ - ৬)**

১. A. 4 : 16 B. 6 : 36 C. 7 : 98 D. 3 : 9

ব্যাখ্যা: এখানে অপশগুলোতে প্রথমটির বর্গ হচ্ছে দ্বিতীয় সংখ্যা -
$4 \times 4 = 16$ $6 \times 6 = 36$
$7 \times 7 = 49$ $3 \times 3 = 9$
অপশন C তে 7 : 49 হওয়ার কথা ছিল।
**Ans : C.**

২. A. Dollar B. Euro C. Pound D. Ounce

ব্যাখ্যা: অপশন A, B এবং C এর Dollar, Euro এবং Pound হচ্ছে মুদ্রার একক। কিন্তু অপশন D তে Ounce হচ্ছে ওজনের একক।
**Ans : D.**

৩. A. Potassium B. Iodine C. Iron D. Sodium

ব্যাখ্যা: অপশন A, B এবং D এর Potassium, Iodine এবং Sodium তিনটিই উদ্বায়ী পদার্থ। কিন্তু Iron উদ্বায়ী পদার্থ নয়।
**Ans : C.**

৪. A. Ally B. Antagonist
C. Opponent D. Adversary

ব্যাখ্যা: অপশন B, C, D তিনটির অর্থই শত্রু। কিন্তু অপশন A এর অর্থ বন্ধু।
**Ans : A.**

৫. A. Carrot B. Potato C. Radish D. Brinjal

ব্যাখ্যা: Carrot - গাজর; Potato - আলু
Radish - মূলা; Brinjal - বেগুন
গাজর, আলু এবং মূলা মাটির নিচে জন্মে, কিন্তু বেগুন জন্মে মাটির উপরে।
**Ans : D.**

৬. A. Tortoise B. Duck C. Snake D. Whale

ব্যাখ্যা: Tortoise - (কচ্ছপ), Duck (হাঁস) এবং Snake (সাপ) এগুলো জলজ প্রাণী কিন্তু Whale (তিমি) সমুদ্রের প্রাণী।
**Ans : D.**

**নিচের প্রশ্নসমূহে সম্পর্কিত একজোড়া শব্দ রয়েছে। এ সম্পর্কের সাথে মিল রেখে প্রদত্ত বিকল্প হতে '?' চিহ্নিত স্থানের জন্যে উপযুক্ত শব্দ বাছাই কর (প্রশ্ন ৭ - ১২)।**

**৭. Left : Right :: Horizontal : ?**
A. Below B. Middle C. Down D. Vertical

ব্যাখ্যা: Left (বামে) এর বিপরীত শব্দ Right (ডান)
Horizontal (আনুভূমিক) এর বিপরীত শব্দ Vertical (উলম্ব)
**Ans : D.**

**৮. Tree : leaf :: Flower : ?**
A. Petal B. Vase C. Garden D. Gardener

ব্যাখ্যা: Tree (গাছ) এ থাকে Leaf (পাতা)
Flower (ফুল) এ থাকে Petal (পাপড়ি)
**Ans : A.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**৯. Patron : Support :: ? : ?**
A. Spouse : Divorce B. Restaurant : Management
C. Counselor : Advice D. Host : Hostility

ব্যাখ্যা: Patron (সমর্থক) এর কাজ Support (সমর্থন) করা Counselor (উপদেষ্টা) এর কাজ Advice (পরামর্শ) দেয়া।
**Ans : C.**

**১০. Cricket : Pitch :: ? : ?**
A. Ship : Deck B. Boat : Harbour
C. Wrestling : Track D. Boxing : Ring

ব্যাখ্যা: Cricket খেলা হয় Pitch এ এবং Boxing খেলা হয় Ring এ।
**Ans : D.**

**১১. Poles : Magnet :: ? : Battery**
A. Energy B. Power
C. Terminals D. Cells

ব্যাখ্যা: Poles (চুম্বক) এর যেমন Magnet (মেরু) রয়েছে, Battery (ব্যাটারী) এর ও Terminal (প্রান্ত) রয়েছে।
**Ans : C.**

**১২. Toxic : Harmful :: ? : ?**
A. Iron : Useful B. Police : Awful
C. Gay : Cheerful D. Cruel : Joyful

ব্যাখ্যা: Toxic (বিষ) হচ্ছে Harmful (ক্ষতিকর)। একইভাবে, Iron (লোহা) হচ্ছে Useful (উপকারী)
**Ans : A.**

**নিচে প্রদত্ত বড় হাতের শব্দগুলোর সাথে অধিক সমার্থবোধক শব্দগুলো বের কর (প্রশ্ন ১৩ - ১৫)।**

**১৩. TANTAMOUNT**
A. Huge B. Highest C. Equal D. Gullible

ব্যাখ্যা: Tantamount - সমপরিমাণ।
**Synonyms :** Equal, Same, Similar, Uniform, Balanced
**Antonyms :** Unequal, Different, Dissimilar, Unlike
**Ans : C.**

**১৪. NAIVE**
A. Rural B. Secular
C. Unsophisticated D. Sultry

ব্যাখ্যা: Naive - সাদাসিধা
**Synonyms :** Simple, Unsophisticated, Ignorant, Innocent
**Antonyms :** Aware, Experienced, Sophistaicated
**Ans : C.**

**১৫. DECORUM**
A. Merit B. Etiquette
C. Parliament D. Slipshod

ব্যাখ্যা: Decorum - শালীনতা/ভদ্রতা
**Synonyms :** Civility, Etiquette, Decensy, Dignity
**Antonyms :** Immorality, Rudeness, Wrong, Indecency.
**Ans : B.**

**নিচের প্রশ্নসমূহে প্রদত্ত সারিগুলোতে '?' চিহ্নিত স্থানে সঠিক বিকল্পটি বাছাই কর, যা সারিগুলোর ধরনকে অব্যাহত রাখবে (প্রশ্ন ১৬ - ১৮)।**

**১৬. AZ, GT, MN, ?, YB,**
A. KF B. RX C. TS D. SH

ব্যাখ্যা: প্রথমেই আছে AZ। A প্রথম এবং Z শেষ বর্ণ।
এর পর আছে GT। A এর ৫টি বর্ণ পর আসে G এবং Z এর ৫টি বর্ণ আগে আসে T
একই ভাবে M এর ৫ বর্ণ পর হবে S এবং N এর ৫ বর্ণ আগে H
**Ans : D.**

**১৭. 84, 40, 18, ?**
A. 16 B. 12
C. 7 D. 9

ব্যাখ্যা: $84 \div 2 = 42 - 2 = 40$
$40 \div 2 = 20 - 2 = 18$
$18 \div 2 = 9 - 2 = 7$
**Ans : C.**

১৮. January, February, April, July, November, April, ?
A. September B. October
C. November D. December

ব্যাখ্যা: January - February (Distance - 0 month)
February - April (Distance - 1)
April - July (Distance - 2)
July - November (Distance - 3)
November - April (Distance - 4)
April - October (Distance - 5)
**Ans : B.**

**১৯. APPLE এর কোড 25563 এবং RUNG এর কোড 7148 হলে PURPLE এর কোড হবে,**
A. 176351 B. 763512 C. 173652 D. 517563

ব্যাখ্যা:
A P P L E → 2 5 5 6 3; R U N G → 7 1 4 8
সুতরাং
P U R P L E → 5 1 7 5 6 3
**Ans : D.**

**২০. 2/3, 3/4, 4/5, 5/6 এর বৃহত্তম ও ক্ষুদ্রতম ভগ্নাংশের মধ্যে পার্থক্য কত?**
A. 2/5 B. 3/5 C. 1/6 D. 1/7

ব্যাখ্যা: এখানে, বৃহত্তম ভগ্নাংশ $\frac{5}{6}$
এবং ক্ষুদ্রতম ভগ্নাংশ $\frac{2}{5}$
$\therefore$ পার্থক্য $= \frac{5}{6} - \frac{2}{3} = \frac{5-4}{6} = \frac{1}{6}$
**Ans : C.**

## সাধারণ জ্ঞান (ঐচ্ছিক)

**১. হরপ্পা ও মহেঞ্জোদারো কোন সভ্যতার অন্তর্ভুক্ত?**
A. রোমান B. গ্রীক C. সিন্ধু D. চৈনিক

ব্যাখ্যা: • হরপ্পা ও মহেঞ্জোদারো প্রাচীন সিন্ধু সভ্যতার প্রথম আবিষ্কৃত ও বৃহত্তম শহরগুলোর মধ্যে অন্যতম।
• পাঞ্জাব ও সিন্ধ অঞ্চলের সিন্ধু নদ উপত্যকায় ২৬০০ খ্রিষ্টপূর্বে এ দুটি শহর গড়ে ওঠে।
• সিন্ধু সভ্যতার বিস্তার ছিল বেলুচিস্তান থেকে সিন্ধু প্রদেশ পর্যন্ত প্রায় সমগ্র আধুনিক ভারতের গুজরাট, রাজস্থান, হরিয়ানা ও পাঞ্জাব রাজ্য।
• হরপ্পা ও মহেঞ্জোদারোর নগর পরিকল্পনার উচ্চমান দেখে অনুমিত হয় যে নগরোন্নয়ন পরিকল্পনা সম্পর্কে এই অঞ্চলের মানুষের যথেষ্ট জ্ঞান ছিল এবং এখানে একটি দক্ষ পৌর সরকারেরও অস্তিত্ব ছিল।
• এই সভ্যতার শহরগুলিতে সমতাবাদী বা ইগালেটারিয়ান সমাজব্যবস্থার দেখা পাওয়া যায়।
**Ans : C.**

**২. নির্মানাধীন পদ্মা সেতুর মোট পিলারের সংখ্যা কত?**
A. ৩৮ B. ৪০ C. ৪২ D. ৪৪

ব্যাখ্যা: • নির্মাণের পর পদ্মা সেতু হবে বাংলাদেশের সবচেয়ে বড় সেতু।
• এর দৈর্ঘ্য ৬,১৫০ মিটার (৬.১৫ কি.মি.) এবং প্রস্থ ১৮.১০ মিটার।
• পদ্মা-ব্রহ্মপুত্র-মেঘনা নদীর অববাহিকায় এর ১৫০ মিটার দৈর্ঘ্যের ৪২টি স্প্যান বসবে।
• পদ্মা সেতুর মাধ্যমে লৌহজং, মুন্সিগঞ্জের সাথে শরিয়তপুর ও মাদারীপুর যুক্ত হবে, ফলে দেশের দক্ষিণ-পশ্চিম অংশের সাথে উত্তর-পূর্ব অংশের সংযোগ ঘটাবে।
• প্রকল্পটির জন্য প্রয়োজনীয় এবং অধিগ্রহণকৃত মোট জমির পরিমাণ ৯১৮ হেক্টর।
• পদ্মা সেতুর ব্যয় দাঁড়িয়েছে সব মিলিয়ে ২৮ হাজার ৭৯৩ কোটি টাকা।
**Ans : C.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

৩. রোহিঙ্গা হত্যাকে কোন দেশের পার্লামেন্ট সর্বপ্রথম গণহত্যা স্বীকৃতি দিয়েছে?
A. কানাডা B. যুক্তরাষ্ট্র C. জাপান D. মালয়েশিয়া

ব্যাখ্যা: • মিয়ানমারে রোহিঙ্গাদের ওপর সংঘটিত অপরাধকে সর্বপ্রথম গণহত্যা বলে স্বীকৃতি দেয় কানাডার পার্লামেন্ট।
• ২০ সেপ্টেম্বর, ২০১৮ তারিখে কানাডার পার্লামেন্টে এ প্রস্তাব তোলা হলে সর্বসম্মতিক্রমে তা পাস হয়।
• কানাডার পার্লামেন্টের ওই প্রস্তাবে জাতিসংঘের ফ্যাক্ট ফাইন্ডিং মিশনের প্রতিবেদনও লিপিবদ্ধ করা হয়।
**Ans : A.**

৪. কততম জাতীয় সংসদ গঠনের লক্ষ্যে আসন্ন জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে?
A. দশম B. একাদশ C. দ্বাদশ D. ত্রয়োদশ

ব্যাখ্যা: • ৩০ ডিসেম্বর ২০১৮ তারিখে বাংলাদেশের একাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়।
• এ নির্বাচনে বাংলাদেশে প্রথমবারের মত ৬টি নির্বাচনী আসনে সম্পূর্ণভাবে ইভিএমে (ইলেকট্রনিক ভোটিং মেশিন) ভোট গ্রহণ করা হয়।
• এর পূর্বে ১৯৭৩, ১৯৭৯, ১৯৮৬, ১৯৮৮, ১৯৯১, ১৯৯৬ (১৫ ফেব্রুয়ারী), ১৯৯৬ (১২ জুন), ২০০১, ২০০৮ এবং ২০১৪ সালে বাংলাদেশে জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়।
**Ans : B.**

৫. 'কমলা রকেট' চলচ্চিত্র কার গল্প অবলম্বনে নির্মিত?
A. হুমায়ুন আহমেদ B. মোস্তফা কামাল
C. আনিসুল হক D. শাহাদুজ্জামান

ব্যাখ্যা: • 'কমলা রকেট' ২০১৮ সালে মুক্তি প্রাপ্ত একটি বাংলাদেশী নাটকীয় চলচ্চিত্র।
• কথাসাহিত্যিক শাহাদুজ্জামানের 'মৌলিক' ও 'সাইপ্রাস' নামক দুটি গল্প অবলম্বনে এটি নির্মিত হয়।
• এটি ১৬ জুন ২০১৮ সালে মুক্তি পায়।
• চলচ্চিত্রটির চিত্রনাট্য লিখেছেন শাহাদুজ্জামান ও নূর ইমরান মিঠু।
• চলচ্চিত্রটি পরিচালনা করেন নূর ইমরান মিঠু ও প্রযোজনা করে ইমপ্রেস টেলিফিল্ম লিমিটেড।
• চলচ্চিত্রটি জাফনা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে "শ্রেষ্ঠ অভিষিক্ত পরিচালকের" পুরস্কার লাভ করে। এছাড়া চলচ্চিত্রটি 'গোয়া আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব', '১৬তম চেন্নাই আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব' ও ১৭তম তৃতীয় চোখ এশীয় চলচ্চিত্র উৎসবে প্রদর্শিত হয়। ২০১৯ সালে চলচ্চিত্রটি প্যারিসে অনুষ্ঠিত ৬ষ্ঠ এশীয় চলচ্চিত্র উৎসবে "জুরি পুরস্কার" লাভ করে।
**Ans : D.**

৬. "Impossible is a word to be found in a fool's dictionary" – এ উক্তিটি কার?
A. Aristotle B. Napoleon
C. Subash Chandra Bose D. A. P. J. Abdul Kalam

ব্যাখ্যা: • "Impossible is a word to be found in a fool's dictionary" - এটি ফরাসি বীর নেপোলিয়ন বোনাপার্ট এর বিখ্যাত একটি উক্তি।
• তিনি ১৫ আগস্ট ১৭৬৯ সালে ফ্রান্সে জন্মগ্রহণ করেন।
• তিনি ছিলেন ছিলেন ফরাসি বিপ্লবের সময়কার একজন জেনারেল।
• ১৮০৪ থেকে ১৮১৫ পর্যন্ত বিভিন্ন মেয়াদে তিনি ফ্রান্স এবং ইতালির সম্রাট ছিলেন।
• এছাড়া তিনি সুইস কনফেডারেশনের মধ্যস্থাকারী এবং কনফেডারেশন অফ রাইনের রক্ষকও ছিলেন।
• তাঁর নেতৃত্বে ফরাসি সেনাবাহিনী এক দশকের বেশি সময় ধরে সকল ইউরোপীয় শক্তির সাথে যুদ্ধে অবতীর্ণ হয় এবং তিনি ইউরোপের অধিকাংশ অঞ্চল তাঁর আয়ত্তে নিয়ে আসেন।
• ১৮২১ সালের ৫ ই মে তিনি মৃত্যুবরণ করেন।
**Ans : B.**

৭. আসাদ গেট কোন স্মৃতি রক্ষার্থে নির্মিত?
A. ৬৬'র ছয়-দফা B. ৫২'র ভাষা আন্দোলন
C. ৬৯'র গণঅভ্যুত্থান D. ৬২'র শিক্ষা আন্দোলন

ব্যাখ্যা: • আসাদ গেট বাংলাদেশের রাজধানী ঢাকা শহরের লালমাটিয়ায় অবস্থিত একটি তোরন। এই তোরনের নাম অণুযায়ী ঐ জায়গার নাম আসাদগেট হয়ে গিয়েছে।
• এর পূর্ব নাম আইয়ুব গেট।
• ১৯৬৯ সালের ১১ দফা দাবী আদায়ের গণ আন্দোলনে পুলিশের গুলিতে নিহত হন ছাত্রনেতা আমানুল্লাহ আসাদুজ্জামান।
**Ans : C.**

৮. বাংলাদেশের উত্তরে ভারতের কোন কোন রাজ্য অবস্থিত?
A. পশ্চিমবঙ্গ, আসাম ও মেঘালয় B. আসাম ও মেঘালয়
C. আসাম, ত্রিপুরা ও মেঘালয় D. ত্রিপুরা ও মিজোরাম

ব্যাখ্যা: • বাংলাদেশের পশ্চিমে ভারতের পশ্চিমবঙ্গ; উত্তরে পশ্চিমবঙ্গ, আসাম ও মেঘালয়; পূর্বে আসাম, ত্রিপুরা, মিজোরাম ও মায়ানমারের চিন ও রাখাইন রাজ্য এবং দক্ষিণে বঙ্গোপসাগর অবস্থিত।
• ভারত-বাংলাদেশের সীমারেখার মোট দৈর্ঘ্য- ৩৭১৫ (৪১৫৬) কিলোমিটার।
• বাংলাদেশে-মিয়ানমার সীমান্ত দৈর্ঘ্য- ১৮০ কিলোমিটার।
• বঙ্গোপসাগরের সীমারেখার দৈর্ঘ্য- ৭১৬ কিলোমিটার।
• কক্সবাজার ও বান্দরবান জেলার সাথে ভারতের সীমান্ত সংযোগ নেই।
• মিয়ানমারের সাথে বাংলাদেশের সীমান্ত সংযুক্ত জেলা ৩টি। সেগুলো হলো- কক্সবাজার, বান্দরবান ও রাঙ্গামাটি।
**Ans : A.**

৯. বিশ্বের কততম দেশ হিসাবে বাংলাদেশ মহাকাশে স্যাটেলাইট পাঠিয়েছে?
A. ৫১ তম B. ৫৭ তম C. ৫৩ তম D. ৪১ তম

ব্যাখ্যা: • বাংলাদেশ বিশ্বের ৫৭তম দেশ হিসেবে মহাকাশে স্যাটেলাইট উৎক্ষেপণ করে।
• এটি ১১ মে ২০১৮ যুক্তরাষ্ট্রের ফ্লোরিডার কেনেডি স্পেস সেন্টার থেকে উৎক্ষেপণ করা হয়।
• এটি মহাকাশযান নির্মাণকারী সংস্থা স্পেসেক্স এর ফ্যাল্কন ৯ রকেটের মাধ্যমে উৎক্ষেপণ করা হয়।
• ২০১৪ সালের ডিসেম্বর মাসে রাশিয়ার সংস্থা ইন্টারস্পুটনিকের কাছ থেকে অরবিটাল স্লট অনুমোদন দেওয়া হয়। এর অর্থমূল্য ২১৮ কোটি ৯৬ লাখ টাকা।
• শুরুতে এর বাজেট ধরা হয় ২৯৬৭.৯৫ কোটি টাকা। শেষ পর্যন্ত অবশ্য ২৭৬৫ কোটি টাকায় এ পুরো প্রকল্প বাস্তবায়ন সম্ভব হল। এর মধ্যে ১৩১৫ কোটি টাকা দিয়েছে বাংলাদেশ সরকার আর বাকিটা বিদেশি অর্থায়ন।
• এই প্রকল্পটি ডাক ও টেলিযোগাযোগ বিভাগের অধীন বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন কর্তৃক বাস্তবায়িত হয়।
**Ans : B.**

১০. SDGs – এর পূর্ণরূপ কি?
A. Social Development Goals
B. Sustainable Development Groups
C. Sustainable Development Goals
D. Scientific Development Goals

ব্যাখ্যা: • Sustainable Development Goals (SDG) হলো ভবিষ্যত আন্তর্জাতিক উন্নয়ন সংক্রান্ত একগুচ্ছ ল্যমাত্রা।
• জাতিসংঘ লক্ষ্যগুলো প্রণয়ন করেছে এবং "টেকসই উন্নয়নের জন্য বৈশ্বিক লক্ষ্যমাত্রা" হিসেবে ল্যগুলোকে প্রচার করেছে।
• এতে মোট ১৭টি লক্ষ্যমাত্রা ও ১৬৯টি সুনির্দিষ্ট লক্ষ্য অন্তর্ভুক্ত রয়েছে।
• SDG-এর মেয়াদ ২০১৬ থেকে ২০৩০ সাল।
• কিছু উল্লেখযোগ্য লক্ষ্যমাত্রা হল - দারিদ্র্য বিমোচন, ক্ষুধা মুক্তি, সু স্বাস্থ্য, মানসম্মত শিক্ষা, লিঙ্গ সমতা, সুপেয় পানি ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থা, বৈষম্য হ্রাস, শান্তি ও ন্যায়বিচার প্রভৃতি।
**Ans : C.**

১১. জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি) অনুমোদিত দেশের ইতিহাসে সবচেয়ে উচ্চাকাঙ্ক্ষী ও দীর্ঘমেয়াদি 'বাংলাদেশ বদ্বীপ মহাপরিকল্পনা' কত বছরের জন্য প্রণয়ন করা হয়েছে?
A. ১০০ বছর B. ৫০ বছর
C. ২০ বছর D. ৭০ বছর

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

ব্যাখ্যা: • জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি) প্রণীত দেশের ইতিহাসের সবচেয়ে উচ্চাকাঙ্ক্ষী ও দীর্ঘমেয়াদী পরিকল্পনা 'বাংলাদেশ বদ্বীপ মহাপরিকল্পনা'।
• গত ৪ সেপ্টেম্বর ২০১৮ তারিখে এটি অনুমোদন দেয়া হয়।
• এটি খাত ভিত্তিক বিভিন্ন স্বল্প ও মধ্যমেয়াদী পরিকল্পনার ব্যর্থতা থেকে বেরিয়ে আসার নতুন প্রয়াস।
• পানিসম্পদ, ভূমি, কৃষি, জনস্বাস্থ্য, পরিবেশ, পানি ও খাদ্য নিরাপত্তা, অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং ভূ-প্রতিবেশ খাতকে গুরুত্ব দিয়ে ১০০ বছরের লমাত্রার এ উন্নয়ন পরিকল্পনা গৃহীত হয়েছে।
• এখানে নদী ব্যবস্থাপনা, জলাবদ্ধতা দূরীকরণ এবং ভূমি উদ্ধার এই তিন বিষয় বিশেষ গুরুত্ব পেয়েছে।
**Ans : A.**

**১২. ইউএনডিপি মানবসম্পদ সূচকে বর্তমানে বাংলাদেশের অবস্থান–**
A. ১৩০ তম B. ১৩১ তম C. ১৩৪ তম D. ১৩৬ তম

ব্যাখ্যা: • মানব উন্নয়ন সূচক (Human Development Index) বিশ্বের সকল দেশসমূহের জীবন ধারণের মান, শিক্ষা, নিরক্ষরতা প্রভৃতির একটি তুলনামূলক সূচক।
• এখানে বিভিন্ন ধরণের পরিসংখ্যান ব্যবহার করে "মানব উন্নয়নের" মাপকাঠিতে সংশ্লিষ্ট দেশগুলোকে ক্রমানুসারে সাজানো হয়।
• মুলত মানব সম্পদের সঠিক ব্যবহার ও বিকাশের পাশাপাশি স্বাস্থ্য ও শিখাতে সরকারের বিনিয়োগের উপর ভিত্তি করে এই সূচকে বিভিন্ন দেশের অবস্থান নির্ণয় করা হয়ে থাকে।
• এ সূচকে বর্তমানে বাংলাদেশের অবস্থান ১৩৬তম।
**Ans : D.**

**১৩. জাতিসংঘের সাধারণ পরিষদের নিয়মিত অধিবেশন বছরের কোন মাসে অনুষ্ঠিত হয়?**
A. আগস্ট B. সেপ্টেম্বর
C. অক্টোবর D. নভেম্বর

ব্যাখ্যা: • জাতিসংঘ সাধারণ পরিষদ (United Nations General Assembly) জাতিসংঘের প্রধান ৬টি শাখার মধ্যে অন্যতম।
• বৈশ্বিকভাবে এটি সাধারণ পরিষদ নামে পরিচিত।
• এটিই একমাত্র পরিষদ যেখান জাতিসংঘের সদস্যভূক্ত সকল রাষ্ট্র সমমর্যাদা ও প্রতিনিধিত্বের অধিকারী হিসেবে অবস্থান করে।
• সাধারণ পরিষদ নিউইয়র্কে জাতিসংঘের সদর দফতরে অবস্থিত।
• প্রতি বৎসর সেপ্টেম্বর মাসের ৩য় মঙ্গলবার সাধারণ পরিষদের অধিবেশন বসে। সাধারণতঃ ডিসেম্বর মাসের ১ম সপ্তাহ পর্যন্ত এ অধিবেশন স্থায়ী হয়।
**Ans : B.**

**১৪. সেপ্টেম্বর ২০১৮ তে প্রকাশিত ফিফা র‍্যাঙ্কিংয়ে সবার ওপরে অবস্থান কোন দেশের?**
A. ফ্রান্স B. বেলজিয়াম
C. ফ্রান্স ও বেলজিয়াম যৌথভাবে D. ফ্রান্স ও ক্রোয়েশিয়া যৌথভাবে

ব্যাখ্যা: • ফিফা বিশ্ব রাঙ্কিং হচ্ছে এমন একটি পদ্ধতি যেখানে পুরুষদের জাতীয় ফুটবল দলগুলোকে একত্রিত করে মূল্যায়ণের মাধ্যমে বৈশ্বিক অবস্থান নির্ধারণ করা হয়।
• এ রাঙ্কিং পদ্ধতিটি ডিসেম্বর, ১৯৯২ সালে ফিফা কর্তৃক প্রবর্তন করা হয়।
• ফিফা রাঙ্কিং ২০১৮ (সেপ্টেম্বর) এর শীর্ষে অবস্থান করছে বেলজিয়াম।
**Ans : B.**

**১৫. 'মাশরাফি' নামক বইটির লেখক কে?**
A. দেবব্রত মুখোপাধ্যায় B. দেবদুলাল মুখোপাধ্যায়
C. চিররঞ্জন মুখোপাধ্যায় D. আমিনুল ইসলাম বুলবুল

ব্যাখ্যা: • 'মাশরাফি' বইটির লেখক দেবব্রত মুখোপাধ্যায়।
• বাংলাদেশ ওয়ানডে ও টি-টোয়েন্টি ক্রিকেট দলের অধিনায়ক এবং দেশের ইতিহাসের সেরা পেসার মাশরাফি বিন মুর্তজার জীবনীগ্রন্থ' 'মাশরাফি'।
• লেখক পেশায় একজন ক্রীড়া সাংবাদিক।
• তাঁর অন্যান্য উল্লেখযোগ্য বই - 'সাকিব আল হাসানঃ আপন চোখে, ভিন্ন চোখে', 'হরিপদ টিম' ইত্যাদি।
**Ans : A.**

**১৬. বাংলাদেশে বসবাস নেই কোন নৃ-গোষ্ঠির?**
A. খিয়াং B. ম্রো C. চাক D. মুর

ব্যাখ্যা: • বাংলাদেশ একটি ক্ষুদ্র রাষ্ট্র হলেও এখানে বেশ কয়েকটি ক্ষুদ্র নৃ গোষ্ঠীর বসবাস রয়েছে।
• বাংলাদেশের উপজাতিগুলো হলো সাঁওতাল , ওঁরাও , পাহাড়িয়া , মুন্ডা, রাজবংশী, কোঁচ, খাসিয়া, মনিপুরী, টিপরা, প্যাংখো, গারো, হাজং, মার্মা, চাকমা, তংচঙ্গা, চাক, সেন্দুজ, ম্রো, খেয়াং, বোম (বনজোগী), খামি, লুসাই (খুমি)।
• উল্লেখ্য মুর উপজাতি হল উত্তর আফ্রিকায় বসবাসরত মুসলমান জাতি। বাংলাদেশে এদের কোন বসতি নেই।
**Ans : D.**

**১৭. বাংলাদেশ সেনাবাহিনীর প্রথম নারী মেজর জেনারেল হলেন–**
A. গীতি আরা B. সুসানে গীতি
C. গীতি আরা সুসানে D. গীতি সুসানে

ব্যাখ্যা: • বাংলাদেশ সেনাবাহিনীর প্রথম নারী মেজর জেনারেল - সুসানে গীতি।
• গত ৩০ সেপ্টেম্বর ২০১৮ তে তিনি এ পদোন্নতি লাভ করেন।
•উল্লেখ্য তিনি ১৯৮৬ সালে বাংলাদেশ সেনাবাহিনীতে নারী ডাক্তার হিসেবে ক্যাপ্টেন পদবিতে যোগদান করেন।
**Ans : B.**

**১৮. 'হাসিনা-অ্যা ডটারস্ টেল' হলো–**
A. আত্মজীবনী B. ডকু-ড্রামা
C. চিত্রকর্ম D. উপন্যাস

ব্যাখ্যা: • 'হাসিনা - অ্যা ডটারস টেল (Hasina - A Daughter's Tale)' একটি ঐতিহাসিক ডকু-ড্রামা।
• মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার জীবনী নিভর এ ডকু-ড্রামা পিপলু খান এর পরিচালনায় ২০১৮ সালে মুক্তি পায়।
• এটি যৌথভাবে প্রযোজনা করেছে সেন্টার ফর রিসার্চ অ্যান্ড ইনফরমেশন এবং অ্যাপলবক্স ফিল্মস।
• এতে শেখ হাসিনাকে স্বভূমিকায় নামচরিত্রে এবং তার বোন শেখ রেহানাকে তার স্বভূমিকায় দেখা যায়।
• এ ডকু-ড্রামায় ১৯৭৫ সালে হাসিনার পিতা শেখ মুজিবুর রহমান এবং তার পরিবারের বেশিরভাগ সদস্যের হত্যাকান্ডের সঙ্গে জড়িত বিষয়ের উল্লেখ রয়েছে।
**Ans : B.**

**১৯. এ বছরে যৌথভাবে শান্তিতে নোবেল জয়ী ডা. ডেনিস মুকওয়ে কোন দেশের নাগরিক?**
A. উগান্ডা B. কঙ্গো
C. নাইজেরিয়া D. ডেনমার্ক

ব্যাখ্যা: • ৫ অক্টোবর ২০১৮ তারিখে শান্তিতে যৌন সহিংসতা, যুদ্ধ এবং সশস্ত্র সংঘাত বন্ধের প্রচেষ্টা করার জন্য দুইজনকে নোবেল দেওয়া হয়।
• তাঁদের একজন ডেনিস মুকওয়েগে। তিনি গণতান্ত্রিক কঙ্গো প্রজাতন্ত্রের নাগরিক।
• অন্যজন হলেন নাদিয়া মুরাদ বাসে তাহা । তিনি ইরাকের নাগরিক।
• মুলত যুদ্ধকালে ও সশস্ত্র সংগ্রামের সময় যৌন সহিংসতা প্রতিরোধে অবদান রাখায় নাদিয়া মুরাদ ও ডেনিস মুকওয়েগে কে এই পুরস্কার দেওয়া হয়েছে।
**Ans : B.**

**২০. সংবিধানের কোন সংশোধনীর মাধ্যমে তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বাতিল করা হয়?**
A. ষোড়শ B. ত্রয়োদশ C. পঞ্চদশ D. চতুর্দশ

ব্যাখ্যা: • বাংলাদেশ সংবিধানের পঞ্চদশ সংশোধনীর মাধ্যমে তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বাতিল করা হয়েছে।
• উল্লেখ্য কোন প্রকার সাংবিধানিক সংশোধনী ছাড়াই ১৯৯০ সালে বাংলাদেশে সর্বপ্রথম তত্ত্বাবধায়ক সরকার গঠিত হয়েছিল।
• পরে ১৯৯৬ সালে ত্রয়োদশ সংশোধনীর মাধ্যমে তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থাকে সংবিধানের অন্তর্ভুক্ত করা হয়।
• সর্বমোট চার মেয়াদে এ ব্যবস্থা চালু ছিল।
**Ans : C.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

## গণিত (ঐচ্ছিক)

১. $2x^2 - 5x + 20 = 0$ সমীকরণের মূলদ্বয় $\frac{1}{\alpha}$ এবং $\frac{1}{\beta}$ হলে $(\alpha+\beta)$ এর মান কত?

A. 1/4 B. –9/2 C. 5 D. –2

ব্যাখ্যা : $2x2 - 5x + 20 = 0$

মূলদ্বয় $\frac{1}{\alpha}, \frac{1}{\beta}$ হলে, মূলদ্বয়ের যোগফল, $\frac{1}{\alpha}+\frac{1}{\beta}=\frac{5}{2}$

এবং মূলদ্বয়ের গুণফল, $\frac{1}{\alpha}\cdot\frac{1}{\beta}=\frac{20}{2}=10$

$$\therefore \alpha+\beta = \frac{\left(\frac{\alpha+\beta}{\alpha\beta}\right)}{\left(\frac{1}{\alpha\beta}\right)} = \left(\frac{\frac{1}{\alpha}+\frac{1}{\beta}}{\frac{1}{\alpha\beta}}\right) = \frac{5/2}{10} = \frac{1}{4}$$

Ans : A.

২. 10 জন ভদ্রলোক এবং 7 জন ভদ্রমহিলা দ্বারা পরিচালিত একটি প্রতিষ্ঠানের 7 জন ভদ্রলোক এবং 5 জন ভদ্রমহিলা দ্বারা একটি কমিটি কত প্রকারে গঠন করা যেতে পারে?

A. 5! × 2! B. 70
C. 35 D. 2520

ব্যাখ্যা :

কমিটি গঠনের উপায় $= {}^{10}C_7 \times {}^7C_5 = \frac{10!}{7!3!}\times\frac{7!}{5!2!} = 2520$

Ans : D.

৩. দশমিক সংখ্যা 9 এর দ্বিমিক আকার কোনটি?

A. 1100 B. 1011 C. 1101 D. 1001

ব্যাখ্যা : $(9)_{10} = 2^3 + 2^0$

$\therefore (9)_{10} = (1001)_2$

Ans : D.

৪. $\int \frac{dx}{\sqrt{16-9x^2}} = ?$

A. $\text{Sin}^{-1}\frac{3x}{4}+k$ B. $\text{Cos}^{-1}\frac{3x}{4}+k$

C. $\frac{1}{3}\text{Sin}^{-1}\frac{3x}{4}+k$ D. $\frac{3}{4}\text{Sin}^{-1}\frac{3x}{4}+k$

ব্যাখ্যা : $\int\frac{dx}{\sqrt{16-9x^2}} = \int\frac{dx}{\sqrt{9\left(\frac{10}{9}-x^2\right)}}$

$$= \frac{1}{3}\int\frac{dx}{\sqrt{\left(\frac{4}{3}\right)^2 - x^2}} = \frac{1}{3}\sin^{-1}\left(\frac{x}{4/3}\right)+k$$

$$= \frac{1}{3}\sin^{-1}\left(\frac{3x}{4}\right)+k$$

Ans : C.

৫. $f: R \to R$ অপেক্ষকটি

$$f(x) = \begin{cases} 2x^2 - 3x, \text{when } x > 3 \\ 2x + 7, \text{when } x \le 3 \end{cases}$$

দ্বারা সংজ্ঞায়িত হলে f(2) এর মান কত?

A. 2 B. 9
C. 11 D. 13

ব্যাখ্যা : $f(2) = (2x+7)_{x=2} = 4 + 7 = 11$

Ans : C.

৬. $a(x^2 + y^2) - 4x - 6y = 0$ বৃত্তটির কেন্দ্রের স্থানাংক (2, 3) হলে 'a' এর মান কত?

A. 1 B. 3
C. 4 D. 2

ব্যাখ্যা : $a(x^2 + y^2) - 4x - 6y = 0$

$\Rightarrow x^2 + y^2 + 2.\left(-\frac{2}{a}\right).x + 2.\left(\frac{-3}{a}\right)y = 0$

$\therefore$ কেন্দ্র, $(-f, -g) = \left(\frac{2}{a}, \frac{3}{a}\right) = (2,3)$

$\therefore a = 1$

Ans : A.

৭. $f(x) = e^{3x}$ হলে $f'''(0)$ এর মান কত?

A. 0 B. 1
C. 27 D. 9

ব্যাখ্যা : $f(x) = e^{3x}$, $f'(x) = 3e^{3x}$

$f''(x) = 9e^{3x}$

$f'''(x) = 27e^{3x}$

$\therefore f'''(0) = 27$

Ans : C.

৮. $\vec{OA} = 5\hat{i} - 2\hat{j} + 6\hat{k}$ এবং $\vec{OB} = 7\hat{i} - 5\hat{j} + 8\hat{k}$ হলে $\vec{AB} = ?$

A. $12\hat{i} - 7\hat{j} + 6\hat{k}$ B. $-2\hat{i} + 3\hat{j} - 2\hat{k}$

C. $2\hat{i} - 3\hat{j} + 2\hat{k}$ D. $12\hat{i} + 7\hat{j} + 14\hat{k}$

ব্যাখ্যা : $\vec{AB} = \vec{OB} - \vec{OA}$

$= (7\hat{i} - 5\hat{j} + 8\hat{k}) - (5\hat{i} - 2\hat{j} + 6\hat{k}) = 2\hat{i} - 3\hat{j} + 2\hat{k}$

Ans : C.

৯. $D = \begin{bmatrix} 2 & 5 & 8 \\ 3 & 6 & 9 \\ 4 & 7 & 10 \end{bmatrix}$ নির্ণায়কের মান কত?

A. 0 B. –6
C. 30 D. –24

ব্যাখ্যা : $D = \begin{bmatrix} 2 & 5 & 8 \\ 3 & 6 & 9 \\ 4 & 7 & 10 \end{bmatrix}$

যেহেতু নির্ণায়কের পদগুলি সমান্তর ধারায় গঠিত, তাই এক্ষেত্রে নির্ণায়ক শূন্য।

$D = 2\begin{vmatrix} 6 & 9 \\ 7 & 10 \end{vmatrix} - 5\begin{vmatrix} 3 & 9 \\ 4 & 10 \end{vmatrix} + 8\begin{vmatrix} 3 & 6 \\ 4 & 7 \end{vmatrix} = -6 + 30 - 24 = 0$

Ans : A.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

১০. $\int_0^{\pi/2} \text{Cos}^3 x \text{Sin} x dx = ?$

A. 1/4 B. –1/4 C. 1/3 D. –1/3

ব্যাখ্যা : $\int_0^{\frac{\pi}{2}} \cos^3 x \sin x dx$

ধরি, $\cos x = z$

$\therefore -\sin x dx = dz$

যখন $x = 0$, তখন $z = \cos 0 = 1$

যখন $x = \frac{\pi}{2}$ তখন $z = \cos\frac{\pi}{2} = 0$

$\therefore \int_0^{\frac{\pi}{2}} \cos^3 x \sin x dx = -\int_1^0 z^3 dz = -\left[\frac{z^4}{4}\right]_1^0 = -\left(-\frac{1}{4}\right) = \frac{1}{4}$

**Ans : A.**

১১. **78.4 মিটার উঁচু দালানের ছাদ থেকে একটি পাথর ছেড়ে দিলে ভূমিতে পড়তে কত সময় লাগবে?**

A. 16 সেকেন্ড B. 8 সেকেন্ড
C. 4 সেকেন্ড D. –8 সেকেন্ড

ব্যাখ্যা : $S = \frac{1}{2}gt^2$

$\therefore t = \sqrt{\frac{2s}{g}} = \sqrt{\frac{2 \times 78.4}{9.8}} = 4\text{sec}$

**Ans : C.**

১২. **4x + 3y = 15 এবং 4x + 3y – 25 = 0 রেখাদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব কত?**

A. –10 B. –40
C. 2 D. –2

ব্যাখ্যা : সমান্তরাল রেখাদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব $= \frac{|C_1 - C_2|}{\sqrt{a^2 + b^2}}$

$= \frac{|-15-(-25)|}{\sqrt{4^2+3^2}} = \frac{10}{5} = 2$

**Ans : C.**

১৩. **সমতলের একটি বিন্দুর স্থানাংক $(5\sqrt{2}, -45°)$ হলে বিন্দুটির কার্তেসীয় স্থানাংক কত?**

A. (5, 5) B. (5, –5)
C. (–5, 5) D. (–5, –5)

ব্যাখ্যা : $x = r\cos\theta = 5\sqrt{2}\cos(-45) = 5$

$y = r\sin\theta = 5\sqrt{2}\sin(-45) = -5$

**Ans : B.**

১৪. $\int \frac{2xdx}{1+x^2}$ **এর মান কত?**

A. $\tan^{-1} x + c$ B. $\ln(1 + x^2) + c$
C. $\ln(1 + x) + c$ D. $\text{Sec}^{-1} x + c$

ব্যাখ্যা : $\int \frac{2x}{1+x^2}dx = \int \frac{d(1+x^2)}{1+x^2} = \ln(1+x^2) + c$

**Ans : B.**

১৫. **(4, –8) এবং (–5, 10) বিন্দু দিয়ে অতিক্রমকারী রেখার ঢাল কত?**

A. –2 B. +2 C. 1/2 D. –1/2

ব্যাখ্যা : ঢাল, $m = \frac{y_2 - y_1}{x_2 - x_1} = \frac{10-(-8)}{-5-4} = -2$

**Ans : A.**

১৬. $(\sqrt{i} + \sqrt{-i})^2$ **এর মান কত?**

A. 2 B. 1 + i
C. $\sqrt{i} - \sqrt{-i}$ D. 2i

ব্যাখ্যা : $(\sqrt{i} + \sqrt{-i})^2 = (\sqrt{i})^2 + 2.\sqrt{i}\sqrt{-i} + (\sqrt{-i})^2$

$= i + 2 - i = 2$

**Ans : A.**

১৭. **x এর মান কত হলে,** $\begin{bmatrix} 2 & 5 \\ 4 & 3 \end{bmatrix} \times \begin{bmatrix} 1 & 3 \\ 2 & x \end{bmatrix} = \begin{bmatrix} 12 & -14 \\ 10 & 0 \end{bmatrix}$ **হয়?**

A. 0 B. 4
C. –4 D. 3

ব্যাখ্যা : $\begin{bmatrix} 2 & 5 \\ 4 & 3 \end{bmatrix} \times \begin{bmatrix} 1 & 3 \\ 2 & x \end{bmatrix} = \begin{bmatrix} 12 & -14 \\ 10 & 0 \end{bmatrix}$

প্রথম ম্যাট্রিক্সের ২য় সারি ও ২য় ম্যাট্রিক্সের প্রথম কলাম ব্যবহার করে

$|2| 3x - = 0 \Rightarrow x = -4$

**Ans : C.**

১৮. **$16x^2 - 9y^2 = 144$ অধিবৃত্তের অনুবন্ধী (conjugate) অক্ষের দৈর্ঘ্য কত?**

A. 4 B. 6 C. 16 D. 8

ব্যাখ্যা : $16x^2 - 9y^2 = 144 \Rightarrow \frac{x^2}{9} - \frac{y^2}{16} = 1$

$\therefore$ অনুবন্ধী অক্ষের দৈর্ঘ্য $= 2b = 2 \times 4 = 8$

**Ans : D.**

১৯. **$y = \ln(\cos x)$ হলে** $\frac{dy}{dx} = ?$

A. tanx B. –tan x
C. cot x D. –cot x

ব্যাখ্যা : $y = \ln(\cos x)$

$\therefore \frac{dy}{dx} = \frac{1}{\cos x}(-\sin x) = -\tan x$

**Ans : B.**

২০. **x এর মান কত হলে $y = 2x^3 - 12x + 10$ বক্ররেখার ঢাল শূন্য হবে?**

A. 2 B. –2
C. $\pm\sqrt{2}$ D. 6

ব্যাখ্যা : $y = 2x^3 - 12x + 10$

$\therefore \frac{dy}{dx} = 6x^2 - 12 = 0 \Rightarrow x^2 = 2$

$\therefore x = \pm\sqrt{2}$

**Ans : C.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট)
শিক্ষাবর্ষ ২০১৮-২০১৯ [বিকাল]

### বাংলা

**১. পাকিস্তানি হানাদার বাহিনীর বর্বর নিপীড়ন ও হত্যাযজ্ঞের মধ্যে আতঙ্কগ্রস্ত ঢাকা শহরের চিত্র ফুটে উঠেছে কোন রচনায়?**

A. রেইন্‌কোট B. আমি কিংবদন্তির কথা বলছি
C. সেই অস্ত্র D. রক্তে আমার অনাদি অস্থি

ব্যাখ্যা: **'রেইনকোট'** গল্পের গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- প্রকাশকাল - ১৯৯৫ এবং 'জাল স্বপ্ন স্বপ্নের জাল' গ্রন্থে সংকলিত হয় - ১৯৯৭ সালে।
- গল্পটির প্রেক্ষাপট - মুক্তিযুদ্ধের শেষ পর্যায়ে ঢাকার পরিস্থিতি।
- ঢাকায় গেরিলাবাহিনী - বৈদ্যুতিক ট্রান্সফর্মার ধ্বংস করে দেয়।
- গল্পে বিবৃত হয়েছে - হানাদার বাহিনীর বর্বর নিপীড়ন ও হত্যাযজ্ঞের মধ্যে ঢাকা শহরের আতঙ্কগ্রস্ত জীবনের চিত্র।
- গেরিলা আক্রমণের পরের দিন সকালে - প্রচন্ড বৃষ্টি হয় তাই নুরুল হুদাকে তার শ্যালকের রেইনকোট পরতে হয়।

**Ans : A.**

**২. সুকান্ত ভট্টাচার্য কত বছর বয়সে মৃত্যুবরণ করেন?**

A. ১৯ B. ২১ C. ২৩ D. ২৫

ব্যাখ্যা: কবি **'সুকান্ত ভট্টাচার্য'** সম্বন্ধে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- **জন্ম :** ১৯২৬ এর ১৫ই আগস্ট
- **মৃত্যু :** ১৯৪৭ এর ১৩ই মে (২১ বছর বয়সে)।
- **পিতা :** নিবারণচন্দ্র ; পিত্রালয় : কোটালিপাড়া।
- **মাতা :** সুনীতি দেবী।
- ছোটবেলা থেকেই তিনি ছিলেন - রাজনীতি সচেতন এবং 'দৈনিক স্বাধীনতার' কিশোরসভা অংশের প্রতিষ্ঠাতা।
- **তাঁর রচনার সুর** - অন্যায়ের বিরুদ্ধে বিদ্রোহ, বিপ্লব ও মুক্তির আহ্বান।
- **বিখ্যাত কাব্যগ্রন্থ :** ছাড়পত্র; ঘুম নেই, পূর্বাভাস, মিঠেকরা, অভিযান, হরতাল এবং আকাল।

**Ans : B.**

**৩. কোনটি বেগম রোকেয়া সাখাওয়াত হোসেনের রচনা নয়?**

A. মতিচূর B. কেয়ার কাঁটা C. সুলতানার স্বপ্ন D. পদ্মরাগ

ব্যাখ্যা: **'বেগম রোকেয়া'** সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- **জন্ম :** ১৮৮০ (৯ই ডিসেম্বর)
- **মৃত্যু :** ১৯৩২ (৯ই ডিসেম্বর)
- **প্রকৃত নাম :** রোকেয়া খাতুন - বৈবাহিকসূত্রে নাম : রোকেয়া সাখাওয়াত হোসেন।
- তিনি সমাজের কুসংস্কার ও জড়তা দূর করার জন্য - অসাধারণ পাণ্ডিত্যপূর্ণ এবং হৃদয়গ্রাহী গদ্য রচনা করেন।
- **তাঁর সব রচনা** - সমাজ জীবনের গভীর উপলব্ধি থেকে উৎসারিত।
- **গদ্যগ্রন্থ :** মতিচূর, অবরোধবাসিনী।
- **উপন্যাস :** সুলতানার স্বপ্ন, পদ্মরাগ।
- **অনুবাদ :** ডেলিসিয়া হত্যা।
- **কেয়ার কাঁটা** - সুফিয়া কামালের কাব্যগ্রন্থ।

**Ans : B.**

**৪. নারান সিং-এর পরিচয় কী?**

A. সিরাজউদ্দৌলার মন্ত্রী B. সিরাজউদ্দৌলার সেনাপতি
C. সিরাজউদ্দৌলার গুপ্তচর D. নবাবের দেহরক্ষী

ব্যাখ্যা: **'নারান সিং'** সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- নারান সিং (রাইসুল জুহালা) ছিলেন - নবাবের প্রধান গুপ্তচর।
- তিনি ইংরেজদের শক্তি পর্যবেক্ষণ করেন এবং ধরা পড়লে তাদের হাতে খুন হন।
- তার প্রথম আবির্ভাব ঘটে - নৃত্যশীল্পি হিসেবে ঘসেটি বেগমের বাড়িতে।
- তিনি হরকরার বেশে কলকাতায় গিয়ে - উমিচাঁদকে নবাবের চিঠি দেন।
- তার চরিত্রে একাধারে ফুটে উঠেছে - দেশপ্রেম, বুদ্ধিদীপ্ততা ও কৌশলদীপ্ততা।

**Ans : C.**

**৫. কোন কবিতায় ভাবের প্রবাহমানতা আছে কিন্তু চরণান্তের মিল নেই?**

A. ঐকতান B. সাম্যবাদী
C. এই পৃথিবীতে এক স্থান আছে D. বিভীষণের প্রতি মেঘনাদ

ব্যাখ্যা: মাইকেল মধুসূদন দত্তের **'বিভীষণের প্রতি মেঘনাদ'** কবিতার গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- কবিতাটি সংকলিত হয়েছে - 'মেঘনাদ-বধ কাব্যের' 'বধো' নামক ষষ্ঠ সর্গ থেকে।
- সর্বমোট নয়টি সর্গের মধ্যে ষষ্ঠ সর্গে - মেঘনাদের মৃত্যু ঘটে।
- রামচন্দ্র কর্তৃক দ্বীপরাজ্য স্বর্ণলঙ্কা আক্রান্ত হলে - রাজা রাবণ শত্রুর উপর্যুপরি দৈব শক্তির কাছে অসহায় হয়ে পড়েন।
- কবিতাটি ১৪ মাত্রার - অমিল প্রবহমান যতিস্বাধীন অক্ষরবৃত্ত ছন্দে রচিত।
- কবিতাটির বিশেষ লক্ষণ - ভাব প্রকাশের প্রবাহমানতা।

**Ans : D.**

**৬. জমির করাতি কোন গল্পের চরিত্র?**

A. মাসি-পিসি B. অপরিচিতা C. রেইনকোট D. আহ্বান

ব্যাখ্যা: **'আহ্বান'** গল্পের গুরুত্বপূর্ণ কিছু চরিত্র :
- গোপাল - গল্পকথক, লেখক ও গল্পের প্রধান চরিত্র। উদার, মানবিক ও কুসংস্কারমুক্ত ব্যক্তিত্ব।
- বুড়ি - গল্পের দ্বিতীয় প্রধান চরিত্র, বিধবা, অভাগী, উদার, মানবিক, স্নেহব্যঞ্জক, কুসংস্কারমুক্ত চরিত্র।
- চক্কোত্তী - গল্পকথকের বাবার বন্ধু এবং মহল্লাপ্রধান।
- হাজরা বেটার বউ - বুড়ির পাশের ঘরে থাকে, বিধবা এবং সে বুড়িকে মা বলে ডাকে।
- আবেদালি - লেখকের সহপাঠী।

**Ans : D.**

**৭. 'সেই অস্ত্র' কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে সংকলিত?**

A. রাত্রিশেষ B. ছায়া হরিণ
C. মেঘ বলে চৈত্রে যাব D. বিদীর্ণ দর্পনে মুখ

ব্যাখ্যা: কবি আহসান হাবীবের **'সেই অস্ত্র'** কবিতা সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- সংকলিত হয়েছে - 'বিদীর্ণ দর্পণে মুখ' কাব্যগ্রন্থ থেকে।
- কবির প্রত্যাশা - পুনরায় মানবসমাজে ভালোবাসাকে ফিরে পাওয়া।
- ভালোবাসা শুধু অনুভূতি নয় বরং এটি - সকল অমঙ্গল থেকে পরিত্রাণের পথ বাতলে দেয়।
- হিংসা ও স্বার্থপরতার করাল গ্রাসে - মানুষ মানবিকতাশূন্য হয়।
- কবিতাটির বিশেষত্ব - এর অনাড়ম্বর সহজ গতিময়তা।
- এটি অন্ত্যমিলহীন অক্ষরবৃত্ত ছন্দে রচিত কবিতা।

**Ans : D.**

**৮. 'নেকলেস' গল্পে উল্লিখিত 'স্যাটিন' কী?**

A. সুতি বস্ত্র B. মসলিন বস্ত্র
C. জর্জেট বস্ত্র D. মসৃন চকচকে রেশমি বস্ত্র

ব্যাখ্যা: **'নেকলেস'** গল্পের গুরুত্বপূর্ণ কিছু শব্দার্থ :
- কনভেন্ট - মিশনারিদের আবাস।
- ফ্রাঁ - ২০০২ সাল পর্যন্ত প্রচলিত ফরাসি মুদ্রা।
- বল নাচ - বিনোদনমূলক সামাজিক নৃত্যানুষ্ঠান।
- ক্রশ - খ্রিষ্টান ধর্মীয় প্রতীক।
- স্যাটিন - মসৃণ ও চকচকে রেশমি বস্ত্র।
- প্যালেস রয়েল - রাজকীয় প্রাসাদ।

**Ans : D.**

**৯. 'বালতি' শব্দটি কোন ভাষা থেকে আগত ঋণশব্দ?**

A. আরবি B. হিন্দি C. লাতিন D. পর্তুগিজ

ব্যাখ্যা: নিচে গুরুত্বপূর্ণ কিছু বিদেশি শব্দ :
- **আরবি** - ওজু, গোসল, তওবা, তসবি, হাদিস, আদালত, আলেম, ইনসান, উকিল, ওজর, এজলাস ইত্যাদি।
- **হিন্দি** - কাহিনি, ফালতু, পানি, টহল, ডেরা, ছিনতাই, কমলা, মিঠাই, তরকারি, বাচ্চা, ঠান্ডা, চানাচুর, বার্তা, পুরি ইত্যাদি।
- **পর্তুগিজ** - আনারস, আলপিন, আলমারি, গির্জা, গুদাম, চাবি, পাউরুটি, পাদ্রি, বালতি ইত্যাদি।

**Ans : D.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**১০. কোনটি শামসুর রাহমানের রচনা নয়?**
A. পৃথক পালঙ্ক B. রৌদ্র করোটিতে
C. বিধ্বস্ত নিলীমা D. নিজ বাসভূমে

**ব্যাখ্যা: 'শামসুর রাহমান' সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- **জন্ম :** ১৯২৯ এর ২৩ অক্টোবর।
- **মৃত্যু :** ২০০৬ এর ১৭ই আগস্ট।
- **তাঁর কবিতার বৈশিষ্ট্য** - নগর জীবনের যন্ত্রণা, একাকিত্ব, পারিবারিক ও সামাজিক বন্ধন ইত্যাদি।
- তিনি ছিলেন - গণতন্ত্রের পক্ষে, ন্যায়ের পক্ষে, সত্যও সুন্দরের পক্ষে।
- **তাঁর কাব্যগ্রন্থ** - প্রথম গান দ্বিতীয় মৃত্যুর আগে, রৌদ্র করোটিতে বিধ্বস্ত নীলিমা, নিরালোকে দিব্যরথ, নিজ বাসভূমে বন্দি শিবির থেকে, ফিরিয়ে নাও ঘাতক কাঁটা, উদ্ভট উটের পিঠে চলেছে স্বদেশ, বুক তাঁর বাংলাদেশের হৃদয়।
- **পৃথক পালঙ্ক** - কবি আবুল হাসানের কবিতা।

**Ans : A.**

**১১. "অন্তরে যাদের এত গোলামির ভাব, তারা বাইরের গোলামি থেকে রেহাই পাবে কী করে?" – কোন লেখকের রচনার অংশ এটি?**
A. কাজী নজরুল ইসলাম B. বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন
C. শেখ মুজিবুর রহমান D. আনিসুজ্জামান

**ব্যাখ্যা:** কাজী নজরুল ইসলামের **'আমার পথ'** প্রবন্ধের গুরুত্বপূর্ণ কিছু লাইন :
- অন্তরে যাদের এত গোলামির ভাব, তারা বাইরের গোলামি থেকে রেহাই পাবে কী করে?
- এই অভিশাপ-রথের সারথির স্পষ্ট কথা বলাটাকে কেউ যেন অহংকার বা স্পর্ধা বলে ভুল না করেন।
- স্পষ্ট কথা বলায় একটা অবিনয় নিশ্চয় থাকে; কিন্তু তাতে কষ্ট পাওয়াটা দুর্বলতা।
- একমাত্র মিথ্যার জলই এই শিখাকে নিভাতে পারবে। তাছাড়া কেউ নিভাতে পারবে না।
- কোন ভুল করছি বুঝতে পারলেই আমি প্রাণ খুলে তা স্বীকার করে নিব। কিন্তু না বুঝেও নয়, ভয়েও নয়।

**Ans : A.**

**১২. Liberalism-এর বাংলা পরিভাষা কোনটি?**
A. উদারতা B. উদারনীতিবাদ
C. নৈতিকতাবাদ D. অসাম্প্রদায়িকতা

**ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু পারিভাষিক শব্দ :**

| | | | |
|---|---|---|---|
| Liberalism | উদারনীতিবাদ | Reform | সংস্কার |
| Cargo | মালবাহী জাহাজ | Biography | জীবনচরিত |
| Subsidy | ভর্তুকি | Lien | পূর্বস্বত্ব |
| Ratio | অনুপাত | Conduct | আচরণ |
| Interpreter | দোভাষী | Overtime | অধিকাল |
| Preface | ভূমিকা | Token | প্রতীক |

**Ans : B.**

**১৩. 'রেইনকোট' গল্পের সঙ্গে কোনটি সবচেয়ে সংগতিপূর্ণ?**
A. স্বার্থপরতা ও প্রতিহিংসা B. আত্মপ্রেম ও আত্মত্যাগ
C. সাহস ও দেশপ্রেম D. ক্ষমতা ও প্রতিপত্তি

**ব্যাখ্যা:** 'রেইনকোট' গল্পের গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- এই গল্পের প্রধান বৈশিষ্ট্য - দেশপ্রেম, কৌশল ও সাহসিকতা।
- নুরুলহুদার গায়ের রেইনকোটটি - মুক্তিযোদ্ধা মিন্টুর।
- গল্পের রাজাকার চরিত্র - ড. আফাজ আহমেদ।
- কলেজে মিসক্রিয়ান্টরা (মুক্তিবাহিনীরা) - কুলির বেশে আলমারি নিয়ে ঢুকে।
- ড. আফাজের কুপরামর্শ - "শহীদ মিনার ভেঙ্গে দাও।"
- রাজাকাররা কি কি করে? - সুন্দরী মেয়ে দেখলে মিলিটারিদের খবর দেয়, 'পাকিস্তান জিন্দাবাদ' বলে।

**Ans : C.**

**১৪. কোনটি সংগতিপূর্ণ জোড় নয়?**
A. জসীম উদ্দীন, 'রাখালি' B. সুফিয়া কামাল, 'সাঁঝের মায়া'
C. রবীন্দ্রনাথ ঠাকুর, 'সঞ্চিতা' D. সুকান্ত ভট্টাচার্য, 'ছাড়পত্র'

**ব্যাখ্যা: সঠিক সংগতিপূর্ণ জোড় :**
- জসীমউদ্দীন - রাখালি।
- সুফিয়া কামাল - সাঁঝের মায়া।
- রবীন্দ্রনাথ ঠাকুর - সঞ্চয়িতা।
- কাজী নজরুল ইসলাম - সঞ্চিতা।
- সুকান্ত ভট্টাচার্য - ছাড়পত্র।

**Ans : C.**

**১৫. বাংলা ভাষায় যতিচিহ্নের বিন্যাস সুসাধন করেছিলেন কে?**
A. উইলিয়াম কেরি B. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
C. রামমোহন রায় D. প্যারীচাঁদ মিত্র

**ব্যাখ্যা: বিদ্যাসাগর সম্বন্ধে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- **জন্ম** - ১৮২০ এর ২৬ এ সেপ্টেম্বর।
- **মৃত্যু** - ১৮৯১ এর ২৯ এ জুলাই।
- **বংশ পদবি** - বন্দ্যোপাধ্যায়। উপাধি - বিদ্যাসাগর।
- তিনি ব্যাকরণ, কাব্য, অলংকার, বেদান্ত, স্মৃতি, ন্যায় ও জ্যোতিষশাস্ত্রে পান্ডিত্যার্জন করেন - সংস্কৃত কলেজে।
- তিনি গদ্যে যতিচিহ্নের যথাযথ ব্যবহার করে বাংলা গদ্যে শৃঙ্খলা আনয়ন করেন।
- তিনি বহুবিবাহ চালু করেন এবং বাল্যবিবাহ রোধে আসামন্যা অবদান রাখেন।

**Ans : B.**

**১৬. "যখন স্মৃতি দুধ জোৎস্নার সাথে ঝরে পড়ে, তখন কে থাকে ঘুমে?" – কোন কবিতার অংশ?**
A. বিভীষনের প্রতি মেঘনাদ
B. এই পৃথিবীতে এক স্থান আছে
C. নূরলদীনের কথা মনে পড়ে যায়
D. তাহারেই পড়ে মনে

**ব্যাখ্যা:** **'নূরলদীনের কথা মনে পড়ে যায়'** কবিতার গুরুত্বপূর্ণ কিছু পঙক্তি :
- যখন স্মৃতির দুধ জ্যোৎস্নার সাথে ঝরে পড়ে,
তখন কে থাকে ঘুমে? কে থাকে ভেতরে?
- কে একা নিঃসঙ্গ বসে অশ্রুপাত করে?
সমস্ত নদীর অশ্রু অবশেষে ব্রহ্মপুত্রে মেশে।
- নূরলদীনেরও কথা যেন সারা দেশে
পাহাড়ি ঢলের মত নেমে এসে সমস্ত ভাসায়,
- অভাগা মানুষ যেন জেগে ওঠে আবার এ আশায়
যে, আবার নূরলদীন একদিন আসিবে বাংলায়।

**Ans : C.**

**১৭. 'অবীরা' শব্দের অর্থ কী?**
A. যে নারী বীর নয় B. যার স্বামী-পুত্র নেই
C. বীরের স্ত্রী নয় এমন D. বীরের কন্যা নয় এমন

**ব্যাখ্যা: নিচে গুরুত্বপূর্ণ কিছু এক কথায় প্রকাশ :**
- যে নারীর স্বামী-পুত্র নেই - অবীরা।
- যে মেয়ের বিয়ে হয়নি - অনূঢ়া।
- যে নারী বীর সন্তান প্রসব করে - বীরপ্রসূ।
- যে নারীর সন্তান বাঁচেনা - মৃতবৎসা।
- যে নারীর সন্তান হয় না - বন্ধ্যা।
- যে নারী একবার সন্তান প্রসব করেছে - কাকবন্ধ্যা।

**Ans : B.**

**১৮. কে বাংলা ভাষা নিয়ে গবেষণা করেননি?**
A. মুহম্মদ আবদুল হাই B. ড. মুহম্মদ শহীদুল্লাহ
C. সুকুমার সেন D. মোতাহের হোসেন চৌধুরী

**ব্যাখ্যা:** • এ A, B ও C অপশনের মুহম্মদ আব্দুল হাই, ড. মুহম্মদ শহীদুল্লাহ ও সুকুমার সেন ছিলেন নাম করা ভাষাবিদ ও সাহিত্যিক।
- অপরদিকে মোতাহের হোসেন চৌধুরী ছিলেন বুদ্ধির মুক্তি আন্দোলনের সাথে জড়িত।

**Ans : D.**

**১৯. বাংলা ভাষার প্রথম সাহিত্য-নিদর্শন কোনটি?**
A. চর্যাপদ B. শ্রীকৃষ্ণকীর্তন C. বৈষ্ণব পদাবলী D. মনসামঙ্গল

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**ব্যাখ্যা: 'চর্যাপদ' সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- বাংলা ভাষার প্রথম সাহিত্য নিদর্শন - 'চর্যাপদ'।
- চর্যাপদের মোট কবির সংখ্যা - ২৪ জন (মতান্তরে-২৩)।
- চর্যাপদ আবিষ্কৃত হয় - ১৯০৭ এবং প্রকাশ হয় ১৯১৬ সালে।
- মোট পদসংখ্যা - ৫১টি। আবিষ্কৃত পদ - সাড়ে ৪৬টি।
- আদি কবি - লুইপা
- শ্রেষ্ঠ কবি - কাহ্নপা।
- বাঙালি কবি - ভুসুকুপা
- মহিলা কবি - কুক্কুরী পা।

**Ans : A.**

**২০. 'সাম্যবাদী' কবিতায় কোন মতবাদের পরিচয় প্রধান?**
A. মানবতাবাদ B. বিবর্তনবাদ C. অস্তিত্ববাদ D. ভাববাদ

**ব্যাখ্যা: কাজী নজরুল ইসলামের 'সাম্যবাদী' কবিতার গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- এই কবিতায় কবি - মানবধর্মের জয়গান গেয়েছেন।
- কবিতায় তিনি - মুসলিম, হিন্দু, বৌদ্ধ, ক্রিশ্চান, পার্সি, জৈন, ইহুদি, সাঁওতাল, ভীল, গারো, কনফুসিয়াস এবং চার্বাক চেলা সকলের মাঝে বৈষম্য দূর করতে চেয়েছেন।
- নজরুল এই কবিতায় -প্রাণধর্মের ঘোষণা করেছেন।
- তিনি হৃদয়কেই বলেছেন নীলাচল এবং - কাশী, মথুরা, বৃন্দাবন, বুদ্ধ-গয়া, জেরুজালেম, মদিনা, কাবা-ভবন, মসজি- মন্দির-গির্জাকেও হৃদয়ের সাদৃশ্য করেছেন।
- তিনি কবিতায় মানবধর্ম, প্রাণধর্ম ও হৃদয়ধর্মের এবং সর্বপরি সাম্যের জয়গান গেয়েছেন।

**Ans : A.**

**২১. আইন-বিষয়ক গ্রন্থ-প্রণেতা কোনজন?**
A. মুহম্মদ আবদুল হাই B. আহমদ রফিক
C. গাজী শামছুর রহমান D. আহমদ শরীফ

**ব্যাখ্যা: 'গাজী শামছুর রহমান' সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- **জন্ম :** ১৯২১ এবং মৃত্যু : ১৯৯৮ এর ১২ আগস্ট।
- **পেশা** - যুগ্ম সচিব, বিচারক, লেখক।
- শিক্ষা ও শিক্ষাপ্রতিষ্ঠান - আইন, আলীগড় মুসলিম বিশ্ববিদ্যালয়
- **পুরস্কার** - বাংলা একাডেমি পুরস্কার, একুশে পদক।
- আইন বিষয়ক কয়েকটি গ্রন্থের নাম - মাইনর অ্যাক্টস, দন্ডবিধির ভাষ্য, ট্রাস্ট আইনের ভাষ্য ইত্যাদি।
- এছাড়াও তিনি লিখেছেন - ইসলামিক আইন, হিন্দু আইন, ইসলামিক গ্রন্থ, রম্যরচনা স্মৃতিকথা ইত্যাদি।

**Ans : C.**

**২২. কোন কাব্যগ্রন্থটি জীবনানন্দ দাশের জীবদ্দশায় প্রকাশ পায়নি?**
A. ঝরা পালক B. ধূসর পান্ডুলিপি
C. সাতটি তারার তিমির D. রূপসী বাংলা

**ব্যাখ্যা: 'জীবনানন্দ দাসের' বিভিন্ন কাব্যগ্রন্থের প্রকাশকাল :**
- ঝরা পালক - ১৯২৭
- ধূসর পান্ডুলিপি - ১৯৩৬
- বনলতা সেন - ১৯৪২
- মহাপৃথিবী - ১৯৪৪
- সাতটি তারার তিমির - ১৯৪৮
- রূপসী বাংলা - ১৯৫৭
- বেলা অবেলা কালবেলা - ১৯৬১
- সুদর্শনা - ১৯৭৩

**Ans : D.**

**২৩. কোনটি দ্বিরুক্ত শব্দ?**
A. ঝকমক B. কড়কড়ে
C. কড়ি-কোমল D. ক্রমে-ক্রমে

**ব্যাখ্যা: নিচে গুরুত্বপূর্ণ কিছু দ্বিরুক্ত শব্দ :**
- **আধিক্য বোঝাতে** - রাশি রাশি, ধামা ধামা, ভালো ভালো।
- **সামান্য বোঝাতে** - জ্বর জ্বর, কবি কবি, উড়ু উড়ু, কালো কালো
- **ক্রিয়া বিশেষণ** - ধীরে ধীরে, ফিরে ফিরে, দেখে দেখে, ক্রমে ক্রমে।
- **বিশেষণ বোঝাতে** - মিটির মিটির, নেই নেই ভাব।

**Ans : D.**

**২৪. 'লালসালু' উপন্যাসে মজিদের মিথ্যার আশ্রয় নেওয়ার মূল কারণ কী?**
A. অর্থলালসা B. আধিপত্য বিস্তার
C. ধর্মকে প্রতিষ্ঠা D. আপন অস্তিত্ব রক্ষা

**ব্যাখ্যা: লালসালু উপন্যাসের 'মজিদের' সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- মজিদ উপন্যাসের কেন্দ্রীয় চরিত্র - তার দেহ শীর্ণকায়।
- কুসংস্কার শঠতা, প্রতাড়না এবং অন্ধ বিশ্বাসের প্রতীক সে।
- মজিদ একটি দুর্বল এবং নিঃসঙ্গ চরিত্র - এ সত্যটি রহিমার কাছে ধরা পড়ে।
- মজিদের সাথে সকলের সম্পর্ক বাহিরের আন্তরিকতার নয়। সে শুধু প্রভাব বিস্তার করতে চায়।
- মজিদ মিথ্যার আশ্রয় নেয় - নিজ অস্তিত্ব রক্ষার জন্য।

**Ans : D.**

**২৫. ভানুসিংহ ঠাকুর কার ছদ্মনাম?**
A. শুভো ঠাকুর B. প্রমথ চৌধুরী
C. রবীন্দ্রনাথ ঠাকুর D. ভানু বন্দ্যোপাধ্যায়

**ব্যাখ্যা: বিভিন্ন লেখকের ছদ্মনাম :**

| নাম | ছদ্মনাম |
|---|---|
| কালিকানন্দ | অবধূত |
| ড. মনিরুজ্জামান | হায়াৎ মামুদ |
| অনন্ত | বড় চন্ডীদাস |
| সমরেশ বসু | কালকূট |
| নীহাররঞ্জন | বানভট্ট |
| বিমল ঘোষ | মৌমাছি |
| রবীন্দ্রনাথ ঠাকুর | ভানুসিংহ |

**Ans : C.**

**২৬. কোন লেখকের রচনায় মার্ক্সবাদী দৃষ্টিভঙ্গির পরিচয় পাওয়া যায়?**
A. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় B. সৈয়দ মুজতবা আলী
C. প্রমথ চৌধুরী D. মানিক বন্দ্যোপাধ্যায়

**ব্যাখ্যা: 'মানিক বন্দ্যোপাধ্যায়' সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- **জন্ম :** ১৯০৮ এবং **মৃত্যু :** ১৯৫৬ এর ৩ রা ডিসেম্বর।
- তিনি মার্কসবাদী লেখক হিসেবে পরিচিত।
- **তাঁর উল্লেখযোগ্য বৈশিষ্ট্য :** বিজ্ঞানমনস্ক সমাজ বাস্তবতার শিল্পী, মনোজগৎ তথা অন্তবনের রূপকার।
- **উপন্যাস :** জননী, দিবারাত্রির কাব্য, পদ্মানদীর মাঝি, পুতুলনাচের ইতিকথা, চিহ্ন ইত্যাদি।
- **গল্পগ্রন্থ :** প্রাগৈতিহাসিক, সরীসৃপ, সমুদ্রের স্বাদ, টিকটিকি, হলুদ পোড়া, কুষ্ঠরোগীর বউ।

**Ans : D.**

**২৭. 'গরমিল' কোন ধরণের সমাসের উদাহরণ?**
A. অব্যয়ীভাব B. তৎপুরুষ C. বহুব্রীহি D. কর্মধারয়

**ব্যাখ্যা: নিচের গুরুত্বপূর্ণ কিছু অব্যয়ীভাব সমাস :**
- অভাব অর্থে অব্যয়ীভাব সমাস :
  - আঃ - লবণের অভাব - আলুনি।
  - গরঃ - মিলের অভাব - গড়মিল।
  - দুঃ - ভিক্ষার অভাব - দুর্ভিক্ষ।
  - নিঃ - আমিষের অভাব - নিরামিষ।
  - বেঃ - কারের অভাব - বেকার।
  - বিঃ - শ্রীর অভাব - বিশ্রী
  - হাঃ - ভাতের অভাব - হাভাত

**Ans : A.**

**২৮. কোন বিশেষ ছন্দরীতিকে ভেঙ্গে মধুসূদন অমিত্রাক্ষর ছন্দ প্রবর্তন করেন?**
A. অক্ষরবৃত্ত B. মাত্রাবৃত্ত C. স্বরবৃত্ত D. পয়ার

**ব্যাখ্যা: 'মধুসূদন' সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- **জন্ম :** ১৮২৪ এর ২৫ এ জানুয়ারি।
- **মৃত্যু :** ১৮৭৩ এর ২৯ এ জুন।
- তিনি পিতৃপ্রদত্ত নামে মাইকেল যোগ করেন - ১৮৪৩ সালে।
- তিনি বহুভাষা জানতেন যথাঃ- গ্রিক, লাতিন, হিব্রু, ইংরেজি, সংস্কৃত, ফরাসি, জার্মানি, ইতালীয়।
- অমিত্রাক্ষর ছন্দ রচনা করেন - পয়ার ছন্দ ভেঙ্গে দিয়ে।
- **নাটক :** শর্মিষ্ঠা, পদ্মাবতী, কৃষ্ণকুমারী।
- **প্রহসন :** একেই কি বলে সভ্যতা? বুড় সালিকের ঘাড়ে রোঁ।
- **কাব্যগ্রন্থ :** তিলোত্তমা সম্ভব কাব্য, মেঘনাদবধ কাব্য, ব্রজাঙ্গনা কাব্য, বীরাঙ্গনা কাব্য, চতুর্দশপদী কবিতাবলী।

**Ans : D.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

২৯. কোনটি বেগম সুফিয়া কামালের কাব্যগ্রন্থ নয়?
A. সারা দুপুর B. মায়া কাজল
C. কেয়ার কাঁটা D. উদাত্ত পৃথিবী

ব্যাখ্যা: 'বেগম সুফিয়া কামালের' সম্বন্ধে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- জন্ম : ১৯১১ বরিশালে। • মৃত্যু : ১৯৯৯ ঢাকায়।
- প্রথম স্বামী সৈয়দ নেহাল হোসেন।
- তিনি প্রতিষ্ঠানিক শিক্ষা পাননি বরং তিনি একজন স্বশিক্ষায় শিক্ষিত ব্যক্তি।
- সাহিত্য সাধনা ও নারী আন্দোলনে ব্রতী হয়ে তিনি - কবি হিসেবে বরণীয় এবং জননী সম্ভাষণে ভূষিত হয়েছেন।
- তার উল্লেখযোগ্য রচনার মধ্যে -
  কাব্যগ্রন্থ : সাঁঝের মায়া, মায়া কাজল, অভিযাত্রিক, উদাত্ত পৃথিবী ইত্যাদি।
  গল্প : কেয়ার কাঁটা
- সারাদুপুর - আহসান হাবীবের কাব্যগ্রন্থ।

Ans : A & C.

৩০. 'বায়ান্নর দিনগুলি'র লেখক ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোন বিভাগের ছাত্র ছিলেন?
A. ইতিহাস B. রাষ্ট্র বিজ্ঞান C. আইন D. বাংলা

ব্যাখ্যা: 'শেখ মুজিবুর রহমান' সম্বন্ধে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- জন্ম : ১৯২০ এর ১৭ই মার্চ
- মৃত্যু : ১৯৭৫ এর ১৫ ই আগস্ট
- ছাত্রজীবন থেকেই তিনি - রাজনীতি ও দেশব্রতে যুক্ত হন।
- তিনি কলিকাতা বিশ্ববিদ্যালয় থেকে বিএ ডিগ্রি এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ে আইন বিষয়ে অধ্যায়ন করেন।
- তিনি বাঙালির অবিসংবাদিত নেতা হিসেবে জীবদ্দশায় কিংবদন্তি হয়ে ওঠেন।
- তিনিই প্রথম জাতিসংঘে বাংলায় ভাষণ দেন।

Ans : C.

## English (Compulsory)

**Make the right choice to complete the following sentences (1 - 19)**

**1. I badly ____ my ankle when I fell down on my way home last night.**
A. sprained B. stretched C. strained D. pulled

ব্যাখ্যা: Sprained - মচকে যাওয়া Stretched - টানা
Strained - জোর করা বা ছাঁকা Pulled - টানা
Sentence টিতে পায়ের গোড়ালি মচকে যাওয়ার কথা বলা হয়েছে। সুতরাং, sprained ই সবচেয়ে গ্রহণযোগ্য

Ans : A.

**2. When you buy something, you make sure you don't throw away yours ______**
A. prescription B. receipt C. recipe D. coupon

ব্যাখ্যা: Prescription - ব্যবস্থাপত্র Receipt - রশিদ
Recipe - প্রণালী Coupon - টিকিট
Sentence টির অর্থ হলো, যখন আপনি কোন কিছু ক্রয় করবেন, আপনাকে নিশ্চিত করতে হবে যে আপনি যেন রশিদটি ফেলে না দেন।

Ans : B.

**3. The candidate did _____ and felt _____.**
A. bad, badly B. so bad, badly
C. badly, bad D. worse, worst

ব্যাখ্যা: Badly (ad) - modifies verbs
Bad (adj.) - modfies nouns and pronouns.
যেমন- He made her feel bad when he told her how badly she cooks
['feeling' is not an action, but 'cooking' is]
অনুরূপভাবে,
The candidate did badly and felt bad.

Ans : C.

**4. Keats is an ____ poet.**
A. imaginative B. imaginary
C. imagination D. imaginable

ব্যাখ্যা: Imaginative - কল্পনাশক্তিপূর্ণ Imaginary - কাল্পনিক
Imagination - কল্পনা Imaginable - চিন্তনীয়
Sentence টির অর্থ বুঝানো হচ্ছে যে, কীটস একজন কল্পনাশক্তিপূর্ণ কবি। সুতরাং, শূন্যস্থানে imaginative-ই সবচেয়ে গ্রহণযোগ্য।

Ans : A.

**5. Take this medicine and you will soon come ______.**
A. round B. over C. down D. off

ব্যাখ্যা: Come round - আরোগ্য লাভ করা।
আরো কিছু গুরুত্বপূর্ণ group verb -
Come by - পাওয়া Take care - দেখাশোনা করা
Go through - পড়া Give up- ত্যাগ করা
Give away - দান করা Get along with - মানিয়ে চলা

Ans : A.

**6. Water is ____ by various kinds of waste and filth.**
A. filled B. used
C. sucked D. contaminated

ব্যাখ্যা: Filled - ভরা Used - ব্যবহৃত
Sucked - চুষা Contaminated - দূষিত
Sentence টির অর্থ হলো, পানি বিভিন্ন ধরনের ময়লা ও আবর্জনা দ্বারা দূষিত হচ্ছে।
দূষিত বা কলুষিত হওয়া বুঝাতে Contaminated হবে।

Ans : D.

**7. "I can play ten musical instruments", she _____.**
A. boasts B. pleaded C. shouted D. demanded

ব্যাখ্যা: Boast - অহংকার করা বা গর্ব করা Plead - আত্মসমর্থন করা
Shout - চিৎকার করা Demand - দাবি করা
Sentence টির অর্থ হলো যে, আমি দশ ধরনের বাদ্যযন্ত্র বাজাতে পারি sentence টির অর্থ দেখে বুঝা যাচ্ছে যে এখানে গর্ব করা বুঝায়।

Ans : A.

**8. The judge _____ him to seven years imprisonment for armed robbery.**
A. put B. ordered
C. charged D. sentenced

ব্যাখ্যা: Sentenced to - কারাদন্ড দেওয়া।
Sentence টির অর্থ হলো, বিচারক তাকে সশস্ত্র ডাকাতি অপরাধে সাত বছরের কারাদন্ড দিলেন।

Ans : D.

**9. You must ____ the plan to complete the project by December 2018.**
A. carry out
B. carry through
C. rule out
D. work out

ব্যাখ্যা: carry out - সম্পন্ন করা to do a particular piece of work.
carry through - কোন পরিকল্পনা বাস্তবায়ন
rule out - বাতিল করা বা বাদ দেওয়া
work out - সমাধান করা

Ans : A.

**10. In no way ______.**
A. we can justify militancy
B. we cannot justify militancy
C. can we justified militancy
D. can we justify militancy

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

ব্যাখ্যা: In no way - একেবারেই না
সাধারণত - In no way দিয়ে sentence শুরু হলে In no way + auxiliary verb + sub +... structure টি অনুসরণ করে।
যেমন- In no way *am I* going to adopt any of his method.
অনুরূপভাবে - In no way *can we* justify militancy.
**Ans : D.**

**11. All my hopes _______.**
A. were nipped in the bud
B. nipped in the bud
C. have nipped in the bud
D. has nipped in the bud

ব্যাখ্যা: nip in the bud - অঙ্কুরে বিনষ্ট হওয়া - to stop something at the beginning.
প্রদত্ত sentence টি passive voice এ আছে। সুতরাং 'were nipped in the bud' ই সঠিক উত্তর।
**Ans : A.**

**12. Air and water are two of the important _____ of the environment.**
A. products B. elements
C. factor D. chemical

ব্যাখ্যা: Products - পণ্য Elements - উপাদান
Factor - উৎপাদক Chemical - রাসায়নিক
**Ans : B.**

**13. The doctor asked me to _____ my shirt.**
A. put off B. take out
C. take off D. put out

ব্যাখ্যা: Take off - খুলে ফেলা
Sentence টির অর্থ হচ্ছে যে, ডাক্তার আমাকে আমার শার্ট খুলতে বললেন। এখানে 'খুলে ফেলা' অর্থে take off ই সবচেয়ে গ্রহণযোগ্য।
**Ans : C.**

**14. His speech ____ upon the audience.**
A. fell through B. fell short
C. fell flat D. fell out

ব্যাখ্যা: Fell through - When something does not work out on happen.
Fell short - To fail to achieve something or reach the standard that was expectec.
Fell flat - To fail in entertaining someone.
Fell out - To stop being friendly with someone because of disagreement.
Sentence টির অর্থ হলো, তার ভাষণ বা বক্তৃতা শ্রোতাদের আনন্দিত বা মাতিয়ে রাখতে ব্যর্থ হলো এক্ষেত্রে 'fell flat' ই সবচেয়ে গ্রহণযোগ্য।
**Ans : C.**

**15. Handsome pay is a great ______ in job sectors.**
A. technique B. initiative
C. motivator D. hassle

ব্যাখ্যা: Technique - কৌশল বা প্রযুক্তি Initiative - উদ্যোগ
Motivator - অনুপ্রেরণা জাগায় এমন Hassle - ঝগড়া
Sentence টির অর্থ হলো যে, ভালো বা মোটা রকম বেতন চাকরির ক্ষেত্রে বড় অনুপ্রেরণা। 'অনুপ্রেরণা' অর্থে motivator সবচেয়ে গ্রহণযোগ্য।
**Ans : C.**

**16. The boys are walking _____ the river bank.**
A. along B. across
C. beyond D. on

ব্যাখ্যা: Along - একই দিকে চলাচল করা
Across - একপাশ থেকে অন্য পাশে যাওয়া
যেমন - They walked <u>along</u> the beach.
We walked <u>across</u> the bridge
অনুরূপভাবে, The boy are walking along the river bank.
**Ans : A.**

**17. My overseas friends visit us _______.**
A. of and on B. off and on
C. at time D. occasional

ব্যাখ্যা: Off and on - মাঝে মাঝে
Sentence টির অর্থ হলো, আমার বিদেশী বন্ধুরা আমাদের মাঝে মাঝে দেখতে আসে। এখানে মাঝে মাঝে বুঝাতে 'off and on'
উল্লেখ্য যে, 'at times' অর্থাৎ মাঝে মাঝে, কিন্তু option এ 'at time' দেওয়া আছে।
**Ans :B.**

**18. How much does he _____ for polishing the shoes?**
A. cost B. charge C. demand D. ask

ব্যাখ্যা: Sentence টির অর্থ হলো, সে জুতা পলিশ করতে কত দাম নেয়? 'দাম' অর্থে 'cost' এবং 'charge' উভয়েই সঠিক। কিন্তু synonyms হওয়া সত্ত্বেও 'cost' এবং 'charge' এর ব্যবহার ভিন্ন।
Cost - কোন পণ্যের দাম বা খরচ।
Charge - মূলত কোন সেবা এর দাম বুঝাতে।
যেমন- Tomatoes cost 30 tk a kilo.
They charged 300 tk for the book.
অনুরূপভাবে, How much does he charge for polishing the shoes?
**Ans : B.**

**19. What time _____ the news on TV?**
A. are B. is C. have D. had

ব্যাখ্যা: News হলো sigular noun.
**Ans : B.**

**Identify the underlined part in the following sentences that requires correction (20-21)**

**20. After <u>studying</u> (A) all the necessary materials, the students <u>were capable</u> (B) <u>of rising</u> (C) their test scores <u>by twenty-five points.</u> (D)**

ব্যাখ্যা: Rising একটি intransitive verb তাই এর পর object বসে না।
Raising transitive verb এর পর object বসবে।
সুতরাং option (C) তে raising হবে।
**Ans : C.**

**21. <u>Excepting for</u> (A) the post-graduate students, <u>everyone</u> (B) will have to <u>sit for</u> (C) the tests <u>on the same day.</u> (D)**

ব্যাখ্যা: Except for এর সাথে ing বসানো যায় না।
Option A ভুল।
**Ans : A.**

**22. The antonym of 'PERPETUAL' is-**
A. solid B. momentary
C. genuine D. lengthy

ব্যাখ্যা: Perpetual - চিরস্থায়ী
**Synonyms :** Eternal, Everlasting, Durable, Perennial, Ageless.
**Antonyms :** Temporary, Momentary, Outdated, Brief, Erratic.
**Ans : B.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**23. 'A prodigy' is-**
A. an extra-ordinary person
B. a wasteful person
C. a common man
D. a musician

ব্যাখ্যা: Prodigy - বিস্ময়কর ব্যাক্তি বা বস্তু - A person with exceptional qualities or abilities.
**Ans : A**

**24. The word 'Domicile' means-**
A. permanent residence of a person
B. non-resident
C. immigrant
D. foreigner

ব্যাখ্যা: Domicile - স্থায়ী বাসস্থান
**Ans : A.**

**25. The term 'Sub Judice' means-**
A. judicial issue B. judicial inquiry
C. extra judicial matter
D. case still being considered by a law court

ব্যাখ্যা: Sub Judice - বিচারাধীন - Being studies or decided in a law court at the present time.
**Ans : D.**

**26. 'Itinerary' means-**
A. plan of a journey
B. list of items to be discussed in a meeting
C. record of events
D. record of history

ব্যাখ্যা: Itinerary - ভ্রমণপথ - A planned route or journey.
**Ans : A.**

**27. 'Quorum' refers to-**
A. number B. additional number
C. maximum number D. required number

ব্যাখ্যা: Quorum - সভা বা মিটিংয়ের জন্য প্রয়োজনীয় সংখ্যা।
**Ans : D.**

**28. The synonym of 'FIDELITY' is-**
A. repent B. praise C. futility D. loyalty

ব্যাখ্যা: Fidelity - সততা, বিশ্বস্ততা
**Synonyms :** Loyalty, Allegiance, Obedience, Integrity Devotion.
**Antonyms :** Unfaithfulness, Disloyalty, Falseness, Treachery, Treason.
**Ans : D.**

**29. So far as hazards of pollution are concerned, the traffic police bear the burnt. here the underlined phrase means-**
A. to enjoy a lot B. to run risk
C. to suffer the most D. to be exposed to danger

ব্যাখ্যা: **Bear the burnt** - To suffer the worst part of an unpleasant or problematic situation - সবচেয়ে বেশী ভোগা।
**Ans : C.**

**30. The antonym of 'COHESION' is-**
A. coherence B. submission
C. linkage D. disintegration

ব্যাখ্যা: Cohesion - সংযোগ - The situtation when the members of a group are united.
**Synonyms :** Unity, Coherence, Solidarity, Linkage, Bond
**Antonyms :** Disintegration, Separation, Discontinuity, Incoherence, Isolation.
**Ans : D.**

## বিশ্লেষণ দক্ষতা (আবশ্যিক)

**নিচের প্রশ্নসমূহে প্রদত্ত বিকল্প হতে বিসদৃশ আইটেমটি বের কর (প্রশ্ন ১ - ৬)**

১. A. Lion B. Tiger
C. Owl D. Sparrow

ব্যাখ্যা: Lion (সিংহ), Tiger (বাঘ) এবং Sparrow (চড়ুই) হচ্ছে দিবাচর প্রাণী। কিন্তু Owl (পেঁচা) হচ্ছে নিশাচর।
**Ans : C.**

২. A. Sweater B. Muffler C. Socks D. Shawl

ব্যাখ্যা: এখানে, Sweater (সোয়েটার), Muffler (মাফলার) এবং Shawl (শাল) মূলত শীতকালীন ব্যবহার্য্য পোশাক। কিন্তু Socks সবসময় ব্যবহার করা হয়।
**Ans : C.**

৩. A. Cat B. Dog C. Fox D. Rabbit

ব্যাখ্যা: এখানে, Cat, Dog এবং Rabbit (খরগোশ) হচ্ছে গৃহপালিত প্রাণী। এদের পোষা হয়ে থাকে। কিন্তু Fox (শিয়াল) কে পোষা হয়না।
**Ans : C.**

৪. A. Rhombus B. Diagonal
C. Pentagon D. Circle

ব্যাখ্যা: Rhombus - রম্বস; Diagonal - কোণ;
Pentagon - পঞ্চকোণ; Circle - বৃত্ত
Rhombus, Diagonal এবং Pentagon এ কোণ থাকলেও Circle এ কোণ নেই।
**Ans : D.**

৫. A. French B. Russian C. Arabic D. Spanish

ব্যাখ্যা: এখানে, French, Russian এবং Spanish তিনটিই ইউরোপ মহাদেশের তিনটি দেশের ভাষা কিন্তু Arabic হচ্ছে সৌদি আরবের ভাষা যা মধ্যপ্রাচ্য এশিয়ার একটি দেশ।
**Ans : C.**

৬. A. XT B. RL C. JF D. PL

ব্যাখ্যা: অপশন A তে X এর আগের চতুর্থ বর্ণ T
অপশন C তে J এর আগের চতুর্থ বর্ণ F
অপশন D তে P এর আগের চতুর্থ বর্ণ L
কিন্তু অপশন B তে R এর আগের ষষ্ঠ বর্ণ L
তাই অপশন B আলাদা।
**Ans : B.**

**নিচের প্রশ্নসমূহে সম্পর্কিত একজোড়া শব্দ রয়েছে। এ সম্পর্কের সাথে মিল রেখে প্রদত্ত বিকল্প হতে '?' চিহ্নিত স্থানের জন্য উপযুক্ত শব্দ বাছাই কর (প্রশ্ন ৭ - ১২)।**

**৭. Architect : Building :: Sculptor : ?**
A. Museum B. Statue
C. Chisel D. Stone

ব্যাখ্যা: Architect (স্থপতি) নির্মাণ করেন Building (ভবন)
একই ভাবে Sculptor (ভাস্কর) নির্মাণ করেন Statue (ভাস্কর্য)
**Ans : B.**

**৮. Painter : Brush :: ? : ?**
A. Magistrate : Police B. Crime : Lawyer
C. Carpenter : Saw D. Cloth : Scissors

ব্যাখ্যা: Painter (চিত্রশিল্পী) কাজ করেন Brush (তুলি) দিয়ে একই রকম Carpenter (কাঠমিস্ত্রী) কাজ করেন Saw (করাত) দিয়ে।
**Ans : C.**

**৯. Bridge : River :: ? : ?**
A. Mountain : Rails B. Subway : Underground
C. Tunnel : Mountain D. Water : Rock

ব্যাখ্যা: Bridge is built to cross a river. Similarly, Tunnels are created to cross the mountains.
**Ans : C.**

শিখার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**১০. Prose : Poetry :: Conversation : ?**

A. Song B. Poem
C. Language D. Listening

ব্যাখ্যা: Prose (গদ্য) এর বিপরীত Poetry (কাব্য) এবং Conversation (সংলাপ বা বলা) এর বিপরীত Listening (শোনা)
**Ans : D.**

**১১. Elm : Tree :: ? : ?**

A. Oak : Maple B. Dollar : Money
C. Currency : Dime D. Map : Leaves

ব্যাখ্যা: Elm (এক ধরনের বৃক্ষ) Tree (বৃক্ষ)
Dollar (এক ধরনের অর্থ) Money (অর্থ)
**Ans : B.**

**১২. Socks : Foot :: ? : ?**

A. Neck : Tie B. Lace : Shoe
C. Stocking : Arum D. Gloves : Hand

ব্যাখ্যা: Socks (মৌজা) পরা হয় Foot (পা) এ, একইভাবে Gloves (গ্লাভস) পরা হয় Hand হাত) এ।
**Ans : D.**

**নিচের প্রদত্ত বড় হাতের শব্দগুলোর সাথে অধিক বিসদৃশ শব্দটি বের কর (প্রশ্ন ১৩ - ১৫)।**

**১৩. KINATIC**

A. Cold B. Static
C. Lewd D. Foolish

ব্যাখ্যা: Kinatic - গতিশীল এর বিপরীত হলো Static স্থির বা স্থিতিশীল।
**Ans : B.**

**১৪. PUNCTUAL**

A. Close B. Tardy
C. Sloppy D. Precious

ব্যাখ্যা: Punctual - সময়নিষ্ঠ এবং Tardy - দেরিতে যে আসে/অলস পরস্পর বিপরীত
**Ans : B.**

**১৫. VACILATE**

A. Decide B. Teeter
C. Dilate D. Please

ব্যাখ্যা: Vacilate - দ্বিধায় থাকা আর Decide - সিদ্ধান্ত নেয়া পরস্পর বিসদৃশ।
**Ans : A.**

**নিচের প্রশ্নসমূহে প্রদত্ত সারিগুলোতে '?' চিহ্নিত স্থানে সঠিক বিকল্পটি বাছাই কর যা সারিগুলোর ধরনকে অব্যাহত রাখবে (প্রশ্ন ১৬ - ১৮)।**

**১৬. 125, 80, 45, 20, ?**

A. 5 B. 8
C. 10 D. 12

ব্যাখ্যা: $25 \times 5 = 125$
$20 \times 4 = 80$
$15 \times 3 = 45$
$10 \times 2 = 20$
$5 \times 1 = 5$
**Ans : A.**

**১৭. January, March, February, April, March, May, ?**

A. February B. March
C. April D. May

ব্যাখ্যা:



January, March, February, April, March, May, April
**Ans : C.**

**১৮. AZ, CX, FU, ?**

A. IR B. IV C. MN D. JQ

ব্যাখ্যা: AZ ইংরেজী বর্ণমালার প্রথম ও শেষ বর্ণ।
CX ইংরেজী বর্ণমালার প্রথম এবং শেষ থেকে তৃতীয় বর্ণ।
FU ইংরেজী বর্ণমালার প্রথম এবং শেষ থেকে ষষ্ঠ বর্ণ।
JQ ইংরেজী বর্ণমালার প্রথম এবং শেষ থেকে দশম বর্ণ।

১ম ৩য় ৬ষ্ঠ ১০ম
২ ৩ ৪

**Ans : A.**

**১৯. যদি PUSH এর কোড 1234 এবং ROUGH এর কোড 65274 হয় তবে SOUP এর কোড হবে,**

A. 3521 B. 1253 C. 5312 D. 1352

ব্যাখ্যা:
P U S H → 1 2 3 4
R O U G H → 6 5 2 7 4
সুতরাং
S O U P → 3 5 2 1
**Ans : A.**

**২০. যদি একজন পুরুষ অথবা দুইজন মহিলা অথবা তিনজন বালক একটি কাজ ৬৬ দিনে শেষ করতে পারে, তবে কতদিনে ১ জন পুরুষ, ২ জন মহিলা ও ৩ জন বালক ঐ কাজটি সম্পন্ন করতে পারবে?**

A. 22 B. 34 C. 24 D. 11

ব্যাখ্যা: ১জন পুরুষ + ২ জন মহিলা + ৩ জন বালক = (৩ + ৩ + ৩) বালক
= ৯ জন বালক
৩ জন বালক কাজটি করতে পারে ৬৬ দিনে
∴ ১ জন বালক কাজটি করতে পারে ৬৬ × ৩ দিনে
∴ ৯ জন বালক কাজটি করতে পারে $\frac{৬৬ \times ৩}{৯}$ = ২২ দিনে
**Ans : A.**

## সাধারণ জ্ঞান (ঐচ্ছিক)

**১. বাংলাদেশের সাবমেরিন দুটির নাম কি?**

A. নবযাত্রা ও জয়যাত্রা B. স্বাধীনতা ও বিজয়
C. মুক্তি ও সংগ্রাম D. গৌরব ও আশা

ব্যাখ্যা: • বাংলাদেশের সাবমেরিন দুটির নাম নবযাত্রা এবং জয়যাত্রা।
• ২০৩ মিলিয়ন ডলার মূল্যে চীনের কাছ থেকে ক্রয়করা দুটি সাবমেরিন ২০১৭ সালের ১২মার্চ আনুষ্ঠানিক ভাবে বাংলাদেশের নৌবহরে যুক্ত করা হয়।
• সাবমেরিন দুটি দৈর্ঘ্যে ১০৩ দশমিক ২২ মিটার এবং প্রস্থে ১০ দশমিক ৮৩ মিটার?
• এরা ঘণ্টায় সর্বোচ্চ ২৬ নটিক্যাল মাইল বেগে চলতে সক্ষম।
• বাংলাদেশের সমুদ্রসীমার বৃদ্ধি এবং ভূ-রাজনৈতিক নিরাপত্তার প্রয়োজনীয়তার প্রেক্ষিতে সাবমেরিন দুটি ক্রয় করা হয়।
**Ans : A.**

**২. নির্মানাধীন পদ্মা সেতুর দৈর্ঘ্য কত?**

A. ৫ কি.মি. B. ৬ কি.মি. C. ৬.১৫ কি.মি. D. ৫.১৫ কি.মি.

ব্যাখ্যা: • নির্মাণের পর পদ্মা সেতু হবে বাংলাদেশের সবচেয়ে বড় সেতু।
• এর দৈর্ঘ্য ৬,১৫০ মিটার (৬.১৫ কি.মি.) এবং প্রস্থ ১৮.১০ মিটার।
• পদ্মা-ব্রহ্মপুত্র-মেঘনা নদীর অববাহিকায় এর ১৫০ মিটার দৈর্ঘ্যের ৪২টি স্প্যান বসবে।
• পদ্মা সেতুর মাধ্যমে লৌহজং, মুন্সিগঞ্জের সাথে শরিয়তপুর ও মাদারীপুর যুক্ত হবে, ফলে দেশের দক্ষিণ-পশ্চিম অংশের সাথে উত্তর-পূর্ব অংশের সংযোগ ঘটাবে।
• প্রকল্পটির জন্য প্রয়োজনীয় এবং অধিগ্রহণকৃত মোট জমির পরিমাণ ৯১৮ হেক্টর।
• পদ্মা সেতুর ব্যয় দাঁড়িয়েছে সব মিলিয়ে ২৮ হাজার ৭৯৩ কোটি টাকা ।
**Ans : C.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**৩. কোন বিচারিক সংস্থা রোহিঙ্গা নির্যাতনের বিচারের জন্য তদন্ত শুরু করেছে?**
A. ইন্টারন্যাশনাল কোর্ট অব জাস্টিস
B. ইন্টারন্যাশনাল ক্রিমিনাল কোর্ট
C. ইউরোপিয়ান কোর্ট অব হিউম্যান রাইটস
D. এ্যাডহক ইন্টারন্যাশনাল ক্রিমিনাল ট্রাইব্যুনাল অন মিয়ানমার

ব্যাখ্যা: • মিয়ানমারের রাখাইনে রোহিঙ্গাদের বিরুদ্ধে যুদ্ধাপরাধসংঘটিত হয়েছে কিনা, তার তদন্ত শুরু করেছে ইন্টারন্যাশনাল ক্রিমিনাল কোর্ট (আইসিসি)।
• প্রসিকিউটর ফতো বেনসৌদা মিয়ানমারের সামরিক বাহিনীর দমনপীড়নের পূর্ণাঙ্গ তদন্তের ব্যাপারে পর্যাপ্ত তথ্য খোঁজার চেষ্টা চালান।
• হেগ ভিত্তিক এ আন্তর্জাতিক অপরাধ দমন আদালতের ব্যাপারে মিয়ানমার স্বাক্ষর না করলেও বাংলাদেশ এর সদস্য হওয়ার কারণে রোহিঙ্গাদের বিরুদ্ধে সংঘটিত অপরাধ তদন্তের আইনগত অধিকার এ আদালতের রয়েছে বিচারকদের এমন নির্দেশনা দেয়ায় এ তদন্তের উদ্যোগ নেয়া হয়।
• গত মার্চ ২০১৯ থেকে এ তদন্ত কার্যক্রম শুরু হয়।
**Ans : B.**

**৪. বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপিত হবে–**
A. ২০২০ সালে B. ২০২১ সালে
C. ২০২২ সালে D. ২০২৩ সালে

ব্যাখ্যা: • বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী পালিত হবে ২০২১সালে।
• বাংলাদেশ ১৯৭১ সালে স্বাধীনতা লাভ করে।
• উল্লেখ্য সুবর্ণজয়ন্তী পালন করা হয় ৫০ বছর পূর্ণ হলে।
• এছাড়াও রজতজয়ন্তী ২৫ বছর, হীরকজয়ন্তী ৬০ বছর এবং প্লাটিনাম জয়ন্তী ৭৫ বছর হলে পালন করা হয়।
**Ans : B.**

**৫. 'গেরিলা' চলচ্চিত্র কার উপন্যাস অবলম্বনে নির্মিত?**
A. জাফর ইকবাল B. হাসান আজিজুল হক
C. সৈয়দ শামসুল হক D. জাহানারা ইমাম

ব্যাখ্যা: • 'গেরিলা' চলচ্চিত্রটি সৈয়দ শামসুল হকের 'নিষিদ্ধ লোবান' উপন্যাস অবলম্বনে নির্মিত।
• এটি ২০১১ সালে মুক্তি লাভ করে।
• নাসির উদ্দীন ইউসুফ পরিচালিত এই চলচ্চিত্রটি মূলত বাংলাদেশের মুক্তিযুদ্ধের পটভূমিতে নির্মিত।
• এর চিত্রনাট্য করেছেন যৌথভাবে নাসির উদ্দীন ইউসুফ ও এবাদুর রহমান।
• এটি ১৭তম কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব ২০১১-এ নেটপ্যাক পুরস্কার অর্জন করে।
**Ans : C.**

**৬. বাংলাদেশের সংবিধানের কততম সংশোধনীর মাধ্যমে সংসদে নারীদের জন্য সংরক্ষিত আসন ৫০ জনে বৃদ্ধি করা হয়েছে?**
A. পঞ্চদশ B. সপ্তদশ
C. চতুর্দশ D. ত্রয়োদশ

ব্যাখ্যা: • বাংলাদেশ সংবিধানের পঞ্চদশ সংশোধনীর মাধ্যমে সংসদে নারীদের জন্য সংরতি আসন সংখ্যা ৫০ এ বৃদ্ধি করা হয়।
• পূর্বে নারীদের জন্য সংরক্ষিত আসন সংখ্যা ছিল ৪৫।
• ৩০ জুন ২০১১ তারিখে এ সংশোধনী সংসদে পাস হয়।
• এছাড়াও এ সংশোধনীর মাধ্যমে তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বাতিল করা হয়েছে।
**Ans : A.**

**৭. 'চরমপত্র' এর লেখক হলেন–**
A. সুখরঞ্জন B. গাফফার চৌধুরী
C. তাজউদ্দিন আহমেদ D. এম আর আখতার মুকুল

ব্যাখ্যা: • 'চরমপত্র' হল এম আর আখতার মুকুল রচিত ও উপস্থাপিত স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের সবচেয়ে জনপ্রিয় অনুষ্ঠান।
• এটি ছিল ব্যঙ্গাত্মক ও শ্লেষাত্মক মন্তব্যে ভরপুর একটি অনুষ্ঠান।
• স্বাধীন বাংলা বেতার কেন্দ্র চালু হবার দিন (২৫মে, ১৯৭১) থেকে বাংলাদেশ স্বাধীন হওয়া পর্যন্ত এটি প্রচারিত হয়।
**Ans : D.**

**৮. ভারতের কোন রাজ্যের খসড়া নাগরিকপঞ্জি প্রকাশকে ঘিরে 'বাংলাদেশি অভিবাসী' বিতর্ক চলছে?**
A. ত্রিপুরা B. পশ্চিমবঙ্গ
C. আসাম D. মিজোরাম

ব্যাখ্যা: • ভারতের আসাম রাজ্যের খসড়া নাগরিক পঞ্জি প্রকাশকে ঘিরে 'বাংলাদেশি অভিবাসী' বিতর্ক চলছে।
• গত ৩০ জুলাই ২০১৮ তে চূড়ান্ত খসড়া প্রকাশের পর এ বিতর্কের সূত্রপাত হয়।
• উল্লেখ্য আসামে মুসলিম সংখ্যাগরিষ্ঠ জেলার সংখ্যা পাঁচ থেকে বেড়ে ৯ হবার পর থেকে সেখানকার জনগণকে 'বাংলাদেশী অভিবাসী' আখ্যা দিয়ে তাদের নাগরিকত্ব সুবিধা বাতিল করতে মরিয়া হয়ে ওঠে প্রশাসন।
**Ans : C.**

**৯. পৃথিবীর কোন অঞ্চলে মায়া সভ্যতা বিরাজমান ছিলো?**
A. মধ্য আমেরিকা B. দক্ষিণ আমেরিকা
C. এ্যান্টার্কটিকা D. ইউরোপ

ব্যাখ্যা: • মায়া জনগোষ্ঠীর অন্তর্গত মানুষেরা মেক্সিকোর দক্ষিণে এবং মধ্য আমেরিকান অঞ্চল সমূহে বসবাস করত।
• এ সভ্যতার আনুমানিক প্রতিষ্ঠাকাল খ্রিস্টপূর্ব ২০০০।
• ধারণা করা হয় ৯০০ খ্রিস্টাব্দ পর্যন্ত মায়া নগরীগুলো উন্নতির উচ্চ শিখরে পৌঁছেছিল।
• এটি ছিলো বিশ্বের সর্বাপো ঘন জনবসতি এবং সংস্কৃতিভাবে গতিশীল একটি সমাজ।
**Ans : A.**

**১০. GSP –এর পূর্ণরূপ কি?**
A. General System of Prosperity
B. Guidelines for Structural Progress
C. General System of Preferences
D. Generalized System of Preferences

ব্যাখ্যা: • Generalized System of Preferences (GSP) হল বিশ্ব বাণিজ্য সংস্থা (ডব্লিওটিও) এর সাধারণ নিয়ম থেকে ছাড় দেয়ার একটি প্রথাগত পদ্ধতি।
• পূর্বে এটি জেনারেল এগ্রিমেন্ট অফ ট্যারিফ এন্ড ট্রেড বা গ্যাট নামে পরিচিত ছিল।
• বিশেষকরে, এটি সর্বোচ্চ বিশেষ সুবিধা প্রাপ্ত নীতি থেকে ছাড় দেয়ার একটি আনুষ্ঠানিক পদ্ধতি।
• মূলত রপ্তানির ক্ষেত্রে উন্নত বিশ্বে শুল্ক মুক্ত অগ্রাধিকারমূলক সুবিধা পাওয়াকেই জিএসপি বলে।
• শুল্ক মুক্ত অগ্রাধিকারমূলক থাকলে, যে দেশে পণ্য রপ্তানি করা হবে, সে দেশে কোন প্রকার ভ্যাট, ট্যাক্স দিতে হয় না।
**Ans : D.**

**১১. বাংলাদেশে বর্তমানে কততম পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়নাধীন রয়েছে?**
A. চতুর্থ B. পঞ্চম
C. ষষ্ঠ D. সপ্তম

ব্যাখ্যা: • স্থানীয় পর্যায়ে সার্বিক উন্নয়নের উদ্দেশ্যে এলাকার খাত ভিত্তিক সমস্যা চিহ্নিতকরণ, চাহিদা নিরূপণ ও সমস্যা সমাধানের নিমিত্তে উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন এবং পরিকল্পনা হয়ে থাকে তাকেই পঞ্চবার্ষিকী পরিকল্পনা বলে।
• সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যেসব বিষয়গুলো ছিল : কারিগরি ও প্রযুক্তিজ্ঞান সম্পন্ন মানবসম্পদ গঠন। বিদ্যুৎ, জ্বালানি ও যোগাযোগ খাতে অবকাঠামোগত সীমাবদ্ধতা দূরীকরণ, কৃষিভিত্তিক শিল্পসহ ক্ষুদ্র ও মাঝারি শিল্প খাতের উন্নয়ন কৌশল নির্ধারণ, আইসিটি-স্বাস্থ্য-শিক্ষা সংক্রান্ত সেবা রপ্তানিতে সুনির্দিষ্ট নীতি কৌশল প্রণয়ন, সরকারি-বেসরকারি বিনিয়োগে গতিশীলতা আনয়ন, রপ্তানির গতিশীলতা এবং একই সঙ্গে পণ্যের বৈচিত্র্যায়ণ রাখা প্রভৃতি।
**Ans : D.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**১২. বাংলাদেশের ভৌগলিক সীমার মধ্যে উৎপত্তি ও সমাপ্তি নদী কোনটি?**

A. কর্ণফুলী B. সুরমা
C. পদ্মা D. সাঙ্গু

ব্যাখ্যা: বাংলাদেশের ভৌগোলিক সীমার মধ্যে উৎপত্তি ও সমাপ্ত হওয়া নদী হালদা এবং সাঙ্গু।
**Ans : নাই।**

**১৩. নিচের কোন দেশটি জাতিসংঘ নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য নয়?**

A. জার্মানী B. চায়না
C. মার্কিন যুক্তরাষ্ট্র D. যুক্তরাজ্য

ব্যাখ্যা: • জাতিসংঘের ছয়টি প্রধান অঙ্গের অন্যতম জাতিসংঘ নিরাপত্তা পরিষদ (ইংরেজি: United Nations Security Council (UNSC) বা নিরাপত্তা পরিষদ।
• আন্তর্জাতিক শান্তি ও নিরাপত্তা নিশ্চিত করা এর কাজ।
• নিরাপত্তা পরিষদের প্রথম অধিবেশন অনুষ্ঠিত হয় ১৭ জানুয়ারি ১৯৪৬।
• নিরাপত্তা পরিষদের পনের সদস্য নিয়ে গঠিত।
• দ্বিতীয় বিশ্বযুদ্ধের বিজয়ী পাঁচ পরাশক্তি - চীন, ফ্রান্স, রাশিয়া, যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্র এর স্থায়ী সদস্য।
• এছাড়াও দুই বছরের জন্য জাতিসংঘ নিরাপত্তা পরিষদে অস্থায়ী সদস্য হিসেবে নতুন পাঁচটি দেশকে নিয়োগ দেয়া হয়েছে। দেশগুলো হলো: বেলজিয়াম, ডমিনিকান রিপাবলিক, ইন্দোনেশিয়া, জার্মানি এবং সাউথ আফ্রিকা।
**Ans : A.**

**১৪. কোন দেশের বিপক্ষে বাংলাদেশ শততম টেস্ট ক্রিকেট খেলেছে?**

A. শ্রীলংকা B. ভারত
C. নিউজিল্যান্ড D. অস্ট্রেলিয়া

ব্যাখ্যা: • বাংলাদেশ শ্রীলংকা এর বিপক্ষে শততম টেস্ট ক্রিকেট ম্যাচ খেলেছে।
• ১৫ মার্চ ২০১৭তে কলম্বোর পিসারা ওভালের ম্যাচটি দিয়ে শততম টেস্টের মাইলফলক স্পর্শ করেছিল লাল-সবুজের ক্রিকেট।
• ১৯ মার্চ ২০১৭তারিখে উক্ত ম্যাচে ৪ উইকেটে এক অভূতপূর্ব জয়লাভ করে বাংলাদেশ।
• একদিকে নিজেদের শততম টেস্ট জয়, অন্যদিকে বিদেশের মাটিতে শক্তিশালী কোনো দলের বিপক্ষে প্রথমবার জয়, সবমিলিয়ে বাংলাদেশের ক্রিকেট ইতিহাসে স্মরণীয় হয়ে থাকবে এ ম্যাচ।
**Ans : A.**

**১৫. 'সিক্স মেশিন' কোন ক্রিকেটারের আত্মজীবনী?**

A. ক্রিস গেইল B. শহীদ আফ্রিদি
C. শচীন টেন্ডুলকার D. ব্রায়ান লারা

ব্যাখ্যা: • ক্যারিবীয় ব্যাটসম্যান ক্রিস গেইল এর আত্মজীবনী হলো 'সিক্সমেশিন'।
• বইটিতে ওয়েস্ট ইন্ডিজের ব্যাটসম্যান ক্রিস গেইল এর জীবনের কথা তুলে ধরা হয়েছে।
• এছাড়াও বইটিতে ২০০৫ সালে গেইলের হার্ট অপারেশন, টেস্ট ক্রিকেট থেকে অবসর, উদ্যোম জীবনের বিভিন্ন দিক, ওয়েস্ট ইন্ডিজ ক্রিকেট বোর্ডের সাথে খেলোয়াদের দ্বন্দ্ব, টি২০ বিশ্বকাপ জয় সহ বিভিন্ন বিষয় বিস্তারিতভাবে উল্লেখ করা হয়েছে।
• ক্রিস গেইল ক্রিকেট জীবনে সাতশটির বেশি ছক্কা মেরেছেন। সেই কারণেই বইটির নাম এমন।
**Ans : A.**

**১৬. গারো জনগোষ্ঠী বাংলাদেশের কোন জনপদে বসবাস করে?**

A. ময়মনসিংহ B. রাজশাহী
C. সিলেট D. পার্বত্য চট্টগ্রাম

ব্যাখ্যা: • গারো ভারতের মেঘালয় রাজ্যের গারো পাহাড় ও বাংলাদেশের বৃহত্তর ময়মনসিংহ জেলায় বসবাসকারী আদিবাসী সম্প্রদায়।
• ভারতে মেঘালয় ছাড়াও আসামের কামরূপ, গোয়ালপাড়া ও কারবি আংলং জেলায় এবং বাংলাদেশের ময়মনসিংহ ছাড়াও টাঙ্গাইল, সিলেট, শেরপুর, জামালপুর, নেত্রকোনা, সুনামগঞ্জ, মৌলভীবাজার, ঢাকা ও গাজীপুর জেলায় গারোরা বাস করে।
• গারোদের সমাজে মাতৃতান্ত্রিক পরিবার প্রথা প্রচলিত।
• গারোদের ভাষার স্থানীয় নাম মান্দি ভাষা। তবে তাদের কোনো লিপি বা অক্ষর নেই।
**Ans : A.**

**১৭. বাংলাদেশের সুপ্রিম কোর্টে নিয়োগ প্রাপ্ত প্রথম নারী বিচারপতির নাম কি?**

A. জিনাত আরা B. নাজমুন আরা সুলতানা
C. শামসুন নাহার D. হোসনে আরা

ব্যাখ্যা: • নাজমুন আরা সুলতানা বাংলাদেশ সুপ্রিমকোর্টের" প্রথম নারী বিচারপতি।
• জেলা জজ হিসেবে ৯ বছর কাজ করার পর তিনি ২০০০ সালের ২৮ মে হাইকোর্টের অতিরিক্ত বিচারপতি হিসেবে নিয়োগ পান এবং দুই বছর পর হাইকোর্টে স্থায়ীভাবে যোগদান করেন।
• হাইকোর্টে স্থায়ীভাবে যোগদানের ৯ বছর পর ২০১১ সালের ২৩ ফেব্রুয়ারি আপিল বিভাগের প্রথম নারী বিচারপতি হিসেবে শপথ নেন তিনি।
**Ans : B.**

**১৮. শেখ হাসিনাকে নিয়ে লেখা মিশরীয় লেখকের বইয়ের নাম–**

A. হাসিনা হাকাইক আসাতি B. আসাতি হাসিনা হাকাইক
C. হাকাইক আসাতি হাসিনা D. হাকাইক হাসিনা আসাতি

ব্যাখ্যা: • মিশরের সাংবাদিক ও লেখক মোহসেন আল আরিশি আরবী ভাষায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে নিয়ে একটি বই রচনা করেন। এর নাম 'হাসিনা : হাকাইক ও আসাতি'
• আরবী ভাষায় লিখিত বই এর বাংলা অনুবাদ 'শেখ হাসিনা : যে রূপকথা শুধু রূপকথা নয়' অমর একুশে গ্রন্থমেলায় প্রকাশিত হয়েছে।
• অনূদিত বইটি প্রকাশ করেছে বাংলা একাডেমি।
**Ans : A.**

**১৯. এ বছর যৌথভাবে শান্তিতে নোবেল জয়ী নাদিরা মুরাদ কোন দেশের নাগরিক?**

A. ইরাক B. মিশর
C. সিরিয়া D. আফগানিস্তান

ব্যাখ্যা: • নাদিয়া মুরাদ প্রথম ইরাকি নোবেল পুরষ্কার বিজয়ী।
• তিনি ইসলামিক স্টেট কর্তৃক প্রায় তিন বছর বন্দী ছিলেন।
• ২০১৮-এ তাকে এবং কঙ্গো প্রজাতন্ত্রের নাগরিক চিকিৎসক ডেনিস মুকওয়েগেকে যৌথভাবে নোবেল শান্তি পুরষ্কারে ভূষিত করা হয়।
• মূলত যৌন সহিংসতা, যুদ্ধ এবং সশস্ত্র সংঘাত বন্ধের প্রচেষ্টা করার জন্য এ দুজনকে নোবেল পুরষ্কার প্রদান করা হয়।
**Ans : A.**

**২০. "There is no opposition, there is no democracy" –এ উক্তিটি কার?**

A. Socrates B. Ivor Jennings
C. Lord Brice D. John Lock

ব্যাখ্যা: • "There is no opposition there is no democracy" - উক্তিটি প্রখ্যাত শিক্ষাবিদ Ivor Jennings এর।
• Sir William Ivor Jennings, (১৬ মে ১৯০৩ - ১৯ ডিসেম্বর ১৯৬৫) একজন ব্রিটিশ আইনজীবী এবং বিশিষ্ট শিক ছিলেন।
• তিনি ক্যামব্রিজ বিশ্ববিদ্যালয় (১৯৬১-১৯৬৩) এবং সিলন বিশ্ববিদ্যালয় (১৯৪২-১৯৫৫) এর ভাইস চ্যান্সেলর হিসেবে কর্মরত ছিলেন।
**Ans : B.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

## গণিত (ঐচ্ছিক)

১. দ্বিমিক সংখ্যা 110011 এর দশমিক আকার কোনটি?

A. 61 B. 51 C. 71 D. 81

ব্যাখ্যা : $(110011)_2 = 1\times2^5 + 1\times2^4 + 0\times2^3 + 0\times2^2 + 1\times2^1 + 1\times2^0$
$= 32 + 16 + 0 + 0 + 2 + 1 = 51$
**Ans : B.**

২. $3x^2 - 7x + 42 = 0$, সমীকরণের দু'টি মূল যথাক্রমে $\alpha$ এবং $\beta$ হলে $\left(\frac{1}{\alpha}+\frac{1}{\beta}\right)$ এর মান কত?

A. –7/3 B. 7/3 C. 14 D. 1/6

ব্যাখ্যা : $3x^2 - 7x + 42 = 0$ হতে, $\alpha + \beta = 7$
$\alpha\beta = 42$
$\therefore \frac{1}{\alpha}+\frac{1}{\beta} = \frac{\alpha+\beta}{\alpha\beta} = \frac{7}{42} = \frac{1}{6}$
**Ans : D.**

৩. $\begin{bmatrix}1 & 2 & 1\\0 & 1 & -1\\3 & -1 & 1\end{bmatrix}\begin{bmatrix}1 & 2 & 1\\0 & 1 & -1\\3 & -1 & 1\end{bmatrix} = \begin{bmatrix}4 & 3 & 0\\-3 & 2 & -2\\6 & x & 5\end{bmatrix}$ হলে $x =$ কত?

A. 3 B. –2 C. –4 D. 4

ব্যাখ্যা : ১ম ম্যাট্রিক্সের ৩য় সারি এবং ২য় ম্যাট্রিক্সের ২য় কলাম হতে পাই,
$3\times2 + (-1)\times1 + 1\times(-1) = x$
$\therefore x = 4$
**Ans : D.**

৪. কোন বস্তুকণাকে u আদিবেগে সোজা উপরের দিকে ছুড়লে সর্বাধিক উচ্চতা কত হবে?

A. $\frac{u}{2g}$ B. $\frac{u}{g}$ C. $\frac{u^2}{2g}$ D. $\frac{2u}{g}$

ব্যাখ্যা : (i) t সময় পর বেগ, $v = u - gt$
(ii) t সময়ে অতিক্রান্ত উচ্চতা, $h = ut - \frac{1}{2}gt^2$
(iii) h উচ্চতায় উঠার পর বেগ, $v^2 = u^2 - 2gh$
(iv) সর্বোচ্চ উচ্চতা, $H = \frac{u^2}{2g}$
(v) সর্বোচ্চ উচ্চতা লাভের সময় $t = \frac{u}{g}$
(vi) বিচরণকাল বা ভ্রমণকাল বা উড্ডয়নকাল, $T = \frac{2u}{g}$
**Ans : C.**

৫. $4x^2 + 7y^2 = 28$ উপবৃত্তের বৃহদাক্ষের ও ক্ষুদ্রাক্ষের দৈর্ঘ্য কত?

A. 7, 4 B. $2\sqrt{7}$,4 C. $\sqrt{7}$,2 D. 4, 7

ব্যাখ্যা : $4x^2 + 7y^2 - 28$
$\therefore \frac{x^2}{7}+\frac{y^2}{4}=1$
$\therefore a^2 = 7 \Rightarrow a = \sqrt{7}$
$\therefore 2a = 2\sqrt{7}$ and
$b^2 = 4 \Rightarrow b = 2$
$\therefore 2b = 4$
**Ans : B.**

৬. $x^2 + y^2 - 12x + 4y + 15 = 0$ বৃত্তের ব্যাসার্ধ কত?

A. 2 B. 3 C. 4 D. 5

ব্যাখ্যা : $x^2 + y^2 - 12x + 4y + 15 = 0$
$\Rightarrow x^2 - 2.x.6 + 62 + y2 + 2.y.2 + 22 + 15 - 62 - 22 = 0$
$\Rightarrow (2-6)^2 + (y+2)^2 = 25 = 52$
$\therefore$ ব্যাসার্ধ, $r = 5$
**Ans : D.**

৭. $f(x) = 5^x$ হলে $f'''(0)$ এর মান কত?

A. $5^3$ B. 1 C. $(\ln5)^3$ D. 0

ব্যাখ্যা : $f(x) = 5^x \Rightarrow f'(x) = 5^x(\ln5)$
$\Rightarrow f''(x) = 5^x(\ln5)(\ln5)$
$\therefore f''(x) = 5^x(\ln5)^3$
$\therefore f'''(0) = (\ln5)^3$
**Ans : C.**

৮. $5x^2 + 5y^2 - 10x + 30y + 43 = 0$ বৃত্তের কেন্দ্রের স্থানাংক ও ব্যাসার্ধ কত?

A. (2, 3) ; 7 B. (1, –3) ; $\sqrt{7/5}$
C. (–1, –3) ; $\sqrt{7/5}$ D. (–2, 6) ; 7

ব্যাখ্যা : $5x^2 + 5y^2 - 10x + 3ay + 43 = 0$
$\Rightarrow x^2 + y^2 - 2x + 6y + \frac{43}{5} = 0$
$\Rightarrow x^2 - 2x + 1 + y^2 + 6y + 9 - 1 - 9 + \frac{43}{5} = 0$
$\Rightarrow (x-1)^2 + (y+3)^2 = \frac{7}{5} = \left(\sqrt{\frac{7}{5}}\right)^2$
$\therefore$ কেন্দ্র (1, –3) ব্যাসার্ধ $= \sqrt{\frac{7}{5}}$
**Ans : B.**

৯. যদি $\vec{x} = 2\hat{i} - 3\hat{j} - 4\hat{k}$ এবং $\vec{y} = 3\hat{i} + 5\hat{j} - 7\hat{k}$ হয়, তবে $\vec{y}$ ভেক্টরের উপর $\vec{x}$ ভেক্টরের অভিক্ষেপ কত?

A. $\frac{49}{\sqrt{29}}$ B. $-\frac{49}{\sqrt{29}}$ C. $\frac{49}{\sqrt{83}}$ D. $\frac{7}{\sqrt{83}}$

ব্যাখ্যা : $\vec{y}$ এর উপর $\vec{x}$ এর অভিক্ষেপ = $x\cos\theta$
এখানে, $x = |\vec{x}| = \sqrt{2^2 + (-3)^2 + (-4)^2} = \sqrt{29}$
$\cos\theta = \frac{\vec{x}.\vec{y}}{|\vec{x}||\vec{y}|}$
$= \frac{(2\hat{i}-3\hat{j}-4\hat{k}).(-3\hat{i}+5\hat{j}-7\hat{k})}{\sqrt{2^2+(-3)^2+(-4)^2}\times\sqrt{(-3)^2+5^2+(-7)^2}} = \frac{-6-15+25}{\sqrt{29}\sqrt{83}}$
$\therefore x\cos\theta = \frac{7}{\sqrt{29}\sqrt{83}}\sqrt{29} = \frac{7}{\sqrt{83}}$
**Ans : D.**

১০. (2, –3) এবং (7, 12) বিন্দু দিয়ে অতিক্রমকারী রেখার ঢাল কত?

A. –3 B. +3 C. 1/3 D. –1/3

ব্যাখ্যা : ঢাল, $m = \frac{12-(-3)}{7-2} = \frac{15}{5} = 3$
**Ans : B.**

Academic & Admission
pathshala
শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

১১. $\omega = -1 + i\sqrt{3}$ হলে $\omega^2 =$ কত?

A. 2 B. $1 + i$ C. $2(-1-i\sqrt{3})$ D. $-1-i\sqrt{3}$

ব্যাখ্যা : $\omega = -1 + i\sqrt{3}$

$\omega^2 = \left(-1+i\sqrt{3}\right)^2 = (-1)^2 + 2.(-1).i\sqrt{3} - (i\sqrt{3})^2$

$= 1 - 12\sqrt{3} - 3 = -2 - i2\sqrt{3} = 2(-1-i\sqrt{3})$

**Ans : C.**

১২. 12 জন ভদ্রলোক এবং 9 জন ভদ্রমহিলা দ্বারা পরিচালিত একটি কলেজের 9 জন ভদ্রলোক এবং 7 ভদ্রমহিলা দ্বারা একটি কমিটি কত প্রকারে গঠন করা যেতে পারে?

A. $12! \times 7!$ B. $9! \times 7!$ C. $3! \times 2!$ D. 7920

ব্যাখ্যা : কমিটি গঠনের উপায় $= 12C9 \times 9C7 = \frac{12!}{9!3!} \times \frac{9!}{7!2!} = 7920$

**Ans : D.**

১৩. মূল বিন্দু হতে $-\sqrt{3}x + y = 2$ সরল রেখার উপর অংকিত লম্ব x-অক্ষের সঙ্গে $\alpha$ কোন উৎপন্ন করলে $\alpha$ এর মান কত?

A. 150° B. 75° C. 60° D. 45°

ব্যাখ্যা : $x\cos\alpha + y\sin\alpha = P$

এখন, $-\sqrt{3}x + y = 2 \Rightarrow \left(\frac{\sqrt{3}}{2}\right)x + y.\left(\frac{1}{2}\right) = 1$

$\therefore \cos\alpha = \frac{\sqrt{3}}{2} = 150°$

**Ans : A.**

১৪. $\int e^x \cos e^x dx$ এর মান কোন্‌টি?

A. $\cos e^x$ B. $-\cos e^x$ C. $e^x \sin e^x$ D. $\sin e^x$

ব্যাখ্যা : $\int e^x \cos e^x dx$

ধরি, $ex = z$

$\therefore dz = e^x dx$

$\therefore \int e^x \cos e^x dx = \int \cos z dz = \sin z + c = \sin e^x + c$

**Ans : D.**

১৫. $\lim\limits_{x\to 0} \frac{2-2\cos x}{x^2} = ?$

A. $\infty$ B. 0 C. 2 D. 1

ব্যাখ্যা : $\lim\limits_{x\to 0} \frac{2-2\cos x}{x^2} = \lim\limits_{x\to 0} \frac{2(1-\cos x)}{x^2}$

$= \lim\limits_{x\to 0} \frac{2.2\sin^2\left(\frac{x}{2}\right)}{x^2} = \lim\limits_{x\to 0} \frac{2.2\sin^2\left(\frac{x}{2}\right)}{\left(\frac{x}{2}\right)^2.2^2} = \lim\limits_{x\to 0} \left[\frac{\sin\left(\frac{x}{2}\right)}{\left(\frac{x}{2}\right)}\right]^2 = 1$

**Ans : D.**

১৬. $f(x) = x - 1$ হলে $f^{-1}(1) =$ কত?

A. 0 B. 1 C. –2 D. 2

ব্যাখ্যা : $f(x) = y - 1 = y \Rightarrow x = y + 1$

$\therefore f^{-1}(y) = x = y + 1$

$\therefore f^{-1}(1) = 1 + 1 = 2$

**Ans : D.**

১৭. $M = \begin{bmatrix} 3 & 4 & 5 \\ 1 & 2 & 3 \\ 6 & 8 & 10 \end{bmatrix}$ নির্ণায়কের মান কত?

A. –12 B. 32 C. 0 D. –20

ব্যাখ্যা : $|M| = 3\begin{vmatrix} 2 & 3 \\ 8 & 10 \end{vmatrix} - 4\begin{vmatrix} 1 & 3 \\ 6 & 10 \end{vmatrix} + 5\begin{vmatrix} 1 & 2 \\ 6 & 8 \end{vmatrix}$

$= -12 + 32 - 20 = 0$

**Ans : C.**

১৮. $25x^2 - 4y^2 = 100$ অধিবৃত্তের উৎকেন্দ্রিকতা কত?

A. $\frac{\sqrt{29}}{2}$ B. $\frac{\sqrt{29}}{5}$

C. $\frac{\sqrt{21}}{5}$ D. $\frac{\sqrt{21}}{2}$

ব্যাখ্যা : $25x^2 - 4y^2 = 100 \Rightarrow \frac{x^2}{4} - \frac{y^2}{25} = 1$

$\therefore a^2 = 4, b^2 = 25$

$\therefore$ উৎকেন্দ্রিকতা $= \sqrt{1+\frac{b^2}{a^2}} = \sqrt{1+\frac{25}{4}} = \frac{\sqrt{29}}{2}$

**Ans : A.**

১৯. (2, 3) বিন্দুতে $y = 4x^3 + 2x^2 - 6x + 10$ এর ঢাল কত?

A. 38 B. 0

C. 50 D. 4

ব্যাখ্যা : $\frac{dy}{dx} = 12x^2 + 4x - 6$

$\therefore$ (2, 3) বিন্দুতে $\frac{dy}{dx} = 12(2)^2 + 4.2 - 6 = 48 + 8 - 6 = 50$

**Ans : C.**

২০. $\int_0^1 x^2 e^{x^3} dx = ?$

A. 1/3 B. (1/3)e

C. (1/3) (e –1) D. (1/3) ($e^2$ –1)

ব্যাখ্যা : $\int_0^1 x^2 e^{x^3} dx$

ধরি, $z = x^3 \Rightarrow dz = 3x^2 dx$

$\therefore x^2 dx = \frac{dz}{3}$

যখন, $x = 0$, তখন $z = 0^3 = 0$

$x = 1$ তখন $z = 1^3 = 1$

$\therefore \int_0^1 x^2 e^{x^3} dx = \int_0^1 \frac{e^z dz}{3} = \frac{1}{3}\left[e^z\right]_0^1 = \frac{1}{3}(e-1)$

**Ans : C.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার